

গোলাম মুরশিদ

বঙ্গদেশে
মুদ্রণ ও
প্রকাশনার
আদিপর্ব



একুশ আমাদের পরিচয়

বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনার ঐতিহ্য
[১৭৭৭-১৮১৭]

গোলাম মুরশিদ

বাংলা একাডেমী : ঢাকা

প্রকাশকাল

পৌষ ১৩৯২

ডিসেম্বর ১৯৮৫

বাং ১৮৫৩

পান্ডুলিপি : ভাষা-সাহিত্য উপবিভাগ ২০/৮৫-৮৬

প্রকাশক

বশীর আলহেলাল

পরিচালক

ভাষা-সাহিত্য-সংস্কৃতি ও পত্রিকা বিভাগ

বাংলা একাডেমী, ঢাকা

মুদ্রাকর

ইসলামিয়া প্রেস

৪/৫ খিলগাঁও চৌধুরীপাড়া (হাজীপাড়া)

ডি, আই, টি, রোড

ঢাকা—১৭

প্রচ্ছদ

কাজি হাসান হাবিব

মূল্য

পঞ্চাশ টাকা

BANGADESHE MUDRAN O PRAKASHANAR ADI-PARBA
(History of Early Printing in Bengal, 1777-1817) by Ghulam
Mursthid. Published by Bangla Academy, Dhaka, Bangladesh,
first edition December, 1985. Price; TK 50.00

অমর একুশে বাংলা একাডেমীর নিবেদন : ১৯৮৬

শ্রদ্ধাভাজনীয়া মৈত্রেয়ী দেবী
শ্রদ্ধাভাজনীয়া গৌরী আইয়ুব
শ্রদ্ধাভাজন অমিতাভ চৌধুরী
শ্রদ্ধাভাজন জাস্টিস এ. মাসুদ

—স্বাধীনতা সংগ্রামের সময়ে যাঁরা
অকুণ্ঠ স্নেহ ও আশ্রয় দিয়ে ছিলেন।

ভূমিকা

বঙ্গদেশে প্রথম গ্রন্থ প্রকাশিত হয় ১৭৭৭ অথবা ১৭৭৮ সালে অর্থাৎ বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনার ইতিহাস ত্রিশো বছরেরও পুরোনো। এই ইতিহাস নিয়ে বেশ কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ ইতিমধ্যে প্রকাশিত হয়েছে। কিন্তু আদি-পর্বের ইতিহাস এখনো স্পষ্ট নয়। এই গ্রন্থে সেই পর্বের ইতিহাস পুনর্গঠনের প্রয়াস দেখা যাবে। লেখাটি ১৯৭৩ সালে রচিত হয় এবং এর একাংশ সাহিত্যিকা-তে ১৯৭৭ সালে, অন্য অংশ বাংলা একাডেমী পত্রিকা-য় ১৯৮২ সালে প্রকাশিত হয়। বর্তমান গ্রন্থ সেই প্রবন্ধবহুরই পরিমার্জিত ও কিঞ্চিৎ পরিবর্ধিত রূপ।

এ গ্রন্থ প্রকাশে আগ্রহ দেখানোর জন্যে বাংলা একাডেমীর নিকট আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ।

গ্রন্থ রচনাকালে বরেন্দ্র রিসার্চ ম্যাজিস্ট্রিম লাইব্রেরির পরিচালক প্রফেসর মুখলেসদুর রহমান এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় লাইব্রেরির কর্মকর্তারা বিশেষ সহায়তা করেন। ব্রিটিশ ম্যাজিস্ট্রিম লাইব্রেরির কর্মকর্তা গ্রাহাম শ-ও অনেকগুলো মূল্যবান তথ্যের দিকে আমার দৃষ্টি আকর্ষণ করেন। তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাই।

এ গ্রন্থে ব্যবহৃত কয়েকটি আলোকচিত্র চিত্তরঞ্জন বন্দোপাধ্যায় সম্পাদিত দুই শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশন গ্রন্থ থেকে নেওয়া। সাহিত্যিকা ও বাংলা একাডেমী পত্রিকার সম্পাদকদের এবং দুই-শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশনা গ্রন্থের প্রকাশককে ধন্যবাদ।

রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

গোলাম মুরশিদ

বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনার গোড়ার কথা

সূচীপত্র

সূচনা	১-৬
প্রথম অধ্যায় উন্মেষ পর্ব, ১৭৭৮-১৭৯৯	৭-৩৪
দ্বিতীয় অধ্যায় বিকাশ পর্ব, ১৮০০-১৮১৭	৩৫-৫২
তৃতীয় অধ্যায় ক. হরফ নির্মাণ ও হরফের বিবর্তন খ. কাগজ তৈরি গ. প্রথম যুগে মুদ্রিত গ্রন্থে বাংলা বানান	৫৩-৯০ ৯১-৯৩ ৯৪-৯৮
চতুর্থ অধ্যায় বঙ্গদেশের মুদ্রণ ও প্রকাশনের আদি যুগের গ্রন্থ-তালিকা, ১৭৭৮-১৮১৭	৯৯-২০২
নির্বাচিত গ্রন্থপঞ্জী	২০৩
গ্রন্থপঞ্জী	২০৪-২০৬

আলোক চিত্রের সূচী

হ্যালহেডের A Grammar of Begal Language-এর আখ্যাপত্র ।	১৫
হিকির Bengal Gazette-এর আখ্যাপত্র ।	২০
হ্যালহেডের ব্যাকরণের এক পৃষ্ঠা (পৃষ্ঠা সংখ্যা ৩৯) ।	৬০
হ্যালহেডের হাতের লেখার ও লন্ডনে বাংলা ছাপার নমুনা ।	৬১
হ্যালহেডের ব্যাকরণে ছোটো হরফে মুদ্রিত একটি বাংলাচিহ্নি ।	৬২
হ্যালহেডের ব্যাকরণে যুক্তাক্ষরের নমুনা ।	৬২
বোল্ট্‌স্ ও উইলকিন্সের হরফের নমুনা ।	৬৩
হ্যালহেডের Gentoo Laws গ্রন্থে মুদ্রিত বাংলা হরফের নমুনা ।	৬৪
উইলিআম জোন্স্ সম্পাদিত ঋতুসংহার (১৭৯২)-এর একটি পৃষ্ঠা ।	৬৬
আপজনের অভিধানের একটি পৃষ্ঠা ।	৬৭
কেরী অনূদিত ধর্মপুস্তকের আখ্যাপত্র (১৮০১) ।	৭২
ধর্মপুস্তকের একটি পৃষ্ঠা ।	৭৩
রামায়ণের আখ্যাপত্র (১৮০৩) ।	৭৪
রামায়ণের একটি পৃষ্ঠা ।	৭৫
মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং-এর আখ্যাপত্র (১৮০৫) ।	৭৬
ইতিহাসমালার একটি পৃষ্ঠা (১৮১২) ।	৭৭
সমাচার দর্পণ-এর আখ্যাপত্র (১৮১৮) ।	৭৮
উইলিআম পীআর্স উদ্ভাবিত বাংলা হরফ (১৮২০) ।	৭৮
প্রবোধচন্দ্রিকার একটি পৃষ্ঠা (১৮৩৩) ।	৮০
মুদ্রিত হরফের বিবর্তন, ১৭৭৮-১৮৩৩ ।	৮১

এই লেখকের অন্যান্য গ্রন্থ

রবীন্দ্রবিশ্বে পূর্ববঙ্গ : পূর্ববঙ্গে রবীন্দ্রচর্চা। ঢাকা : বাংলা একাডেমী, ১৯৮১।

সমাজসংস্কার আন্দোলন ও বাংলা নাটক, ১৮৫৪-১৮৭৬।

লেখকের পি-এইচ. ডি, অভিসন্দর্ভের ওপর ভিত্তি করে রচিত গ্রন্থ, বাংলা একাডেমী, ১৯৮৪।

সংকোচের বিহ্বলতা : আধুনিকতার অভিঘাতে বঙ্গরমণীর প্রতি-ক্রিয়া। *Reluctant Debutante* গ্রন্থের বঙ্গানুবাদ, বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিতব্য।

সূচনা

ভারতবর্ষীয় অন্যান্য ভাষার তুলনায় মুদ্রণের দিক দিয়ে বাংলা এতো এগিয়ে গেছে এবং বাংলা ভাষায় এতো গ্রন্থ ও পত্র-পত্রিকা প্রকাশিত হয়েছে যে, হঠাৎ একথা মনে হয় না, বাংলা ভাষায় বা বঙ্গদেশে মুদ্রণের বয়স মাত্র দুশো বছর। বিশেষ করে, যে-বাংলা গদ্যের এতো সমৃদ্ধি হয়েছে, তাতে প্রকাশিত প্রথম গ্রন্থ যে মুদ্রিত হয় মাত্র দুশো বছর আগে, সহজে সে কথা বিশ্বাস হতে চায় না। আসলে বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনা অপেক্ষাকৃত কম সময়েই যথেষ্ট এগিয়ে গেছে, বাংলা গদ্যের মতোই। তবে মুদ্রণের ঐতিহ্য এবং মান যেমনই হোক না কেন, বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনা সম্পর্কে বিস্তারিত এবং প্রামাণ্য রচনা খুব বেশি প্রকাশিত হয়নি।

এ বিষয়ে মুহাম্মদ সিদ্দিক খানের বাংলা মুদ্রণ ও প্রকাশনার কথা (ঢাকা : বাংলা একাডেমী, ১৯৬৪) প্রথম সবচেয়ে উল্লেখযোগ্য গ্রন্থ। বাংলা মুদ্রণ সম্পর্কে এর চেয়ে বিস্তৃত আলোচনা এ বই-এর আগে আর প্রকাশিত হয়নি। প্রধানত উইলিআম কেরিকে নিয়ে লেখা কয়েকটি জীবনীগ্রন্থ এবং সজনীকান্ত দাস আর ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের রচনার ওপর ভিত্তি করে এ গ্রন্থ লিখিত হয়। তবে এতে এমন অনেক তথ্য আছে, যা এখন ভ্রান্ত বলে বিবেচিত হয়। তা ছাড়া, এর রচনারীতিও অত্যন্ত শিথিল। আলাদা আলাদা প্রবন্ধ হিসেবে গ্রন্থের বিভিন্ন অংশ রচনা ও প্রকাশ করেন বলে, গ্রন্থে গুনরাবৃত্তি এবং পরস্পরবিরোধী উক্তি'র সমাবেশ ঘটেছে।

সবিতা চট্টোপাধ্যায়ের বাঙ্গালা সাহিত্যে ইউরোপীয় লেখক (কলকাতা : ফার্মা কে. এল. মুখোপাধ্যায়, ১৯৭২) গ্রন্থে বাংলা মুদ্রণ ও প্রকাশনার আদি যুগের দু-একটি অনুদ্ঘাটিত তথ্য পরিশোধিত হয়েছে বটে, কিন্তু এ গ্রন্থের লক্ষ্য ছিলো ভিন্ন। অতুল সুরের বাংলা মুদ্রণের দুশো বছর (কলকাতা : জিজ্ঞাসা, ১৯৭৮) সংক্ষিপ্ত, কিন্তু মূল্যবান রচনা। অবশ্য টাইপ ও কাগজ তৈরি এবং প্রেস প্রতিষ্ঠা সম্পর্কে লেখক যতোটা আলোচনা করেছেন, বঙ্গদেশে মুদ্রণ

ও প্রকাশনা বিষয়ে ততোটা সময় নিয়োজিত করেননি। তা ছাড়া, তিনি বহুল পরিচিত কিছু গ্রন্থাদি বাতীত প্রাথমিক উপকরণ তেমন ব্যবহার করেননি।

সজনীকান্ত দাসের বাংলা গদ্য সাহিত্যের ইতিহাস (দ্বিতীয় সং, কলকাতা : মিত্র ও ঘোষ, ১৯৬২) এবং ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের গঙ্গাকিশোর ভট্টাচার্য (পঞ্চম সং; কলকাতা : বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ১৯৫৫), এবং 'বাংলা হরফের জন্মকথা', 'ভারতবর্ষ' (আষাঢ়, ১৩৪৪) সংক্ষিপ্ত এবং বেশ কিছুকাল আগে প্রকাশিত হলেও, তাতে মৌলিক গবেষণার সাক্ষর আছে। K. S. Diehl-এর *Early Indian Imprints* (New York : Scarecrow Press, 1964) এবং 'Bengali Types and Their Founders', *Journal of Asian Studies* (February 1968) নতুনতর উপাদান উদ্ঘাটন করে। আমার 'বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনার প্রথম চল্লিশ বছর, ১৭৭৮-১৮১৭', সাহিত্যিকী, ১৪শ বর্ষ, শরৎসংখ্যা (১৩৮৩-৮৪), পৃ. ৮০-১৪২ প্রবন্ধে বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনার পটভূমি এবং মাত্র চল্লিশ বছরের মধ্যে তা কেমন দ্রুত পরিণতি লাভ করে তার বিশ্লেষণ করেছি। সেই সঙ্গে টাইপ ও কাগজ তৈরি এবং মুদ্রণের সমস্যাদিসহ প্রথম দিককার মুদ্রণশালা ও কয়েকজন মুদ্রকের কথাও আলোচনা করেছি। তা ছাড়া এই প্রবন্ধের দ্বিতীয় ভাগে আমি সে সময়ে প্রকাশিত চার শতাধিক বইপত্রের একটি তালিকা সংযোজন করি। তবে এ তালিকা অত্যন্ত দীর্ঘ হওয়ায় সাহিত্যিকীর উপযুক্ত সংখ্যায় প্রকাশিত হয়নি, তার জন্যে আমার আরো কয়েক বছর অপেক্ষা করতে হয়েছিলো বাংলা একাডেমী গবেষণা পত্রিকার জন্যে।

বাংলা মুদ্রণ ও প্রকাশনা বিষয়ক সবচেয়ে সাম্প্রতিক এবং গুরুত্বপূর্ণ দুটি গ্রন্থ হলো চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় সম্পাদিত দুই শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশনা (কলকাতা : আনন্দ পাবলিশার্স, ১৯৮১) এবং Graham Shaw-এর *Printing in Calcutta to 1800* (London, The Bibliographical Society, 1981)। অঙ্গসৌষ্ঠবে এবং আয়তনে, বিবিধ বিষয় এবং বিপুল তথ্যে পূর্বে প্রকাশিত গ্রন্থাদির সঙ্গে এ দুটি গ্রন্থের তুলনাই চলে না। বিশেষ করে এ দুটি গ্রন্থেই ব্যবহৃত প্রাথমিক উপকরণের পরিমাণ খুবই

প্রণয়সনীয়, বিশেষ করে গ্রাহাম শ-এর বইতে। দুই শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশনায় মোট চল্লিশজন লেখকের চল্লিশটি প্রবন্ধ আছে। এর ফলে দোষগুণ দুই-ই স্পষ্ট হয়ে উঠেছে। লেখকগণের স্বাতন্ত্র্য যেমন তাঁদের রচনাসমূহে ধরা পড়েছে, তেমনি পুনরুজ্জ্বলিত দেখা দিয়েছে প্রবলভাবে। এমনকি, কোথাও কোথাও পরস্পরবিরোধী বক্তব্য এবং তথ্যও যে পরিবেশিত হয়নি, তা-ও নয়। কিন্তু এ জাতীয় সীমাবদ্ধতা সত্ত্বেও, সুখময় মুখোপাধ্যায়ের 'বাংলা মুদ্রণের পশ্চাৎপট,' শিশিরকুমার দাশের 'সাহেবদের ঠাকুর', বিনয় ঘোষের 'মুদ্রণ ও সংস্কৃতি', বরুণ মুখোপাধ্যায়ের 'বাংলা মুদ্রণের চার যুগ', সুবীর রায় চৌধুরীর 'বাংলা হরফের তিন দশা', অরবিন্দ পোন্দারের 'অনুবাদ সাহিত্য : একটি সমীক্ষার খসড়া', সুকুমার সেনের 'বটতলার বই', কমল সরকারের 'বাংলা বইয়ের ছবি', রঘুনাথ গোস্বামীর 'দুই শতকের গ্রন্থ চিত্রণ', চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের 'বোলট্‌সের বিচল হরফ' এবং অতুল সুরের 'কাগজ ও কালি' বিশেষভাবে উল্লেখযোগ্য। এ গ্রন্থের একাধিক প্রবন্ধে, বিশেষ করে শিশিরকুমার দাশ, সুবীর রায়চৌধুরী এবং চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় বাংলা হরফের বিবর্তন নিয়ে যে-আলোচনা করেছেন, তা নিঃসন্দেহে গবেষণার একটি নতুন দিগন্ত খুলে দিয়েছে। এ গ্রন্থের আর একটি অত্যন্ত মূল্যবান দিক হলো এতে অন্তর্ভুক্ত বহু আলোকচিত্র বিশেষ করে প্রাচীন গ্রন্থাদির অংক ও প্রচ্ছদ।

কিন্তু তাৎপর্যপূর্ণ অবদান সত্ত্বেও, এ গ্রন্থে মুদ্রণ ও প্রকাশনার আদিযুগ সম্পর্কে আমার প্রবন্ধে পরিবেশিত তথ্যের চেয়ে খুব বেশি তথ্য যে সংকলিত হয়েছে, তা নয়। এমনকি, আমার দেওয়া কোনো কোনো তথ্যও এ গ্রন্থে অনুপস্থিত। আমার প্রবন্ধটি রচিত হয় ১৯৭৩ সালে। (প্রবন্ধটি ১৯৭৩-এর ডিসেম্বরে সাহিত্যিকীর সম্পাদকের হাতে প্রকাশের জন্যে দিয়েছিলাম। কিন্তু তিনি সেটি ফেলে রাখেন।) আর প্রবন্ধটি প্রকাশিত হয় ১৯৭৭ সালে। চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় সম্পাদিত গ্রন্থটির প্রকাশকাল ১৯৮১। তা সত্ত্বেও, দুই শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশনার দীর্ঘ গ্রন্থতালিকায় আমার প্রবন্ধের কোনো উল্লেখ

নেই। অনুমান করি, রাজশাহী থেকে প্রকাশিত বলেই প্রবন্ধটি প্রখ্যাত লেখকদের দৃষ্টি এড়িয়ে গেছে। কিন্তু আমার রচনায় পরিবেশিত তথ্যসমূহ বৃহত্তর পাঠকসমাজের দৃষ্টিগোচর হওয়ার প্রয়োজনীয়তা এখনো ফুরিয়ে যায়নি বলেই মনে করি।

বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনা সম্পর্কে এযাবৎ প্রকাশিত সবচেয়ে মূল্যবান গ্রন্থ হলো শ-এর *Printing in Calcutta to 1800*। শ ব্রিটিশ ম্যাজিষ্ট্রাম লাইব্রেরির কর্মকর্তা। অষ্টাদশ শতাব্দীর শেষ দিকে কলকাতায় প্রকাশিত পত্র-পত্রিকার সবচেয়ে বড়ো সংগ্রহ আছে ব্রিটিশ ম্যাজিষ্ট্রাম আর ইণ্ডিয়া অফিস লাইব্রেরিতে। এই সব পত্রপত্রিকা ব্যবহার করে শ তাঁর গ্রন্থে প্রাথমিক তথ্যের যে-বিপুল সমাবেশ ঘটিয়েছেন, তা অসাধারণ। বঙ্গদেশে মুদ্রণ শুরু হবার পর থেকে প্রথম দু'দশকের বহু অনুদ্ঘাটিত তথ্যের সন্ধান মেলে তাঁর বই-এ। তবে তাঁর বই-এর আলোচ্য সময় ১৭৭৭ থেকে ১৭৯৯ সাল। তা ছাড়া, মুদ্রণ এবং প্রকাশনার ইতিহাস লেখা তাঁর মূল উদ্দেশ্য ছিলো না; সে সময়ে প্রকাশিত গ্রন্থাদির তালিকা তৈরিই ছিলো তাঁর লক্ষ্য। প্রসঙ্গত তিনি সে-কালের ছাপাখানা, হরফ নির্মাণ এবং ছাপাখানার সঙ্গে যুক্ত ব্যক্তিদের সম্পর্কে অনেক অজ্ঞাত তথ্য পরিবেশন করেছেন। তাঁর বই-এ যে অভাব প্রকট, তা বিশ্লেষণের।

কিন্তু বঙ্গদেশের মুদ্রণ ও প্রকাশনার ইতিহাসে ঊনবিংশ শতাব্দীর প্রথম দুই দশক আরো বেশি গুরুত্বপূর্ণ—গুরুত্বপূর্ণ বাংলা এবং দেশীয় অন্যান্য ভাষায় মুদ্রণের জন্ম। অষ্টাদশ শতাব্দীর শেষ দু'দশকে মুদ্রণকর্ম সীমাবদ্ধ ছিলো প্রধানত য়োরোপীয়দের মধ্যে, কয়েকটি আইনের বই আর অভিধান ছাড়া, ছাপার ভাষাও ছিলো প্রধানত য়োরোপীয় ভাষা। কিন্তু ঊনিশ শতকের প্রথম বিশ বছরে দেশীয়রা ছাপাখানার সঙ্গে সমধিক পরিমাণে যুক্ত হন এবং বহু দেশীয় ভাষায় ছাপার কাজ শুরু হয়। বিশেষ করে বাংলা ভাষায় মুদ্রণ এ সময়ে অনেকটা এগিয়ে যায়। এ সময়ের মুদ্রণ ও প্রকাশনার ইতিহাস এজন্যই খুব গুরুত্বপূর্ণ। আমার বইতে তারই খানিকটা অভাব পূরণের প্রয়াস আছে। তা ছাড়া, আলোচ্য কালে বঙ্গদেশে

যে গ্রন্থাদি প্রকাশিত হয়, তার অনেকগুলোর উল্লেখ যত্নতর থাকলেও, তার কোনো বিস্তৃত বিবরণ অথবা তালিকা এখনো প্রকাশিত হয়নি। কী ধরনের গ্রন্থাদি তখন প্রকাশিত হতো, সে-সব গ্রন্থের লেখকবৃন্দ কারা, কোন কোন ভাষায় তখন গ্রন্থাদি প্রকাশিত হয়—এ সবই মুদ্রণ ও প্রকাশনার পূর্ণাঙ্গ ইতিহাস রচনার পক্ষে আবশ্যিক। এদেশের সাময়িকপত্রের ইতিহাস রচনার জন্যেও এ তালিকা প্রণয়ন একান্ত প্রয়োজনীয়।

এ গ্রন্থের প্রথম অধ্যায়ে আমি ১৭৭৭ থেকে ১৭৯৯ সাল পর্যন্ত মুদ্রণ ও প্রকাশনার ইতিহাস নিয়ে আলোচনা করেছি। এই পর্বকে প্রস্তুতি-পর্ব বলাই বাঞ্ছনীয়। এই পর্বে, মুদ্রণের সূচনা হয় কেমন করে এবং কারা কারা এক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেন প্রসঙ্গত তা আলোচিত হয়েছে। এই পর্বে প্রকাশিত সাময়িকপত্রসমূহ, তাদের সম্পাদকবৃন্দ এবং সংবাদপত্রের প্রতি সরকারি বিরুদ্ধতা নিয়েও সংক্ষিপ্ত মন্তব্য করা হয়েছে।

১৮০০ সাল থেকে ১৮১৭ সাল পর্যন্ত সময়কে আমি বিকাশ পর্ব বলে আখ্যায়িত করেছি। এই পর্বেই মুদ্রণ ও প্রকাশন সত্যিকার-ভাবে পরিণতি লাভ করে। কেবল হরফ নির্মাণ-কৌশল উন্নত হয়, অধিক সংখ্যক এবং উন্নত মানের মুদ্রণশালা স্থাপিত হয়, উচ্চ-মানের কাগজ তৈরির চেষ্টা চলে, সরকারি প্রয়াস ছাড়াই অন্য গ্রন্থাদি রচিত হয়, তাই নয়, এই পর্বে বিভিন্ন মুদ্রণশালার মধ্যে রীতিমতো একটা প্রতিযোগিতা শুরু হয় এবং প্রকাশনা ব্যবসায়িক সাফল্য অর্জন করে। সবচেয়ে বেশি তাৎপর্যপূর্ণ ঘটনা—এই পর্বে ভারতীয় বহু ভাষার গ্রন্থাদি বঙ্গদেশ থেকেই প্রথমবারের মতো প্রকাশিত হয়, এমনকি চীনা ভাষার গ্রন্থও কলকাতা থেকে মুদ্রিত ও প্রকাশিত হয়। তবে এ সবেই পেছনেই সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে শ্রীরামপুরের ব্যাপটিস্ট মিশন প্রেস। এই প্রেসের জন্ম তারিখ ১৮০০ সালের ১০ জানুয়ারি। সে জনোই এই পর্বের প্রারম্ভিক তারিখ ধরা হয়েছে ১৮০০ সালকে।

১৮১৮ সাল থেকে যে-যুগের সূচনা তা পরিণতির। এ বছর শ্রীরামপুরের ব্যাপটিস্ট প্রেস ভাগ হয়ে যায়—কলকাতায় স্থাপিত হয়

এর একটি প্রধান অংশ। তাছাড়া এ বছর প্রথম দুটি বাংলা সাময়িক-পত্র প্রকাশিত হওয়ায়, মুদ্রণ ও প্রকাশনার ক্ষেত্রে যুগান্তরের সৃষ্টি হয়। আমি এ যুগের আলোচনা এ গ্রন্থের অন্তর্ভুক্ত করিনি।

গ্রন্থের শেষ পর্বে মুদ্রণের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে যুক্ত কয়েকটি প্রসঙ্গ নিয়ে আলোচনা করেছি। এগুলি হলো – এক, হরফ নির্মাণ; দুই, হরফের রূপান্তর; তিন, কাগজ তৈরি, এবং চার, বানানের বিবর্তন।

গ্রন্থের দ্বিতীয় ভাগে আলোচ্য কালে (১৭৭৮ থেকে ১৮১৭) বঙ্গদেশে প্রকাশিত গ্রন্থাদি ও পত্র-পত্রিকার একটি তালিকা দিয়েছি। সে সব উৎস থেকে এ তালিকা সংগৃহীত হয়েছে, তা দেখলেই বোঝা যাবে, এ তালিকা প্রণয়ন সহজ কাজ নয় এবং পূর্ণাঙ্গ তালিকা রচনা প্রায় অসম্ভব।

প্রথম অধ্যায়

উন্মেষ পর্ব

১৭৭৮-১৭৯৯

যুরোপে আবিষ্কারের এক শতাব্দীর মধ্যে^১ ভারতবর্ষে মুদ্রণযন্ত্রের আবির্ভাব ঘটে। উপমহাদেশের প্রথম মুদ্রণযন্ত্রটি ১৫৫৬ সালের সেপ্টেম্বর মাসে গোয়ায় স্থাপিত হয়।^২ কিন্তু তখনকার ভারতবর্ষীয় সমাজ অথবা রাষ্ট্র মুদ্রণযন্ত্রের বিকাশের উপযোগী ছিলো না। পল্লীভিত্তিক সমাজ, কৃষিভিত্তিক সভ্যতা, শিক্ষার অনগ্র-সরতা ছাপাখানার পৃষ্ঠপোষণা করতে পারে না। সেই জন্যই গোয়ার ছাপাখানাটি দেশের ওপর কোনো প্রভাব বিস্তার করতে পারেনি। বরং চার দশকের মধ্যে এই ছাপাখানাটির অস্তিত্বই বিলুপ্ত হয়।^৩ যেমন দৈবক্রমে এ যন্ত্রটি এদেশে এসেছিলো,^৪ তেমনি অগৌরবের

১. চালনযোগ্য মুদ্রাক্ষর দিয়ে ছাপা প্রথম গ্রন্থ বিখ্যাত ৩৬-লাইন বাইবেল মুদ্রিত হয় ১৪৫০ থেকে ১৪৬০ সালের মধ্যবর্তী কোনো সময়ে। S. Jennett, *Pioneer in Printing* (London, 1958). p. 15.
২. ৬ সেপ্টেম্বর, ১৫৫৬। A. K. Priolkar, *The Printing Press in India : Its beginning and early development* (Bombay, 1958) p. 2.
৩. ১৫৮৮ সাল পরবর্তী ২২ বছর গোয়া থেকে প্রকাশিত কোনো গ্রন্থের সন্ধান পাওয়া যায় না। Priolkar. p. 17.
৪. অনুরুদ্ধ হয়ে পর্তুগালের রাজা এই মুদ্রণ যন্ত্রটি পাঠান আভিসিনিয়ার রাজাকে। যে জাহাজ এই যন্ত্রটি নিয়ে যাচ্ছিলো সেটি Cape of Good Hope হয়ে প্রথমে আসে গোয়ায়। গোয়ার গভর্নরের অনুরোধে যন্ত্রের তত্ত্বাবধায়ক কিছুকালের জন্য গোয়াতেই থেকে যান। সেখানেই তাঁর মৃত্যু হয় ১৫৬২ সালে। এরপর কেউই আর প্রেসটি আভিসিনিয়ায় নিয়ে যাননি। Priolkar, pp. 3-5.

মধ্যে সে হারিয়ে যায়।^৫ এরপরের দু শতাব্দী প্রধানত দক্ষিণ ভারতীয় উপকূলের বিভিন্ন স্থানে কয়েকটি মুদ্রণযন্ত্র স্থাপিত হয়। গোয়ার ছাপাখানার মতোই এগুলোও প্রধানত ধর্মসংস্থাপনার্থে খ্রীস্টান মিশনারিদের দ্বারা আমদানিকৃত এবং বৃহত্তর সমাজ জীবনের সঙ্গে যোগাযোগরহিত। তবে এর মধ্যে একটি ছাপাখানা বিশেষভাবে উল্লেখের অপেক্ষা রাখে—এটি স্থাপিত হয় বোম্বাইতে, ১৬২৪-২৫ সালে। এটি স্থাপিত হয়েছিলো এক গুজরাটি উদ্রলোকের প্রচেষ্টায়।^৬ এ ছাপাখানায় কার্যত তেমন কোন কাজ না হলেও প্রথম ভারতবর্ষীয় কর্তৃক স্থাপিত মুদ্রণশালা হিসেবে এর একটি আলাদা মর্যাদা আছে।

খ্রীস্টান মিশনারিদের দ্বারা স্থাপিত ছাপাখানাগুলির মধ্যে একমাত্র ভ্রাণকুইবারের প্রেসটির অবদান তুলনামূলকভাবে বেশি। তার কারণ, প্রখ্যাত প্রোটেস্ট্যান্ট মিশনারি Ziegenbalg^৭ ধর্ম-প্রচারের উদ্দেশ্য ছাড়াও আর একটি মহৎ প্রেরণার দ্বারা উদ্ভুদ্ধ হয়েছিলেন— পরবর্তীকালে যা orientalism নামে পরিচিত হয়। বস্তুতপক্ষে, অষ্টাদশ শতাব্দীর শেষ পাদে উইলকিনস, হ্যালহেড, জোন্স, গ্লাডউইন, কোলব্রুক, গিলক্রিস্ট, কেরি প্রমুখ পণ্ডিত মিলে যে orientalism-এর ধারা পত্তন করেন, শতাব্দীর প্রথম পাদে Ziegenbalg-এ তারই উল্লেখ লক্ষ্য করি। স্থানীয় জনগণের ভাষা, সাহিত্য ও সংস্কৃতির প্রতি আন্তরিক অনুরাগ Ziegenbalg-এর কর্ম-প্রচেষ্টাকে একটি ব্যাপকতর পরিধি দান করেছিলো। এবং এজেনেই এদেশীয় ভাষার চর্চা ও শ্রীবৃদ্ধির মাধ্যমে তার প্রেসটি এদেশীয় সমাজকে

৫. ১৫৫৬ থেকে ১৫৮৮ সালের মধ্যে এ প্রেসে মুদ্রিত যে ১৩ খানা গ্রন্থের উল্লেখ পাওয়া যায়, সেগুলি ধর্মগ্রন্থ এবং এদেশের সমাজজীবনে তাৎপর্যবিহীন।

৬. রাধাপ্রসাদ গুপ্ত, 'ছাপাখানা : চীন থেকে চিনসুরা', চিত্তরঞ্জন বন্দোপাধ্যায় সম্পাদিত দুই শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশন (কলকাতা: আনন্দ পাবলিশার্স, ১৯৮১) গ্রন্থের অন্তর্ভুক্ত, পৃ. ১৮।

৭. Ziegenbalg সম্পর্কে নানা গ্রন্থে আলোচনা আছে। প্রামাণ্য ও সাম্প্রতিক আলোচনার জন্য দ্রষ্টব্য : E. A. Lehman, It began at Tranquebar : A History of the First Protestant Mission in India (Writtenberg, 1956),

নাড়া দিতে পেরেছিলে।^৮ প্রথম দেশীয় ভাষায় গ্রন্থ প্রকাশিত হয় তাঁর প্রেস থেকেই। কিন্তু, তবু বলতে হয়, সমাজকে গভীরভাবে প্রভাবিত করার মতো ক্ষমতা এ মুদ্রণযন্ত্রের ছিলো না।

প্রকৃতপক্ষে, শিক্ষার ব্যাপক প্রসার, শিক্ষিত ব্যক্তিদের কেন্দ্রীভূত সমাবেশ (যা নগর-জীবনেই সম্ভব) এবং রাষ্ট্রীয় ক্রিয়াকাণ্ডের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ ঘটলেই মুদ্রণযন্ত্র আবশ্যিক ও তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে। এই পরিবেশের সৃষ্টি হয়, অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে স্ট্রিট ইণ্ডিয়া কম্পানি বঙ্গদেশের শাসনক্ষমতা লাভের পর। বিশেষ করে কলকাতা নগরীতে এ সময়ে প্রেসের প্রয়োজনীয়তা প্রকট হয়ে ওঠে। এ যাবৎ কলকাতা বাণিজ্যিক কেন্দ্র হিসেবে গুরুত্বপূর্ণ ছিলো, কিন্তু ১৭৭৪ সালে ব্রিটিশ ভারতের রাজধানীর মর্যাদা লাভের পর এ নগরীর গুরুত্ব স্বাভাবিকভাবেই বৃদ্ধি পায়। তা ছাড়া, এ সময়ে কম্পানির সামরিক ও প্রশাসনিক কার্যকলাপও প্ৰভূত পরিমাণে বৃদ্ধি পায়। ফলে, একদিকে সরকারি অন্যদিকে ব্যাসায়নিক কার্যের জন্যে কলকাতায় মুদ্রণযন্ত্রের দীর্ঘকালের প্রয়োজনীয়তা এখন আত্যন্তিকভাবে দেখা যায়। ১৭৬৮ সালের সেপ্টেম্বর মাসে কম্পানির প্রাক্তন কর্মচারী উইলেম বোল্টস^৯ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ঘুরে ঘুরে একটি বিজ্ঞাপনে ঘোষণা করেন যে, কলকাতায় একটি ছাপাখানার অভাবে ব্যবসা ও পরস্পরের যোগাযোগের ব্যাপারে দারুণ অসুবিধের সৃষ্টি করেছে। সুতরাং মুদ্রণকার্যে অভিজ্ঞতাসম্পন্ন কেউ যদি একটি প্রেস স্থাপন করতে চান, তাহলে তিনি তাঁকে

৮. ziegenbalg-এর ছাপাখানার মুদ্রণকর্ম সম্পর্কে আলোচনার জন্যে দ্রষ্টব্য : V. Rosenkilde, "Printintg at Tranquebar, 1712-1845", The Library, 3rd series, vol. IV. এই প্রেস থেকে দেশীয় ভাষায় (মালাবারি ও তামিল) ব্যাকরণ ও অভিধানসহ অনেকগুলি মৌলিক ও অনুবাদমূলক গ্রন্থ প্রকাশিত হয়। দেশীয় ভাষার হরফ তৈরির একটি ফাউণ্ড্রিও এই প্রেসের সঙ্গে যুক্ত ছিলো।

৯ Willem Bolts (1740 ?—1808) একজন ডাচ ভাগ্যবৈষী। কলকাতায় আসেন ১৭৫৯ সালে। কম্পানির চাকুরি লাভ করে ইনি প্রচুর অসৎ অর্থ উপার্জনের পর ১৭৬৬ সালে চাকুরি থেকে পদত্যাগ করতে বাধ্য হন। ক্ষুব্ধ Bolts কম্পানির উর্ধ্বতন কর্মচারীদের

স্বথাসাধ্য সাহায্য ও উৎসাহ দেবেন।^{১০} এই বিজ্ঞাপন থেকে একই সঙ্গে কলকাতায় ছাপাখানার প্রয়োজনীয়তা এবং ১৭৬৮ সাল পর্যন্ত কলকাতায় তার অনুপস্থিতি প্রমাণিত হয়। কিন্তু প্রয়োজন এতো প্রকট হওয়া সত্ত্বেও, আরো নয় বছরের আগে কলকাতায় সম্ভবত কোন প্রেস স্থাপিত হয়নি।

তার নির্দেশে জ্যাকসন যুক্তাক্ষরবর্জিত বাংলা ব্যঞ্জন ও স্বরধ্বনির একটি সেট নির্মাণ করেন। হ্যালহেড তার ব্যাকরণে এই হরফসমূহকে বার্থ বলে অভিহিত করলেও,^{১১} এই হরফসমূহ খুব মন্দ ছিলো না। আমরা হরফের আলাচনা প্রসঙ্গে এ বিষয়ে বিস্তৃত-তর জানতে পারবো। তাছাড়া বোল্ট্‌স্ যাতে তার হরফ নির্মাণের কাজ অব্যাহত রাখেন, তার জন্যে ১৭৭৪ সালে হ্যালহেড তাঁকে অনু-রোধও জানিয়েছিলেন।^{১২} যাতে ষ্ট্রট ইণ্ডিয়া কম্পানি বাংলা হরফ নির্মাণে তাঁকে সহায়তা করে, তার জন্যে নব-নির্মিত এক সেট হরফের নমুনা সহ বোল্ট্‌স্ কম্পানির অন্যতম পরিচালক উইলিয়াম

বিরুদ্ধে আন্দোলন করতে থাকেন। সম্ভবত এই আন্দোলন জোরদার করার জন্যেই তিনি একটি প্রেস স্থাপনের কথা ভাবছিলেন। অন্তত তার বিজ্ঞাপনের দ্বিতীয়ার্ধ থেকে সেরূপ অনুমানই সম্ভব। কিন্তু বিজ্ঞাপন দেওয়ার অব্যবহিত পরেই কম্পানি তাঁকে গ্রেফতার করে ইংলণ্ডে পাঠিয়ে দেয়। লন্ডন থেকে ১৭৭২ সালে ভারতবর্ষে কম্পানির দুঃশাসন বিষয়ে তিনি *Consideration on Indian Affairs* নামক এক-খানি গ্রন্থ প্রকাশ করেন। এ থেকেও মনে হয়, কলকাতায় মুদ্রণযন্ত্র পেলে সেটাকে হয়তো তিনি সরকারের সমালোচনার কাজেই ব্যবহার করতেন। Bolts কলকাতায় প্রত্যাবর্তনের এবং একটি মুদ্রণযন্ত্র স্থাপনের পরিকল্পনাও হয়তো করে থাকবেন। এজন্যেই তিনি সম্ভবত লন্ডনের বিখ্যাত হরফ নির্মাতা Joseph Jackson-এর কাছে এক ফন্ট বাংলা হরফ নির্মাণের নির্দেশ দান করেন।

১০. H. E. Busteed, *Echoes from Old Calcutta* (2nd ed. ; Calcutta, 1888), p. 171 .

১১. N. B. Halhed, *A Grammer of Bengali Language* (Riprent ; Calcutta ; Ananda Publishers, 1980). p.XXIII.

১২. পবিত্র সরকার, 'হেলহেড : জীবন কথা'. দু শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশনা পৃ. ৩৮। এ গ্রন্থ অতঃপর বামুপ্র বলে উল্লেখিত।

জেমসকেও একটি অনুরোধপত্র পাঠিয়েছিলেন। ১৭৭৩ সালের সেপ্টেম্বর মাসে। এসব সত্ত্বেও শেষ পর্যন্ত বাংলা মূদ্রণের কাজ বোল্ট্‌স্‌ করতে পারেননি। তবে ভারতবর্ষে তিনি ফিরে এসেছিলেন ১৭৭৮ সালে, কিন্তু কম্পানির সমালোচক অথবা কর্মচারী হিসেবে নয়— অস্ট্রিয়ার রাজার প্রতিনিধি হিসেবে।^{১৩}

বঙ্গদেশে প্রথম ছাপাখানা স্থাপিত হয়, যদুর মনে হয়, ১৭৭৭ সালে। আর এই ছাপাখানা স্থাপনের কৃতিত্ব জেমস অগস্টাস হিকি নামক ভাগ্যান্বেষী এক ইংরেজ ভদ্রলোকের। একজন শল্যচিকিৎসকের সহকারী হিসেবে তিনি ১৭৭২ সালে কলকাতায় আসেন। কিন্তু তার আগে তিনি বিলেতে শিক্ষানবিস হিসেবে ছাপাখানায় কাজ করেন। কলকাতায় এসে সঙ্গে সঙ্গে তিনি ছাপাখানা নির্মাণের কথা ভাবেননি, বরং জাহাজ থেকে মালপত্র খালাশ করে তা বিক্রি করার ব্যবসা করতে থাকেন। ১৭৭৫-৭৬ সালে তাঁর মালপত্র পানিতে ডুবে যাওয়ায়, তাঁর দারুণ লোকশান হয়। দেনার দায়ে শেষ পর্যন্ত ১৭৭৬ সালের অক্টোবর মাসে তাঁর কারাদণ্ড হয়। তখনো তাঁর হাজার দুয়েক টাকা অবশিষ্ট ছিলো। কারাগার থেকেই তিনি অজ্ঞাত উপায়ে কিছু টাইপ সংগ্রহ করেন আর লোকেদের সাহায্যে একটি কাঠের প্রেস তৈরি করিয়ে নেন। পরের বছর ১৭৭৭ সালে কলকাতায় তিনি তাঁর প্রেস স্থাপন করেন। কলকাতার এটিই প্রথম ছাপাখানা— আর সেই সুযোগে তিনি বছর তিনেক একচেটিয়া ব্যবসা করেন। এ সময়ে তিনি ষ্ট্রট ইন্ডিয়া কম্পানির কিছু কাগজপত্র মুদ্রণ করেন।^{১৪}

১৩. বোল্ট্‌সের এই সৌভাগ্য অবশ্য দীর্ঘস্থায়ী হয়নি। শেষ পর্যন্ত ১৮০৮ সালে দারিদ্র্যের মধ্যে তিনি লন্ডনে মারা যান। N. L. Halward-এর রচিত Willem Bolts-এর একটি জীবনীগ্রন্থ পড়ার সুযোগ পেয়েছিলাম মেলবোর্ন বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে। এ গ্রন্থের প্রকাশনার তথ্যাদি হারিয়ে গেছে। বইটিতে বোল্ট্‌সের জীবনের বিস্তারিত আলোচনা থাকলেও, তাঁর বাংলা হরফ নির্মাণ ও মূদ্রণশালা স্থাপনের প্রয়াসের কথা প্রায় অনুল্লিখিত থেকে গেছে।

১৪. G. Shaw, *Printing in Calcutta to 1800* (London: The Bibliographical Society, 1981), pp. 51-52.

হিকি নিজের পরিচয় দিতেন কম্পানির মুদ্রক হিসেবে। *Bengal Gazette* পত্রিকার শেষে তিনি নিজের পরিচয় লিখতেন—‘first

এছাড়া উল্লেখযোগ্য যা মুদ্রণ করেন, তা হলো একাধিক পঞ্জিকা।^{১৫} তাঁর এই সাজানো ব্যবসা শুকিয়ে যায় ১৭৮০ সালে তিনি যখন তাঁর সাপ্তাহিক পত্রিকার প্রকাশ করেন, তারপর।

হিকির প্রেস স্থাপনের প্রায় সমকালে আর একটি প্রেস স্থাপিত হয় কলকাতার অদূরে—হুগলিতে। এই প্রেসেই মুদ্রিত হয় নাথালিয়েল হ্যালি হ্যালহেডের^{১৬} বিখ্যাত গ্রন্থ *A Grammer of Bengali Language*। আর যিনি এই গ্রন্থ মুদ্রণের কৃতিত্বের দাবিদার তিনি

and late printer to the Hon. Company.

১৫. *Ibid.*

১৬. Nathaniel Brassey Halhed ১৭৫১ সালে জন্মগ্রহণ করেন। হ্যারো এবং ক্রাইস্ট চার্চ অধ্যয়নের পরে কম্পানির চাকুরি নিয়ে তিনি বঙ্গদেশে আগমন করেন। ছাত্রজীবন থেকেই সাহিত্য ও ভাষা শিক্ষার প্রতি তাঁর ঝোঁক ছিলো। শেরিড্যানের সাহচর্যে সাহিত্য এবং উইলিয়াম জোন্সের প্রভাবে প্রাচ্য ভাষার প্রতি অনুরক্ত হন। অধ্যয়নকালে তিনি শেরিড্যানের সঙ্গে একত্রে 'The love of Epistle of Aristaenetus' কাব্য গ্রন্থ রচনা করেন। ১৭৭৬ সালে তাঁর *A Code of Gentoo Laws on Ordinations of the Pandits, from a Persian Translation* গ্রন্থ লন্ডন থেকে প্রকাশিত হয়। এই গ্রন্থে বাংলা বর্ণমালার একটি প্রেট মুদ্রিত হয়। হ্যালহেড খুব দ্রুত এবং সুন্দর বাংলা বলতে পারতেন। তাঁর সম্পর্কে বলা হয়েছে, তিনি দেশী পোশাক পরে দেশীয়দের মধ্যে অনায়াসে মিশে যেতে পারতেন। হ্যালহেড প্রথমে দেখান যে, সংস্কৃতের সঙ্গে পাশ্চাত্যের বিভিন্ন ভাষার শব্দসমূহের ধ্বনিগত আশ্চর্য মিল আছে। তাঁর ব্যাকরণের ভূমিকায় তিনি এই সাদৃশ্য সম্পর্কে দাবি করেন (পৃ. IX)। এদিক দিয়ে তুলনামূলক ভাষাতত্ত্বের ক্ষেত্রেও তাঁর দান কম নয়। প্রথম যুগের প্রাচ্যবিদ্যা-বিশারদ হিসেবেও তিনি বিশেষ উল্লেখযোগ্য।

হ্যালহেড সম্পর্কে মূল্যবান আলোচনা আছে নিখিল সরকার লিখিত একটি প্রবন্ধে। প্রবন্ধটি হ্যালহেডের ব্যাকরণের সাম্প্রতিক পুনর্মুদ্রিত সংস্করণের ভূমিকারূপে ব্যবহৃত হয়েছে। দ্রষ্টব্য : N. B. Halhed, *A Grammer of Bengal Language* (Reprint; Calcutta, 1980), Introduction, pp.7-33.

মুহাম্মদ আবদুল কাইয়ুম-এর একাধিক রচনায় এঁর সম্পর্কে মূল্যবান তথ্যাদি আছে। দৃষ্টান্তস্বরূপ দ্রষ্টব্য : 'হ্যালহেডের পূর্ববঙ্গীয় মুনশী', ভাষা-সাহিত্য পত্রিকা, ১৩৮৩ ; 'হ্যালহেডের বাংলা চর্চা,'

হলেন এই ছাপাখানার--হ্যালহেডের ডাষায় *metallurgist, engraver, founder* এবং *printer* - চার্লস উইলকিনস।^{১৭} হুগলির এই প্রেস যিনিই স্থাপন করে থাকুন না কেন, বঙ্গদেশের মুদ্রণ ও প্রকাশনার ইতিহাসে তাঁর অবদান নিঃসন্দেহে উল্লেখযোগ্য। মুহাম্মদ সিদ্দিক খান বলেছেন, এই প্রেসের নাম—মিস্টার অ্যানড্রু প্রেস।^{১৮} কিন্তু গ্র্যাহাম শা-এর মতে ১৭৭৮ সালে উইকিনসের তত্ত্বাবধানে কম্পানিই তাঁর নিজস্ব প্রেস স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। আর ১৭৭৯ সালে এই প্রেস মালদায় তাঁর কাজ শুরু করে।^{১৯} J. C. Ghosh-এর মতে, হ্যালহেডের ব্যাকরণ ছাপা হয় সরকারি প্রেসে।^{২০} এই উক্তি ভ্রান্ত বলেই মনে হয়, কারণ হ্যালহেডের ব্যাকরণ সাফল্যের সঙ্গে ছাপার পরই সরকার উইলকিনসকে সরকারি প্রেস স্থাপনের দায়িত্ব দেন। কিন্তু ১৭৭৯ সালে উইলকিনস ফ্যাকটরিসমূহের তত্ত্বাবধায়ক নিযুক্ত হন মালদায়--সুতরাং প্রেসটিই তাঁর সঙ্গে সঙ্গে মালদায় পাঠানো হয়। মালদায় তিনি অন্তত একটি গ্রন্থ মুদ্রণ করেছিলেন।^{২১} তারপর ১৭৮১ সালে তিনি ফারসি ও বাংলা অনুবাদকের পদে কলকাতায় স্থানান্তরিত হবার পর, প্রেসটিও কলকাতায় আনা হয়। এখানে ১৭৮৩ সালের শেষ পর্যন্ত

বামুপ্র। তা ছাড়া দ্রষ্টব্য তাঁর PhD নিবন্ধ।

আরো দ্রষ্টব্যঃ পবিত্র সরকারের পূর্বোক্ত প্রবন্ধ—‘হলহেড : জীবন ও কথা’, বামুপ্র।

১৭ হ্যালহেডের এই উক্তিটি আছে তাঁর ব্যাকরণের ভূমিকায় (পৃ. XXIV)। উইলকিনসের খ্যাতি কেবল মুদ্রণ ব্যাপারেই সীমাবদ্ধ নয়। বস্তুত, তাঁর প্রকৃত খ্যাতি প্রাচ্যবিদ্যাবিদ্যার দিশেবে। আমরা পরে এ বিষয়ে আরো আলোচনা করবো।

১৮ মুহাম্মদ সিদ্দিক খান, বাংলা মুদ্রণ ও প্রকাশনার গোড়ার কথা (ঢাকাঃ বাংলা একাডেমী, ১৯৬৪) পৃ. ২১।

মুদ্রক হিসেবে পরবর্তীতে অ্যানড্রু নাম আর শোনা যায়নি। সে থেকে সন্দেহ হয়, প্রেসটি অ্যানড্রু প্রেস ছিলো কিনা। তবে পরবর্তীতে কলকাতায় এক বড়ো পুস্তক ব্যবসায়ীর নাম ছিলো অ্যানড্রু।

১৯ G. Shaw, p. 69.

২০ J. C. Ghosh, *Bangali Literature* (London, 1948), p. 47.

২১ ফ্রানসিস গ্যাডউইনের অভিধান। পরে গ্রন্থতালিকা দ্রষ্টব্য।

উইলকিনসের তত্ত্বাবধানে এগারোখানা গ্রন্থ মুদ্রিত হয়।^{২২}

হ্যালহেডের বিখ্যাত ব্যাকরণটি প্রকাশিত হয় ১৭৭৮ সালে এবং সেই থেকেই এ ধারণা চালু হয়েছে যে, বঙ্গদেশে প্রথম ছাপাখানাটি ১৭৭৮ সালেই স্থাপিত হয়েছিলো।^{২৩} হ্যালহেডের বইটি যদি বঙ্গদেশে প্রকাশিত প্রথম গ্রন্থ হয়ে থাকে, তা হলেও প্রেসটি সে-বছরেই স্থাপিত হয়েছিলো - নিশ্চিতভাবে তা বলা যায় না। কারণ হ্যালহেডের বই প্রকাশিত হয় জুলাই মাসের শেষ দিকে।^{২৪} এ বই-এর পৃষ্ঠাসংখ্যা XXX+216; সুতরাং ছাপার জন্যে সেযুগে বেশ কয়েক মাস লাগার কথা। তা ছাড়া, বাংলা হরফ নির্মাণ করতে অপেশাদার উইলকিনসের দীর্ঘ সময় লাগাই স্বাভাবিক। সর্বোপরি, আলোচ্য গ্রন্থের মুদ্রণ পারিপাট্য দৃষ্টে এমনও মনে হতে পারে যে, এই বই আলোচ্য ছাপাখানার প্রথম ফসল নয়। এ বিষয়ে K. S. Diehl মনে করেন, 'The workmanship is so perfect that it cannot have been the first printing from that shop.'^{২৫}

২২ G. Shaw. pp. 69-70.

২৩ বঙ্গদেশে কেন, এই প্রেস ভারতবর্ষেই সর্বপ্রথম এমন ধারণাও ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের মতো পণ্ডিতের মনে স্থান পেয়েছে। Muslim Review পত্রিকায় প্রকাশিত (April-June, 1929) "Early Persian Newspapers in Calcutta" প্রবন্ধে তিনি বলেন, 'Printing Presses were unknown in India prior to 1778'. (p. 18.). একই পত্রিকায় প্রকাশিত (January-March, 1930) "Rammohun Roy and Freedom of Press in India" নামক অন্য একটি প্রবন্ধেও তিনি অনুরূপ উক্তি করেন। (p. 24)

বাংলা ব্যাকরণ মুদ্রণের জন্যে অর্থ বরাদ্দ হয় ১৭৭৮ সালের ফেব্রু-
আরি মাসে।

২৪ সঠিক তারিখ ১১ শ্রাবণ, ১১৮৫ বঙ্গাব্দ। সবিভা চট্টোপাধ্যায়, বাংলা সাহিত্যে ইউরোপীয় লেখক, পৃ. ১১৫।

২৫. K. S. Diehl, 'Bengali types and their Founders', Journal of, Asian Studies, Feb., 1968, p. 335.

বোধপূকাশ° শব্দশাস্ত্র°
ফিরিঙ্গিনামুদকারার্থ°
ফ্রিয়াডে হালেদঙ্গেজী

A
GRAMMAR
OF THE
BENGAL LANGUAGE

BY
NATHANIEL BRASSEY HALHED.

ইন্দ্রাদয়োপি যস্যান্ত° নয়যুঃ শব্দবারিধেঃ!
পুষ্টিয়ান্তস্য ক্বৎ মস্য ক্রমোবক্তু° নরঃ কথ°॥

PRINTED
AT
HOOGLY IN BENGAL

M DCC LXXVIII.

হ্যালহেডের ব্যাকরণের আখ্যাপত্র

কিন্তু সম্প্রতি গ্রাহাম শ যে-তথা আবিষ্কার করেছেন তার ফলে এই বিতর্কই অপ্রাসঙ্গিক হয়ে গেছে। তিনি স্কুল অব অরিয়েন্টাল অ্যান্ড অ্যাফ্রিকান স্টাডিজ (SOAS) লাইব্রেরিতে হিকির ছাপা ১৭৭৮ সালের একখানা পঞ্জিকা খুঁজে পেয়েছেন।^{২৬} তখন পঞ্জিকা সাধারণত বছর শুরু হবার আগেই প্রকাশিত হতো।

২৬. G. Shaw, p. 74.

সুতরাং ১৭৭৮ সালের পঞ্জিকা ১৭৭৭ সালেই প্রকাশিত হয়েছিলো—
এরূপ অনুমানই সঙ্গত। এমনকি যদি ১৭৭৭ সাল শেষ হবার আগেই
এ বই প্রকাশিত না হয়ে থাকে, তা হলেও ১৭৭৮ সালের গোড়াতেই
প্রকাশিত হয়েছিলো, প্রায় নিঃসন্দেহে একথা বলা যায়। আর তা
থেকেই প্রমাণিত হয়, হ্যালহেডের ব্যাকরণ বাংলাদেশে প্রকাশিত
প্রথম গ্রন্থ নয়, অথবা উইলকিনস-পরিচালিত ছাপাখানাটিও প্রথম
ছাপাখানা নয়। প্রথম ছাপাখানা স্থাপনের কৃতিত্ব হিকিরই প্রাপ্য।

সরকারি প্রেসটি কলকাতার বদলে হুগলিতে কেন স্থাপিত হয়।
সে প্রশ্ন অত্যন্ত সঙ্গত। বিশেষ করে প্রাচ্য ভাষায় মুদ্রণোপযোগী
একটি প্রেসের প্রয়োজনীয়তা কম্পানি যখন অনুভব করছিলো।
ওয়ালেন হেষ্টিংস নিজে বাংলা এবং উর্দু সহ বেশ কয়েকটি প্রাচ্য
ভাষা জানতেন এবং মনে করতেন যে, শাসিতের হৃদয় পৌঁছার
সবচেয়ে সহজ পথ হলো দেশীয় ভাষার ব্যবহার। একারণে, শাসন-
কার্যের সুবিধার্থে তিনি ভারতীয় ভাষা সমূহের প্রতি বোঁক দিয়ে-
ছিলেন। তিনি আশা করেন, তাঁর কর্মচারীরা এদেশের সংস্কৃতির
সঙ্গে কেবল পরিচিতই হবেন না, বরং আন্তরিকভাবে তাঁর প্রতি
শ্রদ্ধাশীল হবেন।^{২৭} হেষ্টিংসের প্রশাসনিক কাজে এজন্য
দেশীয় ভাষায় মুদ্রণোপযোগী একটি ছাপাখানার প্রয়োজনীয়তা
আত্যন্তিক হয়ে ওঠে।^{২৮} হিকির প্রেসে সরকার কিছু কিছু কাগজ-
পত্র ছাপতে শুরু করেছিলো, তবে সেখানে দেশীয় ভাষায় ছাপার
ব্যবস্থা ছিলো না। হ্যালহেডের ব্যাকরণ সূষ্ঠাভাবে মুদ্রণের কাজ
সম্পন্ন করার পর ১৭৭৯ সালে উইলকিন্স হুগলিতে এই দায়িত্ব

২৭. D. Kopf. *British Orientalism and the Bengal Renai-
ssance* (Berkeley, 1969). pp. 15-18.

২৮. দেশীয় ভাষা শিক্ষার বিষয়ে হেষ্টিংস এতোই উৎকণ্ঠিত ও আগ্রহী
ছিলেন যে, বাংলা ব্যাকরণ মুদ্রণের জন্যে তিনি কেবল বন্ধু চার্লস
উইলকিন্স এবং হ্যালহেডকে অনুরোধ করেই ক্ষান্ত হননি, বরং মুদ্র-
ণের জন্যে প্রচুর অর্থও বরাদ্দ করেন। এই অর্থ বরাদ্দ ছিলো লনডনে
পরিচালকদের অনুমোদনসাপেক্ষ। কিন্তু অনুমোদনের আগেই তিনি
অর্থ প্রদানের ইচ্ছা দেন। পরিচালকরা অনুমোদন না করলে অর্থ
প্রদানের দায়িত্ব নিজেই গ্রহণ করেন। আরো দ্রষ্টব্য : Kopf, p. 20.

পালন করতে শুরু করেন। এবং এ বছরই তিনি এক ফন্ট ফারসি হরফ তৈরি করেন।^{২৯} বাংলা হরফ তো আগের বছরই নির্মিত হয়েছিলো।

১৭৭৯ সালের গোড়া থেকেই সরকারি কাগজপত্র এই প্রেসে মুদ্রিত হতে থাকে—একখানি সরকারি চিঠি থেকে এরূপ অনুমান করা যায়। এ বছরের ৮ জানুয়ারি তারিখে কম্পানির Revenue Department থেকে লিখিত এই চিঠিতে General Department-কে জানানো হয়, গবর্নর জেনারেল ও কাউন্সিল চার্লস উইলকিনসের তত্ত্বাবধানে একটি মুদ্রণশ্রম স্থাপন করা উচিত বলে বিবেচনা করেছেন এবং অতঃপর মুদ্রণের জন্যে যাবতীয় কাগজপত্র এই প্রেসে পাঠানো যেতে পারে। এই পত্রে মুদ্রণের ব্যয়ের জন্যে হারও উল্লিখিত হয়।^{৩০} সরকারি কাজের জন্যে প্রেসটি অদূর-ভবিষ্যতে কলকাতায় স্থানান্তরিত হয়েছিলো। পরের বছর উইলকিনসের সঙ্গে প্রেসটি মালদায় যায় এবং ১৭৮১ সালে সেটি আবার তাঁর সঙ্গে কলকাতায় ফিরে আসে—আগেই তা লক্ষ্য করেছি। কলকাতায় স্থাপনের পর যে বইটি সবার আগে তিনি ছাপেন, সেটি তাঁরই অনুবাদ।^{৩১} দুবছর পর ১৭৮৩ সালের শেষে তিনি স্বাস্থ্যগত কারণে কাশী চলে যান এবং সরকারি প্রেসের দায়িত্ব পান প্রাচ্যবিদ্যা-বশারদ ফ্রান্সিস গ্যাডউইন।^{৩২}

২৯ G. Shaw, pp.69-70,

৩০ সজনীকান্ত দাসের বাংলা গদ্যের ইতিহাস গ্রন্থে উদ্ধৃত, পৃ. ৩১

Folio এক পৃষ্ঠা ৩ টাকা ; বাংলা ৫ টাকা।

দুই পৃষ্ঠা ৫ টাকা ; বাংলা ৭ টাকা। সজনীকান্ত দাস মনে করেন, ছাপাখানা স্থাপনের এই সংকল্প কার্যে পরিণত হয়নি। এর অবশ্য কোনো প্রমাণ তিনি দেননি। অপর পক্ষে শ এবং K. Feiling-এর রচনা থেকে বোঝা যায়, প্রেস অবশ্যই চালু হয়েছিলো। G. Shaw, p. 69; K. Feiling, *Warren Hastings* (London, 1966). p. 236.

৩১ গ্রন্থ-তালিকা দ্রষ্টব্য।

৩২ G. Shaw, p. 70. গ্যাডউইন প্রেসটি অন্যের কাছে হস্তান্তর করেন ১৭৮৭ সালের মাঝামাঝি।

হিকি এবং সরকারি প্রেস দুটি বাদ দিলে কলকাতায় তৃতীয় যে-প্রেসটি স্থাপিত হয় তার কৃতিত্ব John Zakariah Kiernander-এর। তিনি ছিলেন একজন সুইডিশ মিশনারি। ১৭৫৮ সালে তিনি কলকাতায় আসেন। ধর্ম প্রচারের কাজে সাহায্য হবে মনে করে তিনি একটি প্রেস স্থাপনের সংকল্প করেন। ১৭৭৯ সালের মার্চ মাসে লণ্ডনের Society for Promoting Christian Knowledge-এর তরফ থেকে তাঁকে একটি প্রেস এবং কিছু টাইপ পাঠানো হয়। তবে প্রেস স্থাপন করতে করতে ১৭৭৯ সাল শেষ হয়ে গিয়েছিলো, মনে হয়। তাঁর প্রেসে ছাপা ১৭৮০ সালের একখানা বই-এর সন্ধান পাওয়া গেছে। ধর্মীয় কয়েকটি গ্রন্থ এবং পঞ্জিকাই তিনি ছেপেছিলেন।^{৩৩}

অল্প কালের মধ্যেই তাঁর সঙ্গে হিকির বিরোধ শুরু হয়। এই বিরোধের অব্যবহিত কারণ কিয়ারন্যান্ডার কলকাতায় আর একটি প্রেস স্থাপন করার জন্যে মেসিককে কিছু টাইপ দিয়ে সাহায্য করেছিলেন। আর মেসিক তাঁর পেস থেকে দাপ্তারিক *India Gazette* পত্রিকা প্রকাশ করেন। এই পত্রিকাকে হিকি তাঁর অস্তিত্বের প্রতি হুমকিস্বরূপ গণ্য করেন। হিকি তাই রাত্ ভাষায় অন্যায়ভাবে কিয়ারন্যান্ডারকে আক্রমণ করেন। ১৭৮১ সালের জুন মাসে হিকির যখন কারাদণ্ড হয় তখন তাঁর বিরুদ্ধে অন্যতম অভিযোগ ছিলো কিয়ারন্যান্ডারের বিরুদ্ধে কুৎসাপ্রচার।^{৩৪}

বঙ্গদেশে বেসরকারি উদ্যোগে ছাপাখানা প্রতিষ্ঠায় হিকি এবং কিয়ারন্যান্ডার উভয়ই অগ্রণীর ভূমিকা পালন করেন। ছাপাখানা তখনো এদেশে জনপ্রিয় ছিলো না—বেসরকারি কাজকর্ম সেখানে সামান্যই হতো। এই পরিবেশে ছাপাখানা টিকিয়ে রাখা শক্ত কাজ ছিলো। বাস্তবজ্ঞানবজ্জিত হিকি এবং কিয়ারন্যান্ডার কেউই এজন্যে দীর্ঘদিন তাঁদের প্রেস বাঁচিয়ে রাখতে পারেননি। ১৭৮১ সালের মাঝামাঝি সময়ে জেলে যাবার পর হিকি কয়েক মাস তাঁর পত্রিকাটি চালু রেখেছিলেন। কিন্তু সরকার এবং পুভাবশালী ব্যক্তিদের প্রতি তাঁর আক্রমণ অব্যাহত থাকায় ১৭৮২ সালের মার্চ মাসের

৩৩ *Ibid.*, p. 56.

৩৪ *Ibid.*, pp. 56-57.


শেষে সরকার হিকির প্রেসের টাইপগুলো বাজেয়াপ্ত করেন। ফলে তাঁর পত্রিকা এবং প্রেস উভয়ই বন্ধ হয়ে যায়। ১৭৮৫ সালে হেস্টিংসের দয়ায় হিকি কারাগার থেকে ছাড়া পান বটে, তবে তিনি আর প্রেস বা পত্রিকা চালানোর চেষ্টা করেননি। অতঃপর চিকিৎসক এবং শল্যচিকিৎসক হিগেবেই তিনি জীবিকা উপার্জন করেন। তবে ১৮০২ সালে মৃত্যুর পূর্ব পর্যন্ত তাঁর ভগ্ন মুদ্রণযন্ত্রটি এবং প্রায় পাঁচশ পাউণ্ড দামের টাইপ তাঁর হাতে ছিলো।^{৩৫} মুদ্রণযন্ত্র স্থাপন এবং পত্রিকা পরিচালনায় যে প্রয়াস হিকি করেছিলেন তখনকার কলকাতায় তা বিশেষ সাড়া জাগালেও, এখন দু শতাব্দীর ব্যবধানে তার দিকে তাকালে এক নিতান্তই একটি সাময়িক প্রয়াস বলে মনে হয়। তবে হিকির ঐতিহাসিক ভূমিকা এই যে, তাঁর নিজের প্রয়াস ক্ষণজীবী হলেও, তাঁর আমদানির পর প্রেস ছাড়া এদেশের আর চলেনি, চলেনি সংবাদপত্র ছাড়াও।^{৩৬} একজন সমালোচক হিকির *Bengal Gazette* পত্রিকার পরিচয় দিয়েছেন এভাবে—'4 Pages of foolscap, 3 narrow columns of indifferently printed matter.....'^{৩৭} *Bengal Gazette* নীতি

৩৫ W. Foster, 'James Augustus Hicky: Some New Facts', *Bengal Past and Present*, Oct-Dec, 1925. pp. 124-26.

৩৬ একটি পত্রিকা প্রকাশ করার ঘটনা সেকালের পক্ষে অত্যন্ত শ্লাঘনীয় বিষয়। শাদা চামড়ার অনেক দেশেই ১৭৮০ সাল পর্যন্ত পত্রিকা প্রকাশিত হয়নি। অস্ট্রেলিয়ায় প্রথম পত্রিকা প্রকাশিত হয় ১৮০৩ সালে। হিকির *Bengal Gazette* প্রকাশের তারিখ নিয়ে নানা জন নানা বিদ্রান্তিকর মন্তব্য করেছেন। Feiling-এর মতে, সময়টা ১৭৮০ সালের বসন্তকাল (পৃ. ২২৩)। A. F. M. Abdul Ali-র মতে, ২৯ জানুআরি ১৭৮১। 'Persian Newspapers in the Hon'ble John Compay's Days,' *Bengal Past and Present*, Jan-Mar, 1927, p. 34. William Digby-র মতে, ১৭৮০ সালের মাঠে (*Calcutta Review*, vol. 62, no. CXXIV)। মুদ্রণের ব্যাপারেও অনেকের মনে ভ্রান্ত ধারণা আছে। Kopf মনে করেন, এই পত্রিকা মুদ্রিত হতো Hon. Co's Press-এ (p. 20)।

৩৭ T. Edwards, 'The Press of Calcutta', *Calcutta Review*, Vol. 77, no. CLIII, p. 58.

হিশেবে ঘোষণা করে—এ পত্রিকা হলো ‘A Weekly Political and Commercial Paper, Open to all Parties, but influenced by None.’^{৩৮}



এ পত্রিকায় সংবাদ থাকতো বটে, তবে বেশির ভাগই থাকতো বিজ্ঞাপন এবং কলকাতায় বসবাসকারী ইংরেজ সমাজ সম্পর্কে গুজব। Busted-এর মতে, এ পত্রিকার প্রধান বৈশিষ্ট্য ছিলো এর ‘Vulgarity.’^{৩৯} সেই বৈশিষ্ট্য নিয়ে এ পত্রিকা হেষ্টিংস ও প্রধান বিচারপতি Elijah Impeh থেকে আরম্ভ করে সমাজের সাধারণ মানুষ পর্যন্ত অনেকের বিষয়েই লিখতো। হেষ্টিংসকে এ পত্রিকা সাধারণত আক্রমণ করতো তাঁর স্ত্রীর নাম করে এবং এ আক্রমণ প্রায়শ ভদ্রোচিত হতো না। এদিকে স্ত্রীর ব্যাপারে হেষ্টিংসের কেবল একটা দুর্বলতাই ছিলো না, সম্ভবত একটা complex-ও ছিলো।^{৪০}

^{৩৮} এ উদ্দেশ্য অথবা নীতি যতই মহৎ এবং বলিষ্ঠ হোক না কেন, পত্রিকা শুরু করার পেছনে ব্যবসায়িক উদ্দেশ্যই নিশ্চয় সবচেয়ে বড়ো ভূমিকা পালন করেছে। পত্রিকা প্রকাশের অব্যবহিত পূর্বে তিনি যে প্রোসপেক্টাস প্রকাশ করেন, তা থেকেও এটা বোঝা যায়। এতে তিনি বলেন : This paper is set on foot with that design and to bring into one *Focus*, or immediate point of view, the numerous notices, advertisements etc. now handed about by Harcarrahs in Manuscript.—বিনয় ঘোষ, ‘মুদ্রণ ও সংস্কৃতি’, বামুপ্র, পৃ. ১৪৫।

^{৩৯} Busted, p. 174.

^{৪০} দীর্ঘদিন প্রণয়ের পর হেষ্টিংস কলকাতায় বসবাসকারী এক রুশ চিত্রশিল্পীর (Imhoff) স্ত্রীকে (বিবাহবিচ্ছেদের পর) বিয়ে করেন

সে জন্যেই, হিকি যখন তাঁর স্ত্রীকে Marian Alipur বলে অভিহিত করে নিন্দায় মুখর হতেন, তখন স্বভাবতই তা হেস্টিংস ও সরকারি মহলে তাঁর অনুসারীদের জন্যে বিরক্তির কারণ হতো। তাছাড়া, পর্যায়ক্রমে হিকি কলকাতার প্রভাবশালী ব্যক্তিদের প্রায় সবাইকেই চটিয়ে দিয়েছিলেন এবং আগেই লক্ষ্য করেছি, তার জন্যে অল্প-কালের মধ্যেই তাঁকে যথেষ্ট খেসারত দিতে হয়েছিলো। বস্তুত তাঁর পত্রিকাই তাঁর প্রেসের কাল হয়।

কিয়ারন্যান্ডারের প্রেসও দীর্ঘদিন চলেনি। প্রেস স্থাপনের পেছনে তাঁর উদ্দেশ্য ছিল ধর্ম প্রচার; কিন্তু তিনি সম্ভবত অল্পদিনের মধ্যেই লক্ষ্য করেন যে, কেবল ধর্মগ্রন্থ ছেপে প্রেস টিকিয়ে রাখা সম্ভব নয়। তারই জন্যে তাঁর প্রেস পঞ্জিকা ছাপতে শুরু করে এবং ছোট-খাটো বেসকারি কাজকর্মও করতে আরম্ভ করে। হিকি কিয়ারন্যান্ডারের যেসব সমালোচনা করেন, তার মধ্যে একটি হলো—তিনি ধর্মপ্রচারের জন্যে দান-করা প্রেসে টাকা আয়ের জন্যে বিভিন্ন জিনিস ছাপছিলেন।^{৪১} তিনি কলকাতা ত্যাগ করেন ১৭৮৭ সালে আর তাঁর প্রেসও বোধহয় সেই সঙ্গে বন্ধ হয়ে যায়।

হিকির পত্রিকায় কুৎসা ও বিদ্বেষের যে প্রাচুর্য থাকতো, তা-ই একদিকে সরকারকে পত্রিকাবিরোধী করে তোলে এবং অন্যদিকে অপরাপর পত্রিকার প্রকাশকে ত্বরান্বিত করে। ১৭৮০ সালের নভেম্বর মাসেই কলকাতা থেকে The India Gazette or Calcutta Public Advertiser নামক একটি সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়। এই পত্রিকার প্রকাশক ছিলেন বার্নার্ড মেসিক এবং পিটার রীড। বোধগম্য কারণেই এই পত্রিকার প্রতি হেস্টিংস এবং তাঁর অনুসারীদের সমর্থন ছিলো। এই পত্রিকা প্রকাশের জন্যে বঙ্গদেশের চতুর্থ প্রেসটি স্থাপিত হয়। কিয়ারন্যান্ডারের সাহায্য ছাড়াও, এই প্রেস সরকারের আশীর্বাদ লাভ করেছিলো। দেশী মিস্ত্রি দিয়ে তৈরি হিকির প্রেসের চেয়ে, এই প্রেসের ছাপার মান ছিলো অনেকটা উন্নত। সেজন্যেই হিকির Bengal Gazette-এর তুলনায় India

১৭৭৭ সালের আগস্ট মাসে। মহিলার নাম Anna Maria।—
Feiling, pp. 187-88.

৪১ G. Shaw, p. 56.

Gazette -এর মুদ্রণও যথেষ্ট পরিপাটি ছিলো। *India Gazette* -এর উন্নততর মুদ্রণ দেখে হিকি রীতিমতো আতঙ্কিত এবং ঈর্ষান্বিত হয়ে উঠেন। তিনি তাই পাঠকদের কাছে আবেদন জানিয়ে বলেন, তাঁরা যেন তাঁকে ত্যাগ না করেন।^{৪২} কিন্তু পাঠকরা ত্যাগ করার আগেই, সরকারি হস্তক্ষেপে তাঁর পত্রিকা বন্ধ হয়ে যায়। অপরপক্ষে সরকারের পৃষ্ঠপোষণায় ইণ্ডিয়া গেজেট তার অস্থিত্বই টিকিয়ে রাখেনি, বরং দিন দিন তার শ্রীবৃদ্ধি হতে থাকে। পিটার রীড এই ছাপাখানা ত্যাগ করেন ১৭৮১ সালে আর মেসিক ১৭৮৪ সালে। কিন্তু জর্জ গর্ডনের পরিচালনায় প্রেসটির উত্তরোত্তর উন্নতি হয়।^{৪৩}

অতঃপর কলকাতার ছাপাখানার সংখ্যা দ্রুত বৃদ্ধি পায়। সেকালে কলকাতাপ্রবাসী ইংরেজদের জন্যে ইংল্যান্ডের বাসি খবর আর বাব-সায়ীদের জন্যে বিজ্ঞাপন উভয়ই খুব লাভনীয় ব্যাপার ছিলো। এবং সাপ্তাহিক পত্রিকাগুলো এরই জ্বগান দেয়। মনে হয়, সাপ্তাহিক পত্রিকা পরিচালনা ১৭৮০-এর দশকের মাঝামাঝি থেকেই বেশ লাভজনক হয়ে উঠেছিলো। তা ছাড়া, ততোদিনে ব্যবসায়ীরা হয়তো তাঁদের কোনো কোনো কাগজপত্রও ছেপে নিতে শুরু করেছিলেন। এর ফলে সামগ্রিকভাবে মুদ্রণশিল্পই লাভজনক কাজ হিসেবে গণ্য হচ্ছিলো। এরই প্রত্যক্ষ প্রভাবে ১৭৮৫ সালের ফেব্রুয়ারি মাসে প্রকাশিত হয় *Bengal Journal* এবং এপ্রিল মাসে *Oriental Magazine or Calcutta Amusement*, ১৭৮৬ সালের জানুয়ারিতে প্রকাশিত হয় *Calcutta Chronicle and General Advertiser*. ১৭৯১ সালে *The World*, ১৭৯৩ সালে *Oriental Star* আর *Asiatic Mirror and Commercial Advertiser*, ১৭৯৫ সালে *Bengal Hurkaru, Telegraph, Calcutta Morning Post* এবং *Calcutta Courier*. এই পত্রিকা-গুলোর প্রায় সবটারই নিজস্ব ছাপাখানা ছিল—কারণ ছাপাখানা ছাড়া পত্রিকা পরিচালনা হয়তো খুব লাভজনক ছিলো না, আবার পত্রিকা ছাড়া শুধু ছাপাখানাও সম্ভবত তেমন লাভজনক ছিলো না।

পত্রিকা প্রকাশ যে লাভজনক ব্যবসা ছিল তার একটি প্রত্যক্ষ প্রমাণ সরকারি প্রেস থেকে ১৭৮৪ সালে *Calcutta Gazette* পত্রিকা

৪২ Busted. p. 179.

৪৩ G. Shaw, pp. 49-50, 59-60.

প্রকাশ। ১৭৮৪ সালের Bengal Public Consultations থেকে দেখা যাচ্ছে যে, গ্ল্যাডউইন সরকারি অনুমোদন এবং পৃষ্ঠপোষণা নিয়ে অনারেবল কম্পানিস প্রেস থেকে একটি সাপ্তাহিক পত্রিকা প্রকাশের প্রস্তাব দেন। প্রস্তাবটি কাউন্সিলে গৃহীত হয় ৯ ফেব্রুয়ারি তারিখে এবং এই প্রস্তাব অনুসারে সরকার ২৩ ফেব্রুয়ারি পত্রিকা প্রকাশের এবং এই পত্রিকায় সকল সরকারি বিজ্ঞাপন দেওয়ার আদেশ জানিয়ে একটি বিজ্ঞপ্তি প্রচার করে। ২রা ফেব্রুয়ারি গ্ল্যাডউইন তাঁর আবেদনপত্রে লিখেছিলেন যে, কম্পানির কোনো কর্মচারীর তত্ত্বাবধানে এবং পত্রিকার বিষয়বস্তুর জন্যে তাঁকে দায়ী করে এই পত্রিকা প্রকাশ করা উচিত। তিনি লেখেন এই পত্রিকা হবে 'a measure of public utility ...besides being a channel for conveying the proclamations and orders of the Government and ordinary articles of intelligence, it might be more particularly useful to the junior part of the Company's servants, by the insertion of Extracts from the most approved Persian authors, on the original chapter, with English translations and thus facilitate their improvement in that language, the study of which has so frequently been recommended to them by the Court of Directors.' কিন্তু এসবের বদলে গ্ল্যাডউইন কেবল দুটি সুবিধে চান—এক. কম্পানির সকল হুকুমনামা বিজ্ঞাপন ইত্যাদি কেবল তাঁর পত্রিকার মাধ্যমে প্রচার করা হবে, এবং দুই. প্রচলিত হ'রের অর্ধেকে তাঁর পত্রিকা ডাকবিভাগ গ্রহণ করবে। সরকার এই প্রস্তাব মেনে নিয়েছিলো ৯ ফেব্রু-
আরির সিদ্ধান্তে। গ্ল্যাডউইনের এই আবেদনপত্র থেকে বোঝা যায়, পত্রিকার মালিক ছিলেন তিনি নিজেই। তা ছাড়া, প্রেসটির নাম সরকারি প্রেস হলেও মনে হয়, এরও মালিক ছিলেন তিনি। তা না হলে, ১৭৮৭ সালের ২রা জানুয়ারি এ প্লেস ম্যানার, হ্যারিংটন এবং মরিসের কাছে বিক্রি করার কথা জানিয়ে তিনি কম্পানিকে চিঠি লিখবেন কী করে? তবে সরকারি প্লেসেই সরকারের বেশির ভাগ কাজকর্ম হতো। বস্তুত, ইংরেজি, বাংলা, ফারসি এবং হিন্দুস্তানি ভাষায় আইনকানূনের গ্রন্থাদি ছাড়াও, সরকারি প্রেস

থেকে প্রতি বছর অনেকগুলো করে বই ছাপা হতো। এ ছাড়া Stuart & Cooper-এর প্রেস এবং Ferris & Greenway-এর প্রেসও অনেকগুলো বইপত্র প্রকাশ করেছিলো।

সেকালে কলকাতায় কিভাবে ছাপাখানা গড়ে উঠতো এবং পরিণতিতে সম্পূর্ণ অথবা সঙ্কুচিত হতো Ferris & Greenway Company-র আলোচনা থেকে সে সম্পর্কে একটা ধারণা হতে পারে। পল ফেরিস এবং আর্চিবল্ড থম্পসন দুজনেই মুদ্রণ বিদ্যা শেখেন কলকাতায়। ফেরিস শেখেন হিকির প্রেস, সঙ্কুচিত থম্পসনও। হিকির প্রেস লোপ পাবার পর থম্পসন কিছুকাল সরকারি প্রেসে কাজ করেন। কিন্তু ফেরিস কী করছিলেন—জানা যাচ্ছে না। তারপর দুজন মিলে ১৭৯২ সালে একটি ছাপাখানা স্থাপন করেন। এখান থেকেই প্রকাশিত হয় *Calcutta Morning Post* পত্রিকা। কিন্তু ১৭৯৮ সালে ফেরিসের সঙ্গে যোগ দেন সেমুয়ল গ্রীনওয়ে। ইনি এর কিছুকাল আগে পর্যন্ত বোম্বাইতে একটি প্রেস এবং পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন। অতঃপর ফেরিসের কম্পানির নাম হয় ফেরিস অ্যান্ড গ্রীনওয়ে। থম্পসন এর পরও কিছুকাল *Calcutta Morning Post* পত্রিকার সঙ্গে যুক্ত থাকেন, কিন্তু পরে ১৮০৫ সালে তিনি নিজেই একটি ছাপাখানা স্থাপন করেন। এদিকে ফেরিস এবং গ্রীনওয়ে বছরখানেক একত্রে ব্যবসা করার পর আলাদা হয়ে যান। এরপর ফেরিস তাঁর নিজের নামেই গ্রন্থ এবং পত্রিকা প্রকাশ করতে থাকেন। ১৮১৭ সাল পর্যন্ত তিনি *Morning Post* পত্রিকা প্রকাশের দায়িত্ব বহন করেন। ফরস্টারের অভিধান থেকে শুরু করে রামমোহন রায়ের উপনিষদের অনুবাদ পর্যন্ত বাহ গ্রন্থই তিনি মুদ্রণ করেছিলেন। এই প্রেসে অনেকগুলো ভাষায় ছাপার কাজ হতো—বাংলাতেও।

ফেরিস অ্যান্ড গ্রীনওয়ের মতো ভাঙাগড়া সে যুগে আরো হতো, এমন প্রমাণ আমাদের স্বল্পতথ্য থেকেও পাওয়া যায়। ১৭৮৪ সালে সরকারি প্রেসের দায়িত্ব পড়ে গ্যাডউইনের ওপর আগেই আমরা তা লক্ষ্য করেছি। সে বছরই এই ছাপাখানায় ডেনিআল স্টুয়ার্ট যোগ দেন মুদ্রক হিসেবে। পরের বছর ইংল্যান্ড থেকে জোসেপ কুপার এসে এই ছাপাখানায় কাজ নেন।

তার কয়েক মাস পরে ১৭৮৬ সালের জানুআরি মাসে তাঁরা দুজনই সরকারি প্রেস তথা *Calcutta Gazette*-এর কাজ ছেড়ে দিয়ে নিজেদের প্রেস এবং *Calcutta Chronicle* পত্রিকা স্থাপন করেন। এই প্রেস এবং পত্রিকা উভয়ই খুব লাভজনক ব্যবসায় পরিণত হয়। তা ছাড়া, এই প্রেস থেকে তাঁরা অনেকগুলো বইও প্রকাশ করেন। কিন্তু তিন বছর পরে স্ট্রুআর্ট স্বাস্থ্যগত কারণে নিজের স্বত্ব ত্যাগ করে ইংল্যান্ডে চলে যান। অন্যদিকে কুপার ১৭৯০ সালে তাঁর প্রেসে অংশীদার হিসেবে গ্রহণ করেন আরন আপজনকে। কিন্তু বছরখানেক পরে দেনার দায়ে কুপার তাঁর প্রেসটি বিক্রি করে দিতে বাধ্য হন। তবে অল্পকালের মধ্যেই তিনি নতুন একটি ছাপাখানা শুরু করেন। এই ছাপাখানাটি ছিলো খুবই উন্নত ধরনের এবং এর নিজস্ব ফাউন্ড্রিও ছিলো। এখানে একাধিক দেশীয় ভাষায় মুদ্রণের আয়োজন করা হয়। এসময়ে ক বছর তিনি *Calcutta Telegraph* পত্রিকাও প্রকাশ করেন। যদিও ১৭৯৮ সালে ভোগেল এসে তাঁকে এই কাজ থেকে সরিয়ে দেন। তবে কুপার আবার স্বাধীনভাবে ছাপার কাজ করতে শুরু করেন। বস্তুত, ১৮০০ সালের আগে পর্যন্ত কলকাতায় কেউই তাঁর মতো অতো দীর্ঘদিন মুদ্রণের কাজ করেননি।^{৪৪}

তাঁর এক সময়কার শরিক আপজনও একাধিক প্রেসের সঙ্গে যুক্ত হন। খোদাই এবং ছবি আঁকার কাজে আপজনের দক্ষতা ছিলো। সেজন্যে কলকাতার ছাপাখানায় তিনি একটি নতুন দিগন্ত খুলে দেন। তিনিই প্রথম কলকাতাসহ বেশ কয়েকটি ডাকপথ ও অন্যান্য জায়গায় মানচিত্র মুদ্রণ করেন। তাঁর মানচিত্রে মুদ্রক ও প্রকাশক হিসেবে তাঁর নাম উল্লিখিত হয়েছে।^{৪৫}

সেকালের কলকাতায় অনেকগুলো বই এবং পত্রপত্রিকা প্রকাশিত

৪৪ G. Shaw, pp. 45-46.

৪৫ বাংলা সাহিত্যের সঙ্গেও আপজনের নাম জড়িয়ে গেছে। বাংলা হরফে মুদ্রিত প্রথম বাংলা অভিধানের সম্পাদক হিসেবে তাঁর কৃতিত্ব অনস্বীকার্য। গ্রন্থতালিকা দ্রষ্টব্য।

হলেও, সেই যুগের উঠতি মুদ্রণশিল্পের ধারাবাহিত কাহিনী সম-সাময়িক কালে কেউ লিখে রাখেননি । সেজন্যেই এখন স্বল্প তথা জোড়াশালি দিয়ে তখনকার ইতিহাস পুনর্গঠন করা দুর্লভ এবং জটিল কাজ ।

১৭৭৭-৭৮ সালে কলকাতায় প্রথম প্রেস স্থাপনের দু দশকের মধ্যে প্রেসের সংখ্যা যেভাবে বৃদ্ধি পায় তাতে বিস্মিত না হলে পারা যায় না । এইসব ছাপাখানা থেকে কতোগুলি পত্রপত্রিকা এবং বিভিন্ন ভাষায় গ্রন্থাদি মুদ্রিত হয়, তা-ও আমাদের বিস্ময়ের উদ্রেক করে । মনে হয়, একবার প্রাথমিক বাধা, বরং বলি দ্বিধা, দূরীভূত হওয়ার পরে, অচিরেই মুদ্রণ বিষয়ে কমবেশি উৎসাহী অথবা অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিরা বৃষ্ণতে পারলেন, মুদ্রণ একটি অত্যন্ত লাভজনক ব্যবসা । প্রকৃতপক্ষে, কলকাতার মতো দ্রুত উন্নয়নশীল নগরীর পক্ষে এটা ছিলো নিতান্তই প্রত্যাশিত । সেকালের পত্রপত্রিকায় দেখা যায়, সংবাদ ও অন্যান্য রচনার চেয়ে বিজ্ঞাপন মোটেই কম গুরুত্ব পেতো না ।^{৪৬} বরঞ্চ অনেক সময় সংবাদের চেয়ে বিজ্ঞাপনই পত্রিকার প্রধানাংশ অধিকার করে রাখতো । ব্যবসা সংক্রান্ত এই বিজ্ঞাপনসমূহ, বলাবাহুল্য, পত্রিকার জন্যে যথেষ্ট অর্থ উপার্জন করতো । তাছাড়া, পত্রিকাসংলগ্ন ছাপাখানাগুলি নানা ধরনের খুচরো কাজও করতো । বড়ো প্রেসগুলি আবার এসবের অতিরিক্ত প্রকাশ করতো নানা শ্রেণীর অত্যাৱশ্যক গ্রন্থাদি । সেকালের গ্রন্থাদির বিষয়বস্তু বিশ্লেষণ করলে তার বৈচিত্র্য ও বাজারদর সহজেই ধরা পড়ে ।

এই গ্রন্থগুলির মধ্যে অনেকগুলি ছিলো প্রাচ্য ভাষা বিষয়ক । ঙ্গস্ট ইণ্ডিয়া কম্পানির কর্মচারী ও কলকাতায় বসবাসকারী বিদেশীদের, বিশেষত ব্যবসায়ীদের, পক্ষে এই গ্রন্থগুলি ছিলো

৪৬ সেকালের সংবাদপত্রগুলির নামও এ প্রসঙ্গে লক্ষণীয় । —Hicky's Bengal Gazette, or the Original Calcutta General Advertiser; India Gazette, or Calcutta Public Advertiser, Calcutta Gazette or Oriental Advertiser; Calcutta Chronicle and General Advertiser; The Asiatic Mirror and Commercial Advertiser ইত্যাদি ।

অত্যাধিক। ওয়ারেন হেস্টিংস থেকে আরম্ভ করে মাকুইস হেস্টিংস পর্যন্ত পরপর কয়েকজন গভর্নর জেনারেলই প্রাচ্য ভাষার জ্ঞানকে কর্মচারীদের জন্যে আবশ্যিক বলে মনে করতেন। এবং অনেক ক্ষেত্রে কর্মচারীদের দ্রুত উন্নতিও হয়েছে ভাষাজ্ঞান থাকার দরুন। এজন্যে কর্মচারীরা এসব গ্রন্থের বাঁধা ক্রেতা ছিলেন। গিলক্রিস্ট ও গ্ল্যাডউইন হিন্দুস্থানি ও ফারসি ভাষা-সংক্রান্ত যতোগুলি গ্রন্থ রচনা করেন এবং তার যতোগুলি সংস্করণ হয়, তা থেকে আমাদের উক্তির যথার্থ্য প্রমাণিত হয়।^{৪৭} ভাষা বিষয়ক গ্রন্থাদি ছাড়া প্রাধান্য পেয়েছে সরকারি আইনকানুন সম্পর্কিত গ্রন্থসমূহ। দেওয়ানি ও ফৌজদারি আদালতের বিধান, প্রচলিত হিন্দু ও মুসলিম আইন, সামরিক বাহিনীর আইন সম্বন্ধীয় গ্রন্থাদির প্রাচুর্যের কারণ আমরা সহজেই ব্যাখ্যা করতে পারি। এ ছাড়া, বিভিন্ন ধরনের পত্রিকা, খুস্টান ধর্মীয় গ্রন্থ, obituary, কলকাতা ও এদেশের মানচিত্র, ইত্যাদিও অতি প্রয়োজনীয় বলেই মুদিত ও প্রকাশিত হয়েছে। বলা বাহুল্য, এইসব অত্যাধিক গ্রন্থাদি বিক্রিও হতো খুব চড়া দামে। W. H. Carey তাঁর The Good Old Days of Honourable John Company নামক পুস্তকে সেকালে প্রকাশিত

৪৭ J. B. Gilchrist-এর গ্রন্থাবলী—A Dictionary, English and Hindoostanee (1787); A Grammar of the Hindoostanee Language (1796); The Oriental Linguist (1798); The Anti-jargonist? on a short introduction to the Hindoostanee Language (1800); A New Theory and Prospectus of the Persian Verbs (1801); Hindee Exercises (1801); The Hihdu Story Teller (1802); The Hindoostanee Manual (1802) ইত্যাদি।

F. Gladwin-এর গ্রন্থাবলী—A Compendious Vocabulary, English and Persian (1780-1791); A Compendium of Ethics translated from the Persian (1788); Persian Moonshee (1795); Dissertations on the Rhetoric, Prosody, and Rhyme, of The Persians (1798); The Persian Guide (1800) ইত্যাদি।

কতিপয় গ্রন্থের দাম উল্লেখ করেছেন^{৪৮} এবং প্রসঙ্গত মন্তব্য করেছেন, Verily the cost of printing must have been great, or authors and publishers wanted to make their money fast.^{৪৯}

পরবর্তীকালের তুলনায় ছাপার খরচ তখন যে বেশি ছিলো এ বিষয়ে সন্দেহ নেই। কারণ তখন কলকাতায় প্রেসের প্রয়োজনীয় যন্ত্রাংশ, টাইপ, কালি, কাগজ ইত্যাদি জোটানো খুব শক্ত ছিলো, আসতো বিদেশ থেকে। কিন্তু তবু, একচেটিয়া ব্যবসার সুযোগ নিয়ে ছাপাখানার মালিকরা প্রচুর লাভ করতেন বলে মনে হয়।^{৫০} একটি প্রেস স্থাপনে ও পরিচালনায় যে ব্যয় হতো এবং সেই তুলনায় গ্রন্থাদির দাম যতো চড়া দরে বাঁধা হতো, তা-ই এই মন্তব্যের স্বার্থার্থ্য প্রমাণিত করে। এ বিষয়ে একাধিক তথ্যের উল্লেখ করা যেতে পারে।

১. হিকির প্রেস কিভাবে স্থাপিত হয় এবং তিনি কতো সামান্য মূলধন নিয়ে ব্যবসায় নামেন, তা থেকে বোঝা যায় মুদ্রকগণ যথেষ্ট লাভ করতেন। হিকির মূলধন ছিলো মাত্র দু হাজার টাকা, কিন্তু একমাত্র ১৭৭৯ সালেই প্রধান সেনাপতি E. Coote-এর জন্যে তিনি ৪৩ হাজার টাকার কাজ করেন।^{৫১}

৪৮ কলকাতায় ছাপা কয়েকখানি বই-এর দাম : Gladwin's' Persian Moonshee, Rs. 60/- ; Dictionary of Mohammadan Law, Rs. 30/- ; Dissertations on the Rhetoric, Prosody, and Rhyme of the Persians, Rs. 30/- ; English and Persian Vocabulary, Rs. 16/- ; Tooteenamah, Rs. 16/ ; Plan of Calcutta, Rs. 25/- ; See W. H. Carey, The Good Old Days of Honourable John Company, Vol. (Reprint ; Calcutta, 1906) p, 294.

৪৯ ibid, p. 294.

৫০ খান অবশ্য মনে করেন কেবির মন্তব্য মুদ্রকদের প্রতি তির্যক ব্যঙ্গ-ভাষ্য। আসলে তখন ছাপার খরচই বেশি ছিলো। পৃ. ৬৯।

৫১ S. Natarajan, *A History of the Press in India* (Bombay, 1962), G. Shaw, pp. 51-52.

এই টাকার সামান্যই তিনি পেয়েছিলেন । সরকারের সঙ্গে সম্পর্ক খারাপ হওয়ায় এবং কারাগারে বন্দী থাকায় দীর্ঘকাল সরকার তাঁর পাওনা মিটিয়ে দেয়নি । ১৭৮৫ সালে হেষ্টিংসের দয়ায় জেল থেকে ছাড়া পাবার পর হিকি কম্পানির কর্মকর্তা মিস্টার ব্রুসের কাছে তাঁর বিল পেশ করেন । কিন্তু জেল থেকে মুক্তি দিলেও, সরকার তাঁর প্রেস তাঁকে দেয়নি । হাতে অনেক টাকা-পয়সা পেলে হিকি নতুন করে প্রেস এবং পত্রিকা স্থাপন করতে পারেন —সরকারের এই আশঙ্কা ছিলো কিনা, জানিনে । এদিকে হিকি সরকারের কাছে একের পর এক তাগিদপত্র লিখতে থাকেন । ৯ জানুআরি ১৭৯৩ সালে হিকি সরকারের কাছে তাঁর ক্ষতির কথা জানিয়ে বাড়তি কিছু অর্থ সাহায্য দানের আবেদন করেন । গবর্নর জেনারেলের কাউন্সিল পয়লা ফেব্রুআরির সভার পরে এই প্রার্থনা বিবেচনার সিদ্ধান্ত নেন । এদিকে হিকি ২৫ ফেব্রুআরি এবং ২৫ জুন আরো দুটি করুণ আবেদন জানান । শেষ পর্যন্ত ২৪ জুলাই-এর সভায় কাউন্সিল সিদ্ধান্ত নেয় যে, আর কোনো দাবিদাওয়া নেই এই মর্মে একটি ঘোষণাপত্র লিখে দিলে তাঁকে মোট ৬,৭১১ টাকা দেওয়া যেতে পারে ।^{৫২} অর্থাৎ হিকির মূল দাবির মাত্র সাত ভাগের এক ভাগ টাকা দিতে সরকার সম্মত হয় ।

কিসের ভিত্তিতে হিকির ৪৩ হাজার টাকার দাবিকে কমিয়ে ৬,৭১১ টাকা করা হয়েছিলো, আমার জানা নেই । তবে ১৭৭৯ সালের পর ১৭৯৩ সাল নাগাদ মুদ্রণের হার অনেকটা হ্রাস পেয়েছিলো —হতে পারে, সরকার হয়তো সেই হার অনুসারেই সংশোধিত হিসেব করেছিলো । প্রসঙ্গত, উল্লেখযোগ্য যে ১৭৮৭ সালে সরকার মুদ্রণের জন্যে নির্ধারিত সরকারি হারের এক দফা সংশোধন করে । তখনকার প্রচলিত বাজার দর কতো এবং সরকারি দর কতো হওয়া উচিত এ নিয়ে সরকার এ সময়ে জনগণ

৫২ *Bengal Public Consultation*, 9th January 1793 ; 1st February 1793, 25th February 1793; 25th July 1793, (India Office Library). দৃষ্টব্য ।

এবং প্রাইসকে নিয়ে একটি কমিটি স্থাপন করে। এই কমিটি কলকাতার বিভিন্ন ছাপাখানার কাছ থেকে যে প্রমাণ নিয়ে সরকারের কাছে একটি প্রতিবেদন পেশ করে, ২৮ সেপ্টেম্বর ১৭৮৭ তারিখে এই প্রতিবেদন কাউন্সিলে বিবেচিত হয়। এই কমিটি গঠনের নির্দেশ পাঠানো হয়েছিলো বাংলায় কম্পানির আইনের প্রথম অনুবাদক জোনাথন ডানকানের মাধ্যমে।

কমিটি জানায় যে, তখন কলকাতায় যে কটি প্রেস নাগরী এবং ফারসি হরফ ছিলো—তাদের কাছ থেকে ছাপার হার দেওয়া হয়েছিলো। এর মধ্যে স্ট্রুআর্ট অ্যাণ্ড কুপারের দরপত্র সর্বনিম্ন নাহলেও, মুদ্রণের মানের তুলনায় যুক্তিসঙ্গত। কমিটির প্রতিবেদন থেকে আরো জানা যায় যে, তখনকার কোয়াটো আকারের এক পৃষ্ঠায় সাধারণত ২৫ পংক্তি ছাপা হতো এবং প্রত্যেক পংক্তিতে মোটামুটি দশটি করে শব্দ থাকতো। এই ধরনের ছাপা হলে আইনের বই জাতীয় কাজের জন্যে কমিটি নিম্নলিখিত দর বেঁধে দেয়—

ফলিও আকারের ৪ পৃষ্ঠা (৫০০ কপি)

ছাপার হার (৪ আনা দরে) ১২৫ টাকা

(কাগজের দাম বাবদ ২০ টাকা এর মধ্যে অন্তর্ভুক্ত)

১০০০ কপি ছাপার হার

১৮৭ টাকা

অনুরূপ হারে

কোয়াটো ৮ পৃষ্ঠা (৫০০ কপি)

১২৫ টাকা

অক্টাভো ১৬ পৃষ্ঠা (৫০০ কপি)

১২৫ টাকা

কিন্তু এক পৃষ্ঠা সার্টিফিকেট ছাপার দাম নির্ধারিত হয় ২ টাকা, আর এক পৃষ্ঠা রেভেনিউ বা ট্রেজারি অর্ডার ছাপার হার ২ টাকা। কমিটির এই সুপারিশ কাউন্সিল মেনে নেয়।

কাউন্সিলের সিদ্ধান্ত থেকে প্রাসঙ্গিক কিছু কৌতূহলোদ্দীপক খবর জানা যায় মুদ্রণশালা সম্পর্কে। সিদ্ধান্তে বলা হয়—‘বঙ্গদেশে য়োরোপীয়দের সংখ্যা এবং কাজকর্ম অনেক বেড়ে গেছে। ফলে গোড়াতে যে সব ছাপাখানা স্থাপিত হয়েছিলো তাদের কাজও অনেক বেড়ে গেছে। কেবল তাই নয়, তাদের সাফাল্য দৃষ্টে আরো অনেকগুলি প্রেস স্থাপিত হয়েছে। গোড়াতে মুদ্রণের হার নির্ধারণ করার সময়ে

লক্ষ্য রাখা হয়েছিলো যাতে প্রেসগুলি উৎসাহ পায় এবং চালু থাকে। কিন্তু প্রেসের ব্যবসা এখন ভালো চলছে। সুতরাং এখন আর সরকার চড়া দরে ছাপার কাজকম করিয়ে ঐ প্রেসগুলিকে উৎসাহ দেওয়ার দরকার আছে—এমন মনে করে না। সুতরাং এখন থেকে বরং তুলনামূলকভাবে কম দরে কাজ করানো যেতে পারে।”^{৫৩} প্রসঙ্গত আরো উল্লেখযোগ্য, তখন পত্রিকায় বিজ্ঞাপন ছাপার হার ছিলো প্রতি পংক্তির জন্য আট আনা।

২. উইলিআম কেরি ১৭৯৭ সালে কলকাতার মুদ্রকদের কাছে বাংলায় বাইবেল ছাপার খরচ জানতে চাইলে তাঁকে বলা হয় যে, ১০ হাজার কপি বাইবেল ছাপতে খরচ পড়বে ৪৩,৭৫০ টাকা।^{৫৪} অথচ আমরা লক্ষ্য করি, তিন বছরের মধ্যে কেরি তুলনামূলকভাবে অনেক কম খরচে বাইবেল মুদ্রণ করতে সক্ষম হন।^{৫৫} যদিও এজন্যে তাঁকে একটা গোটা প্রেস স্থাপন করতে এবং এক ফন্ট বাংলা হরফ তৈরি করিয়ে নিতে হয়। তাঁর প্রেসটির মূল্য ছিলো মাত্র ৪০ পাউণ্ড বা সেকালের হিসেবে ৩০০-৩২০ টাকা।^{৫৬} আর পঞ্চাননকে দিয়ে এক গ্রন্থ বাংলা টাইপ তৈরি করিয়ে নিতে প্রায় ১৫০০ টাকা লাগার কথা।^{৫৭} একটি প্রেস কিনে টাইপ তৈরি করিয়ে নিয়ে গ্রন্থ ছাপার পরে যদি ২০০০ কপির জন্যে ৪৬০০ টাকা (৬১২ পাউণ্ড) খরচ হয়, তা হলে প্রতিষ্ঠিত প্রেসের পক্ষে ১০,০০০ কপি বাইবেল বাবদ ৪৩,৭৫০ টাকা দাবি করা দ্রুত উপার্জনের লোভ-কেই প্রমাণ করে।

৫৩ Bengal Public Consultation, 28 September 1787.

৫৪ M. S. Khan, 'William Carey and Serampore Books', *Libri*, Vol. xi (1961), p. 187.

৫৫ ১৮০১ সালের ফেব্রুয়ারি মাসে প্রকাশিত ২০০০ কপি বাংলা নিউ টেস্টামেন্ট মুদ্রণ ও প্রকাশনার জন্যে কেরির মোট ব্যয় হয় ৬১২ পাউণ্ড (প্রায় সাড়ে চার হাজার টাকা)। G. Smith, *The Life of William Carey, Shoe Maker and Missionary* (Reprint; London, 1913; p. 215.

৫৬ কারো কারো মতে, যন্ত্রটির দাম ছিলো ৪৬ পাউণ্ড। M. S. Khan, 'William Carey' etc., p. 216.

৫৭ সেকালে হরফ নির্মাণ ও তার ব্যয় বিষয়ে আমরা পরে আলোচনা করবো।

৩. Honourable Company's Press নামক ছাপাখানাটি থাকা সত্ত্বেও, ১৮০১ সালে সরকারি উদ্‌যোগে সকল কার্যের উপযোগী — বিশেষত পত্রিকা প্রকাশের উপযোগী — একটি বড়ো প্রেস স্থাপনের পরিকল্পনা করা হয়। সরকারি তাবৎ আপব্যয়সহ প্রেস পরিচালনা ও তার accessories জোগানোর খরচ বাবদ সম্ভাব্য মাসিক ব্যয়ের নিম্নলিখিত হিসেবে দেখানো হয়।^{৫৮}

1	Head Printer or Corrector—	500/-
3	Foremen—	500/-
4	Compositors, at Rs. 150/- each—	600/-
4	Compositors, at Rs. 100/- each—	400/-
4	Compositors, at Rs. 80/- each—	640/-
16	Compositors, at Rs. 50/- each—	800/-
32	Compositors, at Rs. 40/- each—	1280/-
16	Apprentices, at Rs. 25/- each—	400/-

Correctors and Compositors of the native languages whose number of allowances cannot here be particularized as that must be paid according to their abilities—	500/-
Servants and Native Workmen—	300/-
House-rent for the Office including Lodging for the apprentices and Apartments for the Supt, His Deputy or Asstt.—	600/-
Contingencies including supply of new types—	800/-
Native Writers and Accounts for the Newspaper, etc—	100/-

Rs. 7,500/-

ষাটের অধিক কম্পোজিটর বিশিষ্ট একটি প্রেসের জন্য উপ-
যুক্ত হিসেব অনুসারে, সেকালে ব্যয় হতো, মাত্র ৯০ হাজার

^{৫৮} 'Plan for establishment of a Government Press submitted to the Governor-General—1801',—quoted in S.C. Sanial's "*History of Indian Press*", Muslim Review, July-Sept, 1928 ; pp. 26-27.

টাকা। অপরপক্ষে, ১৮০১ সালের পূর্ববর্তী চার বছরের হিসেব অনুসারে বেসরকারি প্রেস থেকে মুদ্রণ বাবদ সরকারের বাৎসরিক ব্যয় হচ্ছিলো ২,৩২,৭২৬ টাকা।^{৫৯} এইসব মুদ্রণশালা, বলা বাহুল্য, সরকারি কাজ ছাড়াও বাইরের বিস্তর কাজ করতো এবং ব্যবসায়িক ও ব্যক্তিগত প্রতিষ্ঠান বলে এসব সংস্থায় ব্যয়ও হতো সরকারি বাজেটের তুলনায় কম। তার অর্থ এই দাঁড়ায় যে, সেকালে একটি ছাপাখানা স্থাপন ও পরিচালনার জন্যে যে ব্যয় হতো, লাভ হতো তার তুলনায় অনেক বেশি। এসব তথ্য W. H. Carey-র মন্তব্যের সত্যতাই প্রমাণ করে। তাছাড়া, প্রসঙ্গত আরো একটি কথা মনে রাখা যেতে পারে, সে যুগে রাতারাতি 'নবাব' হওয়ার একটা প্রলোভন নিয়েই য়োরোপীয়রা এদেশে আসতেন। পলাশির যুদ্ধের পর, 'এমনকি তার আগে থেকেই, ইস্ট ইন্ডিয়া কম্পানির বহু কর্মচারীই ক্ষুদ্র চাকুরি নিয়ে এদেশে এসে শেষ পর্যন্ত বিরাট সৌভাগ্য নিয়ে দেশে ফিরে গেছেন।^{৬০} এঁদের দৃষ্টান্ত ভাগ্যান্বেশী বহু ইংরেজকে এদেশে টেনে এনেছিলো। হিকি, স্টুআর্ট, কুপার, আপজন, ফেরিস, গ্রীন-ওয়ে—এই ভাগ্যান্বেশীদেরই দলভুক্ত।^{৬১} সুতরাং, অনুমান করা যায়, ছাপাখানা নিয়ে ভাগ্য পরীক্ষা করতে এসে তাঁরা স্বল্পকালের মধ্যে বড়োলোক হওয়ার চেষ্টা করেছিলেন। সেদিনের ছাপাখানার মুদ্রিত অতি প্রয়োজনীয় গ্রন্থাদি বিজ্ঞাপনপ্রধান পত্রিকাসমূহ এবং বাবসায়ীদের অত্যাশাক কাগজপত্রাদি—সবই মুদ্রকদের মোটা আয়ের সংস্থান করতো।

১৮০০ সালের আগে পর্যন্ত কলকাতা তথা বঙ্গদেশে মুদ্রণ এবং প্রকাশনার আর-একটি বৈশিষ্ট্য হলো—এ ছিলো য়োরোপীয়দের:

৫৯ পূর্বোক্ত Plan-এর অন্তর্ভুক্ত ; p. 26.

৬০ ক্লাইভ, হেস্টিংস থেকে শুরু করে ইস্ট ইন্ডিয়ায় অনেক কর্মচারীই চাকুরি আরম্ভ করেন ৫/৬ গাউণ্ড বেতনে, কিন্তু এঁরা রীতিমতো বড়োলোক হয়ে দেশে ফিরে যান। প্রসঙ্গত দৃষ্টব্য : Kopf, p. 14 ; P. Spear এমন বহু কর্মচারীর দৃষ্টান্ত উদ্ধৃত করেছেন। P. Spear, The Nababs (Oxford, U. P., 1963), Passim.

৬১ শেষ পর্যন্ত বিপর্যস্ত হন বটে, কিন্তু অন্যান্য মুদ্রকরা অনেকেই প্রচুর অর্থ উপার্জন করে দেশে ফিরে যান, এমন অনুমানই সম্ভব।

নিয়ন্ত্রণাধীন। ১৮০০ সালের আগে পর্যন্ত মুদ্রক হিসেবে একজন দেশীয় ব্যক্তির নামও পাওয়া যায় না। তবে তখনকার ইংরেজ মালিকানাধীন কোনো কোনো প্রেসে দেশীয় শ্রমিকরা কম্পোজিটর অথবা অন্যান্য ছোটোখাটো কাজ করতো, এ তথ্য জানা গেছে। এমনকি ইংরেজি না জেনেও, ইংরেজি ভাষায় কম্পোজ করতো, এমন তথ্যও পাওয়া গেছে।

১৮০০ সালের আগেকার মুদ্রণ ও প্রকাশনার আরো একটি বৈশিষ্ট্য, তখনো কম্পানির কাজকর্মের বাইরে দেশীয় ভাষায় ছাপা বসতে গেলে মোটেই হতো না। কিন্তু ১৮০০ সালের পর এই বিষয়ে বৈপ্লবিক পরিবর্তন লক্ষ্য করা যায়। তবে ১৮০০ সালের পর বঙ্গদেশে মুদ্রণের ক্ষেত্রে যে পরিবর্তন ঘটে, তার ভিত্তি এবং অবকাঠামো রচিত হয়েছিলো ১৭৭৭ থেকে ১৭৯৯ সালের মধ্যে।

দ্বিতীয় অধ্যায়

বিকাশ পর্ব

১৮০০-১৮১৭

বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনার ক্ষেত্রে যুগান্তরের সূচনা হয় ১৮০০ সালে—শ্রীরামপুরে উইলিআম কেরি এবং তাঁর বন্ধুরা যখন ব্যাপটিস্ট মিশন প্রেস স্থাপন করেন। এতোকাল ছাপাখানা ছিলো দ্রুত পৌভাগ্য অর্জনের কারখানাস্বরূপ। অন্যদিকে উইলিআম কেরি ও তাঁর সঙ্গীদের উদ্দেশ্য ছিলো ভিন্ন রকমের। কম খরচে দেশীয় ভাষায় ধর্মের বাণী মুদ্রণ করে সাধারণ মানুষদের কাছে তুলে দেওয়া-য়াকে তাঁরা বিবেচনা করেছিলেন পবিত্র কর্তব্য বলে। যদি ১৭৯৭-৯৮ সালে তাঁরা নিউ টেস্টামেন্ট ছাপতে পারতেন, তা হলে অভিজ্ঞতাহীন কেরি হয়তো তখনই ছাপাখানা স্থাপনের কথা ভাবতেন না। আসলে প্রয়োজনই তাঁকে বাধ্য করেছে এমন একটি 'অ্যাডভেঞ্চার' করতে। তবে এই অ্যাডভেঞ্চারের দ্বারা তিনি লাভবান হয়েছিলেন। তিনি যে কেবল বাজার দরের তুলনায় নগণ্য ব্যয়ে বাইবেল ছাপতে সমর্থ হয়েছিলেন তা-ই নয়, এই প্রেস দিয়ে মিশনের ব্যয়ের একটি প্রধান অংশই তিনি বহন করতেন এবং সামগ্রিকভাবে মুদ্রণ ব্যবস্থাকেও পরিণতিতে সাধারণ মানুষদের নাগালের মধ্যে নিয়ে আসেন।

অল্প ব্যয়ে বাইবেল ছাপতে পারলে কেরি আদৌ একটি ছাপাখানা করতেন কিনা, এ বিষয়ে একটি তথ্যের উল্লেখ না-করলে ভুল বোঝার আশঙ্কা থাকে। এদেশে আসার আগেই কেরি একটি ছাপাখানা স্থাপনের কথা চিন্তা করছিলেন বলে মনে হয়। ইংল্যান্ড ত্যাগের পূর্বে তিনি উইলিআম ওয়ার্ডকে^১ অনুরোধ করেছিলেন,

১ William Ward (1769-1823)। ওয়ার্ডের সঙ্গে কেরি পরিচিত হন হাল শহরে। ওয়ার্ড মুদ্রণ ব্যাপারে অভিজ্ঞ ছিলেন। এছাড়া Hull

তিনি যেন কিছুকাল পরে ভারতবর্ষে এসে দেশীয় ভাষায় বাইবেল মুদ্রণের কাজে সহায়তা করেন।^২ এবং ১৭৯৩ সালে কেরি এই অনুরোধ জানানোর ছ বছরের মধ্যে ওয়ার্ড ভারতবর্ষের পথে অ্যামেরিকা যাত্রা করেন।^৩ এখানে লক্ষণীয়, কেরি প্রেস স্থাপনের কথা ভাবেন সত্ত্বেও দেশীয় ভাষার কথা মনে করে—মুদ্রণের ব্যয়ের কথা চিন্তা করে নয়। তিনি যথার্থই অনুমান করেছিলেন, অর্ধসভ্য ভারতবর্ষে দেশীয় ভাষায় মুদ্রণের ব্যবস্থা নিশ্চয় অকিঞ্চিৎকর।

উইলিয়াম ওয়ার্ড এদেশে পৌঁছার আগেই ১৭৯৬ সালের শেষদিকে কেরি নিউ টেস্টামেন্টের বঙ্গানুবাদ শেষ করেন। কেরি অনুবাদে হাত দেন, বলা যেতে পারে, যোগ্যতা লাভের আগেই। জন টমাসের^৪ সঙ্গে একত্রে ইংলণ্ড থেকে কলকাতা আসার পথে তাঁর

Advertiser, Stafford Advertiser এবং Derby Mercury পত্রিকা তিনি সম্পাদনা করেন। M. S. Khan-এর মতে, ওয়ার্ডের সঙ্গে কেরির দেখা হয় লন্ডনে। 'William Carey etc. p. 211.

২ G. Smith, p. 42.

৩ E. D. Potts, British Baptist Missionaries in India 1793-1837 (Cambridge, 1967), p. 17.

১৭৮৩ সালের কম্পানির আইনানুসারে কোনো বৃটেনবাসীর পক্ষে ইস্ট ইন্ডিয়া কম্পানির একটি লাইসেন্স ছাড়া ভারতবর্ষে আগমন অথবা বসবাস করা বেআইনি ছিলো। কম্পানি এ ব্যাপারে, বিশেষত মিশনারিদের নীতিগতভাবে নিরুৎসাহিত করতেন। খৃস্টান ধর্ম প্রচারের ফলে পাছে এদেশীয়দের মধ্যে ফোড়ের সঞ্চার হয়, কম্পানির এরাপ আশঙ্কা ছিলো। আইন ফাঁকি দেওয়ার জন্যেই ওয়ার্ড, মার্শম্যান ও তাঁদের সঙ্গীরা ইংলণ্ড থেকে আমেরিকা যান এবং সেখান থেকে বাংলায় আসেন। তাঁরা কলকাতায় না-নেমে সরাসরি ডেনিশ অধিকৃতি শ্রীরামপুরে গমন করেন। লন্ডনের ডেনিশ রাষ্ট্রদূত শ্রীরামপুরের গবর্নরকে অনুরোধ জানান, তিনি যেন ওয়ার্ড ও তাঁর সঙ্গীদের আশ্রয় দান করেন।

৪ John Thomas (1757-1801), বাংলাদেশে আগত প্রথম ব্যাপটিস্ট মিশনারি। ডাক্তারহিণেবে তিনি প্রথম কলকাতায় আসেন ১৭৮৩ সালে। তিনি মালদায় বসবাস করেন এবং সেখানেই সামান্য বাংলা শেখেন।

নিকট কেরি বাংলা ভাষার সামান্য পরিচয় লাভ করেন, সেই দুর্লভ জ্ঞান নিয়েই কেরি জেনেসিসের অনুবাদ করতে টমাসকে সাহায্য করেন।^৫ ১৭৯৬ সালের ১৬ নভেম্বর কেরি ব্যাপটিস্ট মিশন সোসাইটির কর্মকর্তা অ্যানড্রু ফুলারকে এক চিঠিতে জানান, অনুবাদের কাজ সমাপ্ত, হয়তো এখানে-সেখানে দু-একটি শব্দের পরিমার্জনাই আবশ্যিক।^৬ প্রস্তুত পাণ্ডুলিপি মুদ্রণের ইচ্ছাও তিনি প্রকাশ করেন। এ বিষয়ে তিনি কিছুদিন পরে ফুলারকে পুনরায় লিখেন, কিভাবে ছাপা হবে, অর্থাৎ ইংলণ্ড থেকে খুঁটিনাটিসহ একটি মুদ্রণযন্ত্র প্রেরিত হবে, না কি ভারতবর্ষেই ছাপা হবে, অথবা আদৌ ছাপা হবে কিনা—এর সবটাই নির্ভর করে সোসাইটির ওপর।^৭ সোসাইটি মুদ্রণের, দেশে অথবা বিদেশে, কোনো ব্যবস্থাই করতে পারেনি। তবে কেরি নিষ্ক্রিয় হয়ে থাকেননি। প্রথমে তিনি কলকাতায় ছাপার চেষ্টা করেন। কিন্তু মুদ্রকগণ যখন ছাপার জন্যে অত্যন্ত চড়া দর হাঁকেন, তখন কেরি খানিকটা নিরুৎসাহিত হন। তবে ১৭৯৭ সালের শেষ দিকে ৪০ পাউণ্ড দামে একটি কাঠের মুদ্রণযন্ত্র বিক্রি হচ্ছে,—এই বিজ্ঞাপন দেখে তিনি পুনরায় উৎসাহিত হয়ে ওঠেন এবং অবিলম্বে বিক্রেতার কাছে জানান যে তিনি যন্ত্রটি কিনতে উৎসুক। ১৭৯৮ সালের সেপ্টেম্বর মাসে যন্ত্রটি কেরির তৎকালীন আবাস মদনাবাটীতে পৌঁছে।^৮

একটি মুদ্রণযন্ত্র কিনতে পারার পরে কেরি স্বাভাবিকভাবেই আশা করেন, তাঁর বাংলা বাইবেল ছাপার এতোদিনের স্বপ্ন সত্য হবে। তিনি মনে করেন, ১৭৯৮ সালের বড়দিনের আগেই অন্তত জেনেসিস পর্যন্ত বাংলা অনুবাদের মুদ্রণ শেষ করা সম্ভব হবে।^৯ কিন্তু অভিজ্ঞতাহীন কেরি ও ফাউনটেন^{১০} মুদ্রণকার্যে

৫ এ অনুবাদের নমুনা পাওয়া যায়নি; তবে সদ্য শিক্ষার্থী কেরির বাংলা নিশ্চয় উন্নতমানের ছিলো না।

৬ Potts-এর গ্রন্থে উদ্ধৃত, পৃ. ৮০।

৭ Smith, p. 74.

৮ Ibid.

ধর্মভীরু জর্জ উডনি যন্ত্রটি কেরিকে উপহারস্বরূপ দেন।

৯ খান, পৃ. ৬৯।

১০ কেরির পরে ১৭৯৬ সালে ব্যাপটিস্ট সোসাইটি জন ফাউনটেনকে

বিশেষ কোনো সাফল্য অর্জন করতে পেরেছিলেন বলে মনে হয় না। বাংলা টাইপের অভাব নিশ্চয় তাঁদের কাছে বড় একটি বাধা-
 হিসেবে উপস্থিত ছিলো। ১৭৯৯ সালের জানুয়ারি মাসে কেরি
 সোসাইটিকে জানান, টাইপ ও অন্যান্য খরচসহ এক হাজার কপি
 বাইবেল মুদ্রণ ও বিতরণের জন্যে অন্তত দু'হাজার পাউণ্ডের প্রয়োজন
 হবে।^{১১} এই ব্যয় বহন করা কেরি অথবা সোসাইটি কারো পক্ষে
 সম্ভব ছিলো না। তবু, বাংলা হরফের জন্যে কেরি কিছুকালের
 মধ্যে ২৪০০ টাকা চাঁদা তোলেন এবং আশা প্রকাশ করেন যে,
 তিনি হয়তো ৭০০ পাউণ্ডের মধ্যেই চার খণ্ডে সমগ্র বাইবেল মুদ্রণ
 করতে সক্ষম হবে।^{১২} নতুন উদ্যম নিয়ে কেরি মার্চ মাসে কলি-
 কাতায় আসেন বাংলা হরফ সংগ্রহের আশায়।^{১৩} কিন্তু এই
 টাইপ নিয়ে মুদ্রণকার্য আরম্ভ করার আগেই কেরি জানতে পারলেন
 অল্প দিনের মধ্যেই ওয়ার্ড, মার্শম্যান ও তাঁদের সঙ্গীরা বাংলায়
 আসছেন। তাছাড়া, জুন মাসে ভয়াবহ বন্যার ফলে জর্জ উড-
 নির^{১৪} নীলের ব্যবসা খুবই খতিপ্রস্তু হয় এবং তিনি ব্যবসা গুটিয়ে
 ফেলার সিদ্ধান্ত গ্রহণ করেন।^{১৫} উডনির আশ্রয় ও চাকুরি হারিয়ে
 বলা বাহুল্য, কেরি অসুবিধেয় পড়লেন এবং সাময়িকভাবে ভবিষ্যৎ

কেরির সহায়তা করার জন্যে পাঠান। ১৮০১ সালে তিনি অকালে
 মারা যান।

১১ ১৭৯৯ সালের ১০ জানুয়ারি তারিখে লেখা কেরির চিঠি। Kopf-
 এর পূর্বোক্ত গ্রন্থে উদ্ধৃত, পৃ. ৫৫। যতো খরচ হবে বলে কেরি অনুমান
 করেন, আসলে তার চেয়ে অনেক কম হয়েছিল।

১২ ঐ।

১৩ Dr. Ryland-কে কেরির চিঠি—মদনাবাটি, ১ এপ্রিল ১৭৯৯। Smith
 -এর পূর্বোক্ত গ্রন্থে উদ্ধৃত, পৃ. ৭৮।

১৪ জর্জ উডনি মালদার Commercial Resident ছিলেন। নীলের
 ব্যবসা ছিলো তাঁর নিজস্ব। অত্যন্ত ধর্মভীরু, উডনি আশ্রয় এবং
 সহায়তা না দিলে কেরির পক্ষে প্রথম দিকে খুবই অসুবিধেয় পড়তে
 হতো। তাঁর ব্যবসা খুব লাভজনক ছিলো না, তবু কেরিকে তিনি
 দীর্ঘদিন বিমুখ করতে পারেননি। উডনি পরে গবর্নর জেনারেল
 কাউন্সিলের সদস্য মনোনীত হন এবং মিশনারিদের প্রতি সরকারের
 প্রতিকূলতা দূরীভূত করার চেষ্টা করেন।

১৫ Smith. p. 80.

অন্ধকার দেখলেন। তিনি তখন তাঁর সমস্ত সঞ্চয় দিয়ে উডনির কাছ থেকে খিদিরপুরের (সম্ভবত কেদারপুর) নীলের কারখানাটি কিনে নিলেন এবং সেখানেই ওআর্ড ও তাঁর সঙ্গীদের নিয়ে ভাবী মিশন স্থাপনের পরিকল্পনা করেন। ঘটনাপ্রবাহের এই নতুন মোড় কেবির মুদ্রণ প্রয়াসকে সম্ভবত বিঘ্নিত ও বিলম্বিত করেথা কবে।

ওআর্ড, মার্শম্যান এবং দলভুক্ত অন্যান্যারা কলকাতা এড়িয়ে শ্রীরামপুরে পৌঁছেন ১৭৯৯ সালের ১৩ অক্টোবর তারিখে।^{১৬} ভবিষ্যৎ কর্মপন্থা গ্রহণের জন্যে ওআর্ড মালদা গিয়ে কেবির সঙ্গে দেখা করেন এবং গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শেষ পর্যন্ত কেবির ও তাঁর পরিবারসহ অন্যান্যদের নিয়ে পরবর্তী জানুআরি মাসের পয়লা নৌকা-যোগে শ্রীরামপুরের উদ্দেশ্যে যাত্রা করেন।^{১৭} কেবির এবং তাঁর সঙ্গীরা শ্রীরামপুরে পৌঁছেন ১০ জানুআরি, এবং বলা যায়, সেদিন থেকেই শ্রীরামপুর মিশনের কার্যারম্ভ হয়।

ধর্মপ্রচার ছাড়া মিশনের একটি প্রধান কাজ হলো মদনাবাটি থেকে নিয়ে আসা মুদ্রণযন্ত্রটি স্থাপন করে দ্রুত ছাপার কাজ শুরু করা। দু মাসের চেয়েও কম সময়ের মধ্যে, প্রকৃতপক্ষে, এই কাজ শুরু হতে পারলো। মার্চ মাসের গোড়াতে ওআর্ড তাঁর জার্নালে লেখেন তাঁরা নিজেদের এবং অন্যের খুচরো ছাপার কাজ আরম্ভ করেছেন।^{১৮} ১৮ মার্চ কেবির জীবনের একটি উল্লেখযোগ্য দিন, কারণ, সেদিন তিনি নিজ হাতে তাঁর মঙ্গল সমাচার মাতিউর রচিত 'Gospel of St. Matthew' নামক পুস্তিকার একটি পৃষ্ঠার প্রুফ গ্রহণ করেন।^{১৯} এভাবেই শ্রীরামপুরের বিখ্যাত ছাপাখানা তাঁর যাত্রার সূচনা করে।

প্রারম্ভিক পর্বে এই ছাপাখানার সম্বল ছিলো একটি মাত্র কাঠের

১৬ Ibid, p. 86.

১৭ M. S. Khan, 'Felix Carey : A Prisoner of Hope, Libri, vol., XVI (1966), p. 239.

১৮ এই খুচরো কাজের ধরন বোঝাতে গিয়ে Ward লিখেছেন, '..... a card for ourselves and bill for Mr Dexter's, Potts-এর পূর্বোক্ত গ্রন্থে উদ্ধৃত, পৃ. ১১০।

১৯ ওআর্ড-এর জার্নাল, Smith-এর গ্রন্থে উদ্ধৃত, পৃ. ১৮৭।

মুদ্রণযন্ত্র। তাছাড়া কম্পোজিটরের অভাবে, ওআর্ড' এবং কেব্রির জোঁঠপুত্র ফেলিক্স দুজন মিলে কম্পোজ করতেন। শুধু কম্পোজ কেন, অন্যান্য সব কাজও মিশনারিরা প্রায় নিজেদের হাতেই করতেন।^{১০} প্রেস চালু হওয়ার ঠিক পূর্বে ফেব্রুআরি মাসে কেব্রি একটি চিঠিতে লেখেন, মিশন ও প্রেস চালনার জন্যে মাসিক চারশত টাকা ব্যয় হবে।^{১১} এই হিসেব থেকেই তখনকার মিশন ও প্রেসের পরিধি সম্পর্ক অনুমান করা সম্ভব। ক্ষুদ্র ও নিম্নমানের একটি মুদ্রণযন্ত্র নিয়ে কাজ শুরু করলেও, আন্তরিকতা ও নিষ্ঠার জোরে, মিশনারিরা সফলতার পিথরে পৌঁছাইলেন।^{১২} মে মাসের মধ্যেই কেব্রির পূর্বোক্ত গসপেল গ্রন্থটি মুদ্রিত হয়।^{১৩} আগস্ট মাস নাগাদ এই প্রেস সম্পূর্ণ ২০০০ কপি করে তিন পৃষ্ঠা ছাপার ক্ষমতা অর্জন করে।^{১৪} কেব্রির নিউ টেস্টামেন্টের অনুবাদ ধর্মপুস্তকের ছাপা শুরু হয় মে মাসের মাঝামাঝি এবং ছাপা শেষ হয় পরের বছর ৭ ফেব্রুআরি।^{১৫}

প্রেস সম্পূর্ণসারণের প্রত্যক্ষ প্রমাণ মেলে যখন জানা যায়, ১৮০৩ সালে কেবল হরফ নির্মাণের জন্যেই মিশন মাসে ৭০০ টাকা ব্যয়

২০ M. S. Khan, 'Felix Carey etc', p, 241.

২১ Kopf, p. 74.

২২ প্রেসের কাজে মিশনারিদের একাগ্রতা ও নিষ্ঠার প্রমাণ পাই Ward-এর জার্নাল থেকে। ১৮০০ সালের পরলা আগস্ট তিনি লেখেন, 'Our labours for every day are now regularly arranged. About six o'clock we rise ;...brother Brunsdon, Felix and I to the printing office. At eight the bell rings for family worship...Afterwards br. Carey goes to the translation, or reading proofs ; br. Marshman to school and the rest to the printing office. Our compositor having left us, we do without'—Smith-এর পূর্বোক্ত গৃহে উদ্ধৃত, পৃ. ৯২-৯৩।

২৩ সুকুমার সেন, বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, দ্বিতীয় খণ্ড (ষষ্ঠ সংস্করণ ; কলিকাতা. ১৩৭৭) পৃ. ৯১

২৪ ১ আগস্ট লেখা Ward-এর জার্নাল, Smith-এর গৃহে উদ্ধৃত পৃ. ৯৩।

২৫ বরুণ কুমার মুখোপাধ্যায়, 'বাংলা মুদ্রণের চারযুগ', বামুপ্র. পৃ. ৯৩-৯৪।

করেছে,^{২৬} অথবা ১৮০৪ সালে প্রেস বাৎসরিক ৩৭,৯৬৬ টাকা ব্যয় করেছে।^{২৭} ১৮১২ সালে এই ছাপাখানায় যে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে তার বিবরণ থেকে জানতে পারি, তখন এই ছাপাখানায় মোট পাঁচটি মুদ্রণযন্ত্র ছিলো।^{২৮} ১৮২০ সালে প্রকাশিত Memoir Relating to Translations নামক পুস্তিকা থেকে জানা যায়, এই ছাপাখানায় মুদ্রণযন্ত্রের সংখ্যা তখন ১৭।^{২৯} শ্রীরামপুর এভাবে দ্রুত গতিতে সম্প্রসারিত হয় এবং এদেশের মুদ্রণ ও প্রকাশনার ইতিহাসে একটি দৃষ্টান্ত স্থাপন করে।

বস্তুত, আলোচ্য ছাপাখানা চালু হওয়ার দিনটি একাধিক কারণে এদেশের মুদ্রণের ইতিহাসে অত্যন্ত উজ্জ্বল। সবচেয়ে বড়ো কারণ, বাংলা মুদ্রণের ব্যাপারে এই প্রেস একটি অতুলনীয় ভূমিকা পালন করে। শ্রীরামপুর প্রেস স্থাপিত হওয়ার আগে ২২ বছর বাংলা ভাষায় কেবল হ্যান্‌সেডের বাংলা ব্যাকরণ, ডানকান, অ্যাডমন্স্টোন, মায়ার ও ফরস্টার প্রমুখের আইন বিষয়ক কয়েকখানি গ্রন্থ, আপস্রন ও ফরস্টারের দুখানি ইংরেজি-বাংলা অভিধান এবং জন মিলারের শিক্ষাগুরু নামক একখানি ইংরেজি বিষয়ক পুস্তিকা প্রকাশিত হয়। অপরপক্ষে, শ্রীরামপুর প্রেস প্রথম দুবছরেই বাংলা গ্রন্থ প্রকাশনার ব্যাপারে এই সংখ্যা ছাড়িয়ে যায়। প্রকৃতপক্ষে, এ কথা বললে অত্যাঙ্গি হয় না যে, বাংলা গ্রন্থাদির প্রকাশ রীতিমতো শুরু হয় শ্রীরামপুর প্রেস থেকেই। বাংলা মুদ্রণ বিষয়ে এই ছাপাখানা দীর্ঘদিন অতুলনীয় বলে বিবেচিত হতো। ১৮১৮ সাল পর্যন্ত বাংলা ছাপার ব্যবস্থা ছিলো সাধারণত ফেরিস অ্যান্ড কম্পানি, হিন্দুস্থানী প্রেস, সংস্কৃত প্রেস, বাঙ্গালি যন্ত্র ও বেসল গেজেট প্রেসে।^{৩০} কিন্তু মুদ্রণের পরিমাণ বা উৎকর্ষের দিক দিয়ে শ্রীরামপুর প্রেসের সঙ্গে এগুলির

২৬ Carey to Dr. Ryland, Serampore, 14 Dec. 1803 ; Smith -এর গৃহে উদ্ধৃত। পৃ. ১৮০।

২৭ Kopf, p. 77.

২৮ K. S. Diehl, Early Indian Imprints; (New York, 1964), গৃহে উল্লিখিত পৃ. ৫০-৫২।

২৯ Diehl-এর গৃহে উদ্ধৃত ; পৃ. ৫৯।

৩০ ব্রজেননাথ বন্দ্যোপাধ্যায়, গঙ্গাবিশোর ভট্টাচার্য, পৃ. ৯।

তুলনা চলতে পারে না। ব্যবসায়িক ভিত্তিতে বাংলা মুদ্রণের ব্যাপারে কেবল পথিকৃৎই ছিলো না, তাকে এক অপূর্ব মানও দিয়েছিলো এই প্রেস।

দ্বিতীয় কারণ যার জন্যে শ্রীরামপুর প্রেসকে এদেশের মুদ্রণের ইতিহাসে বিশেষ আসন দিতে হয়, তা হলো কেবল বাংলা নয়, ভারতবর্ষীয় বিভিন্ন ভাষায় মুদ্রণের ব্যাপারেও এই প্রেস পথিকৃৎের ভূমিকা পালন করে। প্রকৃতপক্ষে, শ্রীরামপুরেই এই ভাষাগুলির অধিকাংশের প্রথম হরফ নিমিত্ত ও প্রথম গ্রন্থ মুদ্রিত হয়।^{৩১}

মিশন প্রেসের অন্য একটি কৃতিত্ব মুদ্রণব্যবস্থাকে সাধারণ মানুষের নাগালের মধ্যে নিয়ে আসা,—এ বিষয়ে আমরা আগেই উল্লেখ করেছি।

অবশ্য শ্রীরামপুরের এই সাফল্য একাধিক যোগাযোগের ফলেই সম্ভব হয়েছে। আমরা দেখেছি, ছাপাখানা প্রতিষ্ঠার পেছনে কেরির আসল উদ্দেশ্য ছিলো বাংলায় বাইবেল মুদ্রণ করা। পরবর্তীকালে যতোগুলি ভাষায় বাইবেল অনূদিত ও মুদ্রিত হয়, বাংলাদেশে অবস্থানের প্রথম সাত-আট বছর কেরি সম্ভবত সে-সব ভাষায় বাইবেল প্রকাশের কথা ভাবেননি। কিন্তু আশাতীত সফলতার পিছনে ছিলো প্রধানত দুটি কারণ। লর্ড ওয়েলেসলি কর্তৃক ফোর্ট উইলিআম কলেজ স্থাপন তার একটি। ওয়ার্ড, ফেলিক্স, কেরি, ব্রানস্‌ডন প্রমুখের সহায়তায় কেরি যখন ১৮০০ সালের শুরুতে আলোচ্য ছাপাখানার কার্যারম্ভের পরিকল্পনা করছিলেন, তখন পনেরো মাইল দূরে কলকাতায় মাকুইস ওয়েলেসলিও এই কলেজ স্থাপনের পরিকল্পনা করেছিলেন।^{৩২} এ বছর ১০ জুলাই ওয়েলেসলি এ কলেজ স্থাপনের কথা ঘোষণা করেন এবং আশা প্রকাশ করেন যে, এই কলেজে শিক্ষা গ্রহণ করে কম্পানির 'inept', 'self-seeking' কর্মচারীরা 'efficient' ও 'devoted' সিভিল সার্ভেন্টে পরিণত

৩১ এ সম্পর্কে বিস্তৃত আলোচনার জন্যে তৃতীয় অধ্যায় দ্রষ্টব্য।

৩২ ওয়েলেসলির মনে কলেজের পরিকল্পনা জাগে ১৭৯৮ সালে। এই বছরই তিনি J. B. Gilchrist-কে কলেজের Pilot project-এর পরিচালক নিযুক্ত করেন। Kopf, p. 5.

হবেন।^{৩৩} এই কলেজের Statutes ঘোষিত হয় আরো কয়েক সপ্তাহ পরে—১৮ আগস্ট এবং কলেজের কাজ শুরু হয় ২৪ নভেম্বর। অধ্যাপনা করার জন্যে সৌভাগ্যক্রমে কয়েকজন যোগ্য পণ্ডিতকে পাওয়া যায়। ওয়ারেন হেস্টিংসের উৎসাহ ও সহায়তায় স্যার উইলিঅাম জোনস, চার্লস উইলকিন্স প্রমুখ কর্মচারীরা মিলিতভাবে ১৭৮৪ সালে যে Asiatic Society স্থাপন করেন, পূর্বোক্ত পণ্ডিতগণ তাকে কেন্দ্র করে নানা গবেষণাকর্মে পূর্ব থেকেই আত্মনিয়োগ করেছিলেন। H. T. Colebrooke, J. B. Gilchrist, Francis Gladwin, John Baillie প্রমুখ পণ্ডিত বিভিন্ন বিভাগের ভার গ্রহণ করেন। কিন্তু বাংলা বিভাগের দায়িত্ব গ্রহণ করার মতো যোগ্য লোকের অভাব কলেজ কর্তৃপক্ষ তখন প্রকটভাবে অনুভব করেন। বোধহয় এই জন্যেই মিশনারিদের কার্যকলাপ অপছন্দ করা সত্ত্বেও, সরকার শেষ পর্যন্ত কেরিকে ডেকে এই পদ পূরণের চেষ্টা করেন। কলেজ উদ্বোধনের আগের দিন—২৩ নভেম্বর কলেজের ভাইস-প্রোভোস্ট Claudius Buchanan^{৩৪} কেরিকে বিশেষ প্রয়োজনীয় আলাপের জন্যে ডেকে পাঠান।^{৩৫} এই আলাপই সরকার ও মিশনারিদের বিরোধের নিষ্পত্তির সূচনা করে।^{৩৬} বাংলা বিভাগের দায়িত্ব নিয়ে কেরি কলেজের অভাব পূরণ করবেন, এই প্রতিশ্রুতি কেরি, শ্রীরামপুর মিশন, বাংলা ভাষা ও সাহিত্য, এবং ফোর্ট উইলিঅাম কলেজ সকলের জন্যেই মঙ্গলের কারণ হয়েছিলো। তবে এর ফলে বোধহয় বাংলা ভাষা ও সাহিত্যই সবচেয়ে বেশি উপকৃত হয়েছিলো।

৩৩ Kopf, p. 47.

৩৪ Claudius Buchanan (1766-1815) কম্পানির ধর্মযাজক হিসেবে কলকাতায় আসেন ১৭৯৭ সালে। ফোর্ট উইলিঅাম কলেজ স্থাপিত হওয়ার সময় থেকে ১৮০৭ সাল পর্যন্ত তিনি কলেজের ভাইস প্রোভোস্ট ও অধ্যাপকরূপে কাজ করেন। পরে তিনি ভারত-বর্ষে খৃস্টান ধর্ম প্রচারের কাজে আত্মনিয়োগ করেন।

৩৫ Kopf, p. 56.

৩৬ বছরের শেষ দিকে ইংরেজ সৈন্যরা সাময়িকভাবে শ্রীরামপুর দখল করে নেয়। সরকারের সঙ্গে বিরোধের মীমাংসা না হলে, এ সময় শ্রীরামপুরে মিশনের অবস্থা কী হতো, তা কল্পনার বিষয়। কিন্তু পরিবর্তিত প্রেক্ষিতে মিশনের কার্যকলাপ মোটেই বিঘ্নিত হয়নি।

কলেজের সঙ্গে কেবির যোগাযোগ নানাভাবে শ্রীরামপুর প্রেসের সৌভাগ্য ডেকে আনে। কেবির বেতন হিসেবে কলেজ থেকে যে টাকা পেতেন ৩৭ তার সামান্যই—বার্ষিক ২০ পাউণ্ড—নিজের জন্য গ্রহণ করতেন; বাকিটা প্রেস ও মিশনের জন্যে ব্যয়িত হতো। এই অর্থ প্রথম দিকে প্রেসের উন্নয়নে নিশ্চয় যথেষ্ট সহায়তা করে থাকবে। তাছাড়া, অচিরেই ফোর্ট উইলিআম কলেজের পাঠ্য-পুস্তক মুদ্রণ করে মিশন প্রেস বেশ অর্থ উপার্জন করে। শ্রীরামপুরের ডেনিশ সরকারের সকল মুদ্রণকর্ম এবং কলকাতার ব্যবসায়ীদের খুচরো কাজ করেও এই প্রেস যথেষ্ট আয় করতো। ৩৮ ফোর্ট উইলিআম কলেজের সঙ্গে এই যোগাযোগের ফলে আর্থিক লাভের অতিরিক্ত আরো একটি লাভ হয় সেখানে চাকুরিরত বিভিন্ন ভাষাভাষী দেশীয় পণ্ডিতদের কাছ থেকে। এই পণ্ডিতদের কারো কারো সহায়তায় কেবির বিভিন্ন ভাষায় বাইবেলের অনুবাদ করতে সক্ষম হন। এই অনুবাদ মুদ্রণ করতে গিয়েই মিশন প্রেস অনেকগুলি ভাষার হরফ নির্মাণ করে এবং বহু ভাষায় ছাপার দক্ষতা অর্জন করে। অপর পক্ষে, ফোর্ট উইলিআম কলেজের সহায়তা না পেলে শ্রীরামপুর প্রেস এতো কম সময়ের মধ্যে বিভিন্ন ভাষার এতো বিপুল সংখ্যক গ্রন্থ মুদ্রণ ও প্রকাশ করতে সক্ষম হতো কিনা, সে বিষয়ে সন্দেহ করা যায়। কেবল ধর্মীয় গ্রন্থ প্রকাশের উদ্দেশ্য নিয়ে পরিচালিত গোয়া এবং প্রথম দিককার দক্ষিণ ভারতীয় প্রেসগুলির ব্যর্থতা আমরা ইতিপূর্বে লক্ষ্য করেছি। বাইবেলের অনুবাদ মুদ্রণের সঙ্গে সঙ্গে খুচরো ব্যবসায়িক কাজ করে শ্রীরামপুর প্রেস হয়তো তার

৩৭ কেবির নিযুক্ত হন মাসিক ৫০০ টাকা বেতনে। কিন্তু অধ্যাপকদের ন্যূনতম বেতন ছিলো ১০০০ টাকা। গিলক্রিস্ট পেতেন ১৫০০; জন বেইলি ২৬০০ টাকা। কেবির আসলে অধ্যাপক নিযুক্ত হননি—কলেজের statutes-এ বাধা ছিলো। আইনত তখন কলেজের অধ্যাপকদের Church of England-এর বশ্যতা স্বীকার করে শপথ নিতে হতো। কেবির পক্ষে সেটা সম্ভব ছিলো না। —Carey to Dr. Ryland, Serampore, 15 June, 1801, তাছাড়া, কলেজ কর্তৃপক্ষ কেবরিকে উচ্চশিক্ষিত বড়ো পণ্ডিত বলেও মনে করতেন না। এজন্যই কেবির অধ্যাপক না হয়ে, নিযুক্ত হলেন 'Teacher' হিসেবে।

৩৮ Potts, p. 110; p. 174.

অস্তিত্ব বজায় রাখতে পারতো, কিন্তু ভারতবর্ষীয় মুদ্রণ ও প্রকাশনার ইতিহাসে এতো বড়ো অবদান রাখতে পারতো না। ১৮০৩ থেকে ১৮১৭ সালের মধ্যে বঙ্গদেশে প্রকাশিত গ্রন্থাদির ভেতর শ্রীরামপুরে মুদ্রিত গ্রন্থের সংখ্যা এবং ভাষা ও বিষয়গত বৈচিত্র্য থেকেই শ্রীরামপুরের স্থান নির্ণীত হয়।

প্রকৃতপক্ষে, কেবল শ্রীরামপুর প্রেসই নয়, ফোর্ট উইলিআম কলেজের পৃষ্ঠপোষণায় কলকাতায় অন্তত আরো তিনটি ভালো ছাপাখানা প্রতিষ্ঠিত হয়। এই ছাপাখানাগুলি থেকে প্রকাশিত গ্রন্থাদি বঙ্গদেশের মুদ্রণ ও প্রকাশনার মান রীতিমতো উন্নীত করে। আমরা দেখেছি, শ্রীরামপুর প্রেস স্থাপিত হওয়ার আগে গ্রন্থাদি প্রকাশিত হতো প্রধানত কলকাতায় বসবাসকারী বিদেশীদের ভাষাগত, ধর্মীয় ও চাকুরি সংক্রান্ত আবশ্যিক প্রয়োজনের কথা মনে রেখে। এশিয়াটিক সোসাইটি এবং ফোর্ট উইলিআম কলেজই প্রথম বিশুদ্ধ জ্ঞান ও সাহিত্যবিষয়ক গ্রন্থাদি প্রকাশের অনুপ্রেরণা জোগায়। এর মধ্যে এশিয়াটিক সোসাইটি যেহেতু আর্থিক দিক দিয়ে সচ্ছল ছিলো না, সেজন্যে ফোর্ট উইলিআম কলেজই আসলে আর্থিক পৃষ্ঠপোষণা করতে পারতো।^{৩৯} ১৮০১ সাল থেকে ১৮১৩ সালের মধ্যে গ্রন্থাদি প্রকাশের ব্যাপারে পৃষ্ঠপোষণা বাবদ কলেজ মোট ২,৬৪,১০৬ টাকা ব্যয় করে।^{৪০}

৩৯ প্রথমে যারা সোসাইটির সদস্য ছিলেন তাঁদের মধ্যে থেকেই ফোর্ট উইলিআম কলেজের অধিকাংশ অধ্যাপক নিযুক্ত হন। গিলক্রিস্ট একদিকে কলেজের প্রডাবশালী অধ্যাপক, অন্যদিকে সোসাইটির সম্পাদক ছিলেন (১৮০০-১৮০৪)। কোলরুক যুগপৎ কলেজ ও সোসাইটির সভাপতি ছিলেন। উইলিআম হান্টার ১৮০৪ সাল থেকে সোসাইটির এবং ১৮০৫ সাল থেকে কলেজের সম্পাদক পদে অধিষ্ঠিত হন। আবার ফোর্ট উইলিআম কলেজের শিক্ষক হিসেবেও কেউ কেউ সোসাইটির সঙ্গে যুক্ত হন (যেমন কেরি)। মোটকথা, উভয় প্রতিষ্ঠান উভয়ের স্বার্থের দিকে লক্ষ্য রাখে। ১৮০৮ সালে কলেজ লাইব্রেরীর একটি অংশ সোসাইটিতে স্থানান্তরিত হয়। বাইরে থেকে কোনো পাণ্ডুলিপি সোসাইটিতে পাঠালে সাধারণত কলেজই তার বিল পরিশোধ করতো। বিস্তৃত বিবরণের জন্য চম্‌টবা : Kopf-এর পূর্বোক্ত গ্রন্থ।

৪০ Kopf, p. ৪৬.

ফোর্ট উইলিআম কলেজের প্রত্যক্ষ সহযোগিতায় কলকাতায় যে তিনটি ছাপাখানা স্থাপিত হয়, তার মধ্যে প্রথমটি স্থাপিত হয় ১৮০২ খৃস্টাব্দে। এই বছরের ১২ জানুআরি তারিখে অনুষ্ঠিত কলেজ কাউন্সিলের সভার বিবরণী থেকে জানা যায়, গিলক্রিস্ট ১৮০১ সালে কলেজের জন্যে যে পাঠ্যপুস্তকগুলি প্রণয়ন ও প্রকাশ করেন, তার বাবদ তিনি কলেজের কাছে ৬৩,০০০ টাকা দাবী করেন।^{৪১} গিলক্রিস্ট আরো জানান, উর্দু ভাষা ও সাহিত্যের গবেষণায় তাঁর সকল সামর্থ্য নিয়োজিত করতে হলে কয়েকটি শর্ত পূরণ করা প্রয়োজন। চারটি শর্তের তিনটিই প্রকাশনা সংক্রান্ত। এই শর্তগুলি হলো—এক, তাঁর নিজের একটি ছাপাখানা আবশ্যিক; দুই, তাঁর প্রকাশিত গ্রন্থাদির একটা নির্দিষ্ট সংখ্যক কপি কলেজ কর্তৃপক্ষের কিনতে হবে; এবং তিন, তাঁর প্রকাশিত গ্রন্থাদি যথেষ্ট বিক্রয় করার অধিকার তাঁর থাকবে। কলেজ কাউন্সিল এর সব-গুলিই মেনে নেন।^{৪২} ফলে, এ বছরই গিলক্রিস্ট তাঁর হিন্দুস্থানী প্রেসের কাজ আরম্ভ করতে সমর্থ হন।^{৪৩} ৩০ জুন অনুষ্ঠিত কলেজ কাউন্সিলের আর-একটি সভার কার্যবিবরণী থেকে জানা যায় এই প্রেস স্থাপনের ব্যাপারে গিলক্রিস্ট ফ্রানসিস গ্যাডউইনের সহায়তা লাভ করেছিলেন।^{৪৪}

হিন্দুস্থানী প্রেস থেকে গিলক্রিস্ট কেবল প্রচুর অর্থ উপার্জন করেননি, সেই সঙ্গে এই প্রেস এদেশে হিন্দুস্থানী মুদ্রণের ক্ষেত্রে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। য়োরোপীয় যতিচিহ্ন ব্যবহার করে এবং প্রত্যেক শব্দের বর্ণগুলিকে যথাসম্ভব সংযুক্ত করে, তিনি হিন্দুস্থানী মুদ্রণের মানোন্নয়ন করেন। নতুন ধরনের হরফ নির্মাণের পরিকল্পনা করেও তিনি প্রশংসনীয় ভূমিকা পালন করেন। অতিরিক্ত চিহ্নাদি (diacritic)ব্যবহার করে তিনি ফারসি, নাগরী ও আরবি বর্ণমালায় রোমান বর্ণমালার সমধ্বনিজ্ঞাপক বর্ণাদি

৪১ Kopf,-এর গৃহে উদ্ধৃত, p. 81.

৪২ Kopf-এর গৃহে উল্লিখিত, p. 82.

৪৩ Ibid, উইলিআম হাস্টারও এ প্রেসের আংশিক মালিক ছিলেন বলে মনে হয়।

৪৪ Ibid., p. 115, f.n. 3.

তৈরি করেন।^{৪৫} প্রখ্যাত রামকমল সেন এই প্রেসের কম্পোজিটর হিসেবে কাজ শুরু করেন এবং শেষ পর্যন্ত প্রধান পরিচালক হন।

ফোর্ট উইলিয়াম কলেজ আরো একটি মূদ্রণযন্ত্র স্থাপনের ব্যাপারে অর্থ সাহায্য প্রদান করে। এই প্রেসটি হলো Mathew Lumsden-এর Persian Press। ১৮০৫ সালের ২০ সেপ্টেম্বর তারিখে অনুষ্ঠিত কলেজ কাউন্সিলের সভার বিবরণী থেকে এই অর্থ সাহায্যের কথা জানা যায়।^{৪৬} এই প্রেস স্থাপনের প্রস্তাব পেশ করে Lumsden বলেন, তিনি কলকাতার সবচেয়ে যোগ্য ফারসি মুনশিদের কাজে লাগিয়ে ফারসি মূদ্রণের উৎকর্ষ বিধান করবেন। কলেজের ফারসি বিভাগের অধীনে এই প্রেস প্রতিষ্ঠিত হলে ফারসি ভাষার পঠনপাঠনে তা যথেষ্ট সাহায্য করবে।^{৪৭}

ফোর্ট উইলিয়াম কলেজের আনুকূল্যে স্থাপিত তৃতীয় ছাপাখানার নাম Sanskrit Press বা বাবুরামের প্রেস। খিদিরপুরে এই প্রেস স্থাপিত হয় ১৮০৭ সালে।^{৪৮} ১৮০৮ সালের ২৭ ফেব্রুয়ারি কলেজের সপ্তম বাষিক পরীক্ষা উপলক্ষে পদত্বে ভাষণে লর্ড মিন্টো এই প্রেসের উল্লেখ করে বলেন,—

A Printing press has been established by learned Hindoos, furnished with complete founts of improved Nagree types of different sizes, for the printing of books in Sanskrit language. This press has been encouraged by the college to undertake an edition

৪৫ Ibid., p.82.

৪৬ Mathew Lumsden (১৭৭৭-১৮৩৫) কম্পানির চাকুরি নিয়ে ১৭৯৪ সালে ভারতে আসেন। প্রথম থেকেই তিনি আরবি-ফারসি অধ্যয়নে মনোনিবেশ করেন। ১৮০৩ সালে তিনি ফোর্ট উইলিয়াম কলেজের সরকারি অধ্যাপক নিযুক্ত হন। অধ্যাপক হন ১৮০৮ সালে। ১৮১২ সালে তিনি কলকাতা মাস্টার সম্পাদক পদে অধিষ্ঠিত হন।

৪৭ Kopf., p. 115.

৪৮ Ibid., p. 86.

৪৯ Ibid., p. 118. ব্রজেননাথ বন্দ্যোপাধ্যায়ের মতে ১৮১৬/০৭ সালে। ব্রজেননাথ বন্দ্যোপাধ্যায়, গঙ্গাকিশোর ভট্টাচার্য, পৃ. ৯।

৫০ T. Roebuck, The Annals of the Collage of Fort William (Calcutta, 1819), p. 155.

of the best Sanskrit Dictionaries, and a compilation of the Sanskrit rules of Grammar. The first of these works is completed.

লর্ড মিন্টো উল্লিখিত এই অভিধানের নাম অমরকোষ এবং এ অভিধান ১৮০৭ সালে প্রকাশিত বলে মনে হয়।^{৫১} অমরকোষ ১৮০৭ সালে প্রকাশিত হয়ে থাকলে আরো আগে না হলে প্রেসটি অন্তত ১৮০৭ সালে স্থাপিত হতে হয়।

সংস্কৃত প্রেস প্রতিষ্ঠা ও কলেজের তানুকূল্য লাভের পেছনে কোলব্রুকের সহায়তা ছিলো। পূর্বোক্ত অমরকোষ গ্রন্থের শেষে এই গ্রন্থ কোলব্রুকের আশ্রয় মুদ্রিত বলে উল্লিখিত হয়েছে। আসলে, এই প্রেস স্থাপনের ব্যাপারে কোলব্রুকের সাহায্য থাকা খুব সম্ভব। কারণ, কলেজের চাকুরি ছেড়ে দেওয়ার পরে^{৫২} তিনি গভর্নর জেনারেলের কাউন্সিলের সদস্য এবং কলেজ কাউন্সিলের সভাপতি নিযুক্ত হন, তবে সংস্কৃত ভাষা ও সাহিত্যের পঠনপাঠন বিষয়েও তাঁর উৎসাহ অক্ষুণ্ণ থাকে।^{৫৩} প্রাচীন ভারত, সংস্কৃত ভাষা এবং এদেশের ধর্ম ও জীবন সম্পর্কে তাঁর অনুরাগে কোন খাদ ছিলো না। তিনি যে উচ্চপদে অধিষ্ঠিত ছিলেন, তাতে তাঁর পক্ষে একটি সংস্কৃত ভাষার ছাপাখানা স্থাপনের বিষয়ে সাহায্য করাও শক্ত কাজ ছিলো না। নয়তো অজ্ঞাত-অখ্যাত বাবুরামের^{৫৪} পক্ষে ভালো প্রেস স্থাপন করা প্রায় অসম্ভব বলে বিবেচনা করা যায়।^{৫৫} বাবুরাম পুথমে এ প্রেসের ম্যানেজার বলে কথিত হলেও

৫১ ব্রজেননাথ বন্দ্যোপাধ্যায়, গঙ্গাকিশোর ভট্টাচার্য, পৃ. ৯। অভিধানটি সম্পাদনা করেন কোলব্রুক নিজে।

৫২ ১৮০৭ থেকে ১৮১২ সাল কোলব্রুক গভর্নর-জেনারেলের কাউন্সিলের সদস্য। ১৮০৭ থেকে ১৮১৪ সাল এশিয়াটিক সোসাইটির সভাপতি ছিলেন।

৫৩ ১৮০৭ সালের পরেও সংস্কৃতি ও ভারতবিন্যাস বিষয়ে তাঁর একাধিক গ্রন্থ প্রকাশিত হয়।

৫৪ বাবুরাম ফোর্ট উহালআম কলেজের সংস্কৃত বিভাগের পণ্ডিত ছিলেন। ১৮০৯ সালে ব্রজ ভাষায় সম্পাদিত তাঁর একটি গ্রন্থও প্রকাশিত হয়।

৫৫ তখনো পর্যন্ত কোনো দেশীয় লোকের পক্ষে প্রেস স্থাপন করা সম্ভব হয়নি। পরবর্তী এগারো বছরের মধ্যেও কোনো বাঙালি ছাপাখানা স্থাপন করতে পারেননি।

১৮০৯ সালের কলেজ কাউন্সিলের বিবরণীতে তাঁকেই মালিক বলে উল্লেখ করা হয়।^{৫৬} ১৮১২ সাল পর্যন্ত এই প্রেস খুব কৃতিত্বের সঙ্গে মুদ্রণের কাজ করতে থাকে। এই বছর এই ছাপাখানায় মুদ্রিত মনুসংহিতা এই প্রেস থেকে প্রকাশিত উল্লেখযোগ্য গ্রন্থগুলির অন্যতম। ১৬০০ পৃষ্ঠার বিপুলায়তন এই গ্রন্থটির জন্যে কলেজ সংস্কৃত প্রেসকে ৩০০০ টাকা অর্থ সাহায্য দান করে।^{৫৭}

সংস্কৃত প্রেসের মালিকানার পরিবর্তন হয় ১৮১৪/১৫ সালে। ১৮১৪ সাল পর্যন্ত মুদ্রিত গ্রন্থে বাবুরামের নাম এবং ১৮১৫ সাল থেকে মুদ্রিত গ্রন্থে আমরা লল্লুলালের নাম লক্ষ্য করি।^{৫৮} বাবুরামের প্রেসই যে পরবর্তীসময়ে লল্লুলালের মালিকানায় আসে এ বিষয়ে ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় উল্লেখ করেছেন যে, বাবুরাম এবং লল্লুলাল উভয়ের ছাপাখানার নামই সংস্কৃত প্রেস এবং উভয় প্রেসের মুদ্রক একই ব্যক্তি—মদন পাল।^{৫৯} একমাত্র অমিল যা লক্ষণীয় তা হলো অবস্থান সম্পর্কে। বাবুরামের প্রেস—আগেই বলা হয়েছে খিদিরপুরে অবস্থিত ছিলো, লল্লুলালের প্রেস ছিলো পটলডাঙায়।^{৬০} ১৮২৪ সালে ফোর্ট উইলিয়াম কলেজের চাকুরি থেকে বিদায় নেওয়ার পর লল্লুলাল তাঁর প্রেসটিও কলকাতা থেকে আশ্রয় নিয়ে যান।^{৬১} কলকাতায় স্থাপিত প্রথম দেশীয় মুদ্রণশালার ইতিহাস এভাবেই নৈঃশব্দে মধো হারিয়ে যায়।

ভ্রূগত দিক দিয়ে সংস্কৃত প্রেস উচ্চমানের পরিচয় দেয় এবং ঊনবিংশ শতাব্দীর প্রথম পাদে এদেশের মুদ্রণশিল্পের ক্ষেত্রে একটি

৫৬ Kopf., p. 118.

৫৭ Ibid.

৫৮ ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, গঙ্গা কিশোর ভট্টাচার্য, পৃ. ৮।

৫৯ ঐ, পৃ. ৯।

৬০ ঐ, পৃ. ৮-৯। হয়তো লল্লুলাল কাজে সুবিধার জন্যে প্রেসটি নতুন জায়গায় সরিয়ে নেন।

৬১ পৃ. ৮, পাদটিকা।

লল্লুলাল কবি (Lulloolal Kubi) ১৮০২ সালে মাসিক পঞ্চাশ টাকা।

বেতনে ফোর্ট উইলিয়াম কলেজের সংস্কৃত ভাষার পণ্ডিত নিযুক্ত হন।

তাঁর কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ প্রকাশিত হয়। (গ্রন্থপঞ্জী পৃ. ৮৩)।

বিশিষ্ট স্থান অধিকার করে। আলোচ্য সময়ে শ্রীরামপুর প্রেস সংস্কৃত মুদ্রণের জন্যে পৃথিবীর মধ্যে সর্বোৎকৃষ্ট বলে বিবেচিত হতো।^{৬২} বিশেষভাবে সংস্কৃত ও হিন্দি ছাপার দীর্ঘদিনের অনুশীলন ও অভিজ্ঞতার ফলস্বরূপ বাবুরামের প্রেস ক্রমশ শ্রীরামপুরের অতুলনীয় কৃতিত্বের অংশীদার হতে সমর্থ হয়। Diehl-এর মতে তাঁর দেখা সংস্কৃত প্রেসে মুদ্রিত প্রত্যেকটি গ্রন্থই 'a fine specimen'।^{৬৩}

১৮০৭ সালে সংস্কৃত প্রেস স্থাপিত হওয়ার পর থেকে ১৮১৮ সালের পূর্ব পর্যন্ত বঙ্গদেশে অন্য এমন কোনো প্রেস স্থাপিত হয়নি, এদেশের মুদ্রণের ইতিহাসে যা উল্লেখযোগ্য। Lumsden-এর Persian Press-এর মালিকানা বদল হতে হতে শেষ পর্যন্ত একজন দেশীয় মুসলমানের হাতে পড়ে; বিখ্যাত Hindoostanee Press-এর মালিকানাও এসময়ে একাধিকবার বদল হয়, কিন্তু বড়ো কোন নতুন ছাপাখানার একালে প্রতিষ্ঠিত হয়নি। অপর পক্ষে, ১৮১৮ খৃস্টাব্দ নানা কারণে একটি সমরণীয় বছর। এ বছর কলকাতায় ব্যাপটিস্ট মিশনারিদের উদ্যোগে ব্যাপটিস্ট মিশন প্রেস স্থাপিত হয়; এই প্রেসটি পরবর্তীকালে কলকাতায় বৃহত্তম ও উৎকৃষ্টতম ছাপাখানা বলে পরিচিত হয়। এই প্রেস একদিকে যেমন শ্রীরামপুর প্রেসের মতো অনেকগুলি ভাষায় মুদ্রণের কাজ করতো, তেমনি গুণগত দিক দিয়েও সে শ্রীরামপুরের শ্রেষ্ঠত্ব অর্জন করে। এই অর্জনের বড়ো কারণ W. H. Pearce^{৬৪} ও John Lawson-এর^{৬৫} মুদ্রণ বিষয়ে পারদর্শিতা। Pearce মুদ্রণ সম্পর্কিত শিক্ষা লাভ করেন প্রথমে অক্সফোর্ডের বিখ্যাত Clarendon Press-এ এবং পরে শ্রীরামপুরে ওয়ার্ডের কাছে। Lawson ছিলেন রীতিমতো পেশাদার মুদ্রক।

৬২ Kopf, p. 70.

৬৩ Diehl, Early Indian Imprints, p.67.

৬৪ Pearce এদেশে আসেন ১৮১৭ সালে। প্রথমে তিনি শ্রীরামপুর মিশনে যোগদান করেন। পরে William Yates-এর সঙ্গে কলকাতার ব্যাপটিস্ট মিশন সোসাইটি স্থাপন করেন। ১৮৪০ সালে তিনি মারা যান।

৬৫ হরফ নির্মাণের প্রসঙ্গে আমরা তাঁর পুনরুৎসাহ লক্ষ্য করবো। Lawson এদেশে আসেন ১৮১২ সালে এবং ১৮২৫ সালে মারা যাওয়ার পূর্ব পর্যন্ত কলকাতার মিশন প্রেসের সঙ্গে যুক্ত ছিলেন।

এঁদের দুজনের নেতৃত্বে, ব্যাপটিস্ট মিশন প্রেস কেবল ভারতবর্ষের নয় সমগ্র প্রাচ্য দেশসমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ মুদ্রণশালার গৌরবলাভ করে।

১৮১৮ সালে গঙ্গাকিশোর ভট্টাচার্যের^{৬৬} Bengal Gazette Press স্থাপনের ঘটনাকেও বিশেষ তাৎপর্যপূর্ণ বলে অভিহিত করা যায়। The Friend of India পত্রিকার মতে, বাবুরামের পরে গঙ্গাকিশোরই প্রথম দেশীয় ব্যক্তি যিনি একটি মুদ্রণযন্ত্র স্থাপনের কৃতিত্ব দাবি করতে পারেন।^{৬৭} বাবুরামের প্রেস স্থাপনের ব্যাপারে সরকারি আনুকূল্য ছিলো, কিন্তু বর্তমান প্রেসটি প্রতিষ্ঠিত হয় বেসরকারি উদ্যোগে। তা ছাড়া এটিই বাঙালি কর্তৃক স্থাপিত প্রথম ছাপাখানা। এই প্রেসের দৃষ্টি দু বছরের মধ্যে বাঙালিদের উদ্যোগে আরো তিনটি ছাপাখানা স্থাপিত হয়।^{৬৮}

এ দেশের মুদ্রণের ইতিহাসে ১৮১৮ সালে বিশেষ উল্লেখযোগ্য বলে বিবেচিত হওয়ার সবচেয়ে বড়ো কারণ, এ বছর এপ্রিল মাসে 'দিগ্‌দর্শন' নামক মাসিক ও ২৩ মে তারিখে^{৬৯} সমাচার দর্পণ নামক সাপ্তাহিক সংবাদ পত্রিকা প্রকাশিত হয়। 'দিগ্‌দর্শন' প্রথম বাংলা সাময়িকপত্র এবং সমাচার দর্পণ প্রথম বাংলা সংবাদপত্র। সমাচার দর্পণ প্রকাশিত হওয়ার অব্যবহিত পরে পূর্বেক্ত গঙ্গাকিশোর ভট্টাচার্যের বাঙ্গালা গেজেট নামক সাপ্তাহিক সংবাদ পত্রও প্রকাশিত হয়।^{৭০} গঙ্গাকিশোর ভট্টাচার্যের পত্রিকাই দেশীয়দের দ্বারা

৬৬ ভূমিবশত Natarajan (p. 26) ও Ingham (Reformers in India [Cambridge, 1656], p. 103) একে গঙ্গাধর ভট্টাচার্য বলে উল্লেখ করেছেন।

৬৭ ব্রজেননাথ বন্দ্যোপাধ্যায়ের বাংলা সাময়িকপত্র (চতুর্থ সংস্করণ, কলিকাতা, ১৩৭৯) গ্রন্থে উদ্ধৃত; পৃ. ১৩। Smith-ও অনুরূপ উক্তি করেছেন। p. 203.

৬৮ Smith, p. 203. Smith-এর মতে, গঙ্গাকিশোর 'soon made so large a fortune - that three native rivals spring up...'.

৬৯ C. H. Philips-এর মতো নিষ্ঠুরশীল ব্যক্তিও ভুলক্রমে ৩১-এ নে বলে উল্লেখ করেছেন।—East India Company 1784-1834. (Manchester, 1961). p. 223, f.n.

৭০ ব্রজেননাথ বন্দ্যোপাধ্যায়, বাংলা সাময়িকপত্র, পৃ. ১২-১৫। Ingham ভুল করে বলেছেন এ পত্রিকা ১৮১৬ সালে প্রকাশিত হয়।—p. 103. Natarajan-ও অনুরূপ উক্তি করেছেন।—p. 26.

প্রকাশিত প্রথম পত্রিকা। আলোচ্য তিনটি, বিশেষত শেষ দুটি পত্রিকা জন্মনে যে-উত্তেজনার সঞ্চার করে, তা-ই অচিরে আরো কয়েকটি পত্রিকার জন্মকে অবশ্যজ্ঞাবী করে তোলে। রামমোহন রায়ের ব্রাহ্মণ-সেবধি (১৮২১) সম্বাদ কোমুদী (১৮২১) মীরাতুল আখবার (১৮২২) ভবানীচরণ বঙ্গোপাধ্যায়ের সমাচার চন্দ্রিকা (১৮২২) ও কৃষ্ণমোহন দাসের সম্বাদ তিমিরনাশক (১৮২৩) প্রভৃতি পত্রিকা প্রায় রুটিনমাসিক প্রকাশিত হয়। এসব প্রকাশিত পত্রিকা প্রকাশের জন্যে মুদ্রণযন্ত্রের স্থাপনও আবশ্যিক হয়ে পড়ে।^{১১} এভাবে কয়েক বছরের মধ্যেই কলকাতায় মুদ্রণ একটি বহুল প্রচলিত শিল্পকর্মে পরিণত হয়। এ কারণে এ যুগকে আমি পরিবর্তিত যুগ বলে আখ্যায়িত করেছি।

এর পরে, যদিও ব্যাপটিস্ট মিশন প্রেস, হরকরা প্রেস, ডি-রোজারিও প্রেস প্রভৃতির মতো বড়ো বড়ো ছাপাখানাগুলির মালিকানা থাকলো য়োরোপীয়দের হাতে, তবু, বলা যেতে পারে, মুদ্রণের ব্যাপারে বিদেশীদের একাধিপত্য লোপ পেলো। তার পরিবর্তে এই শিল্প দেশীয়দের মধ্যে ক্রমশ প্রসার লাভ করে। শতাব্দীর তৃতীয় দশকে দেশীয়দের পরিচালিত অনেকগুলি ছাপাখানার সন্ধান পাওয়া যায়। এগুলির মধ্যে সমাচার চন্দ্রিকা প্রেস, সম্বাদ তিমিরনাশক প্রেস, শামসুল আখবার প্রেস, বিশ্বনাথ দেবের প্রেস, বদন পালিতের প্রেস, হরচন্দ্র রায়ের প্রেস, নীলমণি হালদারের প্রেস ও মহেন্দ্রলালের প্রেস প্রধান। ১৮৫৫ সালে বাংলা গ্রন্থ মুদ্রণরত কলকাতার ছাপাখানাগুলির জরিপ করে পাদ্রি জেমস লং ৪৬ টি প্রেসের সন্ধান পান।^{১১} এই প্রেসগুলির মধ্যে শতাব্দীর মধ্যে প্রথম দিককার উল্লেখযোগ্য একটি প্রেসের নামও পাওয়া যায় না। হিন্দুস্তানী প্রেস, কম্পানির প্রেস, ফেরিস অ্যান্ড কম্পানির প্রেস—সবই ততোদিনে লুপ্ত হয়। তবে বিলুপ্তির আগে এই ছাপাখানাগুলি বঙ্গদেশে মুদ্রণ ও প্রকাশনার ইতিহাসে গৌরবজনক অবদান রেখে যায়।^{১২}

১১ Selection from the Records of the Bengal Government no. XXII (Calcutta, 1855), pp. 90-96.

১২ হয়তো প্রেসের মালিকগণ এদেশ ত্যাগ করে চলে যান এবং তাঁদের মুদ্রণযন্ত্রগুলি অন্য নামের আড়ালে কলকাতাতেই মুদ্রণকর্মে লিপ্ত থাকে।

তৃতীয় অধ্যায়

হরফ নির্মাণ ও হরফের বিবর্তন

মুদ্রণ ব্যবস্থার সঙ্গে হরফ নির্মাণের যোগাযোগ অত্যন্ত ঘনিষ্ঠ ; বস্তুত, Xylography-এর সঙ্গে আধুনিক মুদ্রণের মৌলিক পার্থক্যই টাইপের ব্যবহার নিয়ে। বঙ্গদেশে প্রথম ছাপাখানা স্থাপনের প্রসঙ্গে আমরা চার্লস উইলকিন্সের টাইপ নির্মাণের কথা সংক্ষেপে উল্লেখ করেছি। বাংলা মুদ্রণের প্রয়োজনে ওয়ারেন হেস্টিংস নিজেই উইলকিন্সকে বাংলা হরফ তৈরির জন্যে অনুরোধ জানান।^১ উইলকিন্স এক প্রস্তুত বাংলা হরফ নির্মাণের কাজ শেষ করেন ১৭৭৮ সালের গোড়ার দিকে।^২ উইলকিন্স কর্তৃক নির্মিত এই বাংলা টাইপ দীর্ঘদিন পর্যন্ত আদর্শ বলে বিবেচিত ও অনুসৃত হয়। প্রকৃত পক্ষে পথিকৃৎহিশেবে এরূপ নিখুঁত হরফ নির্মাণ করার কৃতিত্বকে অতুলনীয় বলে অভিহিত করা যায়। মনে হয়, টাইপ তৈরির কাজকে উইলকিন্স সখের বিষয় বলে গণ্য করতেন।^৩ এদেশে আসার পরে উইলকিন্স একাধিক ভাষা শিক্ষা করেন এবং বাংলা হরফের

১ এ বিষয়ে হ্যালহেড তাঁর বাকরণের ভূমিকায় লেখেন, 'The advice and even solicitation of the Governor-General prevailed upon Mr. Wilkins, ...to undertake a set of Bengal types.'

২ Kopf, p. 20.

৩ উইলকিন্সের স্ত্রীর খুশনতাত Robert B. Wray ছিলেন লন্ডনের বিখ্যাত 'printer' ও 'engraver' অসম্ভব নয় যে, টাইপ নির্মাণের প্রাথমিক শিক্ষা তিনি Wray-র কাছেই পেয়েছিলেন। Shaw অবশ্য এই সঁজাবনা অস্বীকার করেছেন।

কয়েকটি পাঞ্চ নির্মাণ করেন।^৪ ওআরেন হেষ্টিংস এ তথ্য জানতেন এবং সে জন্যেই বিশেষ করে উইলকিন্সকে দেশীয় ভাষায় হরফ প্রস্তুতের অনুরোধ জানান। বাংলা হরফ তৈরির পরে ১৭৭৯-৮০ সালে উইলকিন্স এক সাঁট নাস্তালিক হরফও নির্মাণ করেন। ১৭৮১ সালে কলকাতায় মুদ্রিত পুর্বাঙ্ক The forms of Herkern নামক গ্রন্থে এই টাইপ বর্ণিত হয়। অবশ্য তার আগে হ্যালহেডের ব্যাকরণেও দুটি স্থানে - ৭৭ ও ১২৮ পৃষ্ঠায় আরবি হরফে মোট পাঁচটি শব্দ লেখা আছে। আরো পরবর্তী সময়ে উইলকিন্স এক ফন্ট সংস্কৃত হরফও নির্মাণ করেন। তবে এ দেশ ত্যাগের পরে এ হরফ নিমিত্ত হয়। এই হরফ শেষ পর্যন্ত তাঁর সংস্কৃত ব্যাকরণে ব্যবহৃত হয়। কিন্তু তার আগেই এদেশে দেবনাগরী হরফ তৈরি হয়।

বাংলা টাইপ তৈরির ব্যাপারে একটি সত্য-মিথ্যা কাহিনী হ্যালহেডের ব্যাকরণ প্রকাশের সময় থেকে চলে আসছে। হ্যালহেড তাঁর ব্যাকরণের ভূমিকায় লেখেন, উইলেম বোল্টাস এক ফন্ট বাংলা হরফ নির্মাণের কাজে লন্ডনের বিখ্যাত শিল্পীদের নিযুক্ত করেন। কিন্তু বাংলা টাইপ তৈরির কাজ অত্যন্ত দুরাহ ও জটিল এবং ব্যয়সাপেক্ষ বলে বোল্টাসের বাংলা হরফ নির্মাণের কাজ বেশি দূর অগ্রসর হয়নি।^৫ সুকুমার সেন সম্ভবত মথেন্টি লক্ষ্য না করে, প্রথম বাংলা হরফ

৪ বঙ্গদেশে মুদ্রণের প্রবর্তন এবং বাংলা ও ফারসী হরফ নির্মাণের ঐতিহাসিক কৃতিত্ব ছাড়াও চার্লস উইলকিন্সের (১৭৪২/৫০-১৮৩৬) খ্যাতির বড়ো কারণ প্রাচ্যবিদ্যাভিষারদ হিসেবে। সংস্কৃত, বাংলা ও ফারসি ভাষায় সুপণ্ডিত উইলকিন্স ভগবদ্গীতা, হিতোপদেশ ও শকুন্তলার ইংরেজি অনুবাদ করেন ও একটি সংস্কৃত ব্যাকরণ রচনা করেন। এছাড়া ভারতবর্ষীয় ইতিহাস সম্পর্কে অনেকগুলি লেখা প্রকাশ করেন। উইলিয়াম জোনসকে উইলকিন্স এশিয়াটিক সোসাইটি স্থাপনে সহায়তা করেন। তিনি এদেশে আসেন ১৭৭০ সালে এবং প্রথমে কম্পানির মাজদাস্ত ফ্যাক্টরির সুপারিস্টেণ্টে নিযুক্ত হন। ১৮৮৬ সালে স্বাস্থ্যগত কারণে তিনি এদেশ ত্যাগ করেন। ১৮০০ সালে তিনি বিখ্যাত India House Library-র Custodian নিযুক্ত হন।

৫ তিনি কেবল ব্যঞ্জন ও স্বরধ্বনিগুলি তৈরি করিয়েছিলেন। এগুলির মান মন্দ নয়।

নির্মাণের কৃতিত্ব দিয়েছেন বোল্টসকে। এমন কি, খরচ বেশি পড়বে বলে কম্পানি বোল্টসকে উৎসাহ দিতে পারেনি—এরূপ মন্তব্যও করেছেন।^৬ সুকুমার সেনের এই উক্তি অমূলক।^৭ মনে হয় আসল ঘটনা সম্পর্কে হ্যালহেড নিজেও ভালো খবর রাখতেন না। E. N. Mores -এর A Dissertation upon English Typographical Founders (1778) নামক গ্রন্থে প্রকৃত ঘটনার ইঙ্গিত আছে। ১৭৭০ সালের দিকে বোল্টস লন্ডনের বিখ্যাত টাইপ প্রস্তুতকারক Joseph Jackson কে এক সঁাট বাংলা টাইপ তৈরির ফরমাশ দেন। কিন্তু বোল্টস হঠাৎ ইংলণ্ড ত্যাগ করায় কাজ বেশি দূর অগ্রসর হতে পারেনি।^৮ তবে জ্যাকসন কিছু সংখ্যক বাংলা হরফ নির্মাণ করেন। ১৭৭৩ সালে তাঁর ফাউন্ড্রি থেকে প্রকাশিত নিমিত্ত হরফের তালিকা মध्ये বাংলার নামও উল্লিখিত হয়।^৯ সুতরাং রীতিমতো বাংলা হরফ তৈরির কৃতিত্ব উইলিয়াম জেমসই প্রাপ্য।

৬ সুকুমার সেন, পূর্বোক্ত, পৃ. ৬।

৭ আমরা আগেই লক্ষ্য করেছি, দুর্নীতির দায়ে বোল্টস ১৭৬৬ সালে কম্পানির চাকুরি থেকে অপসারিত হন। লন্ডনে ১৭৭২ সালে কম্পানির শাসনকে তীব্র সমালোচনা করে তিনি একটি গ্রন্থ প্রকাশ করলে বিতর্ক তীব্রতর হয়। Verelst-এর জবাবের পর ১৭৭৫ সালে বোল্টস পাণ্ডা জবাব দেন। মোট কথা, সত্তর দশকে কম্পানির সঙ্গে বোল্টসের সম্পর্ক ছিলো পুরোপুরি তিক্ত। সুতরাং কম্পানি তাঁকে বাংলা হরফ নির্মাণের দায়িত্ব দেবে অথবা বেশি খরচের আশঙ্কায় নিরুৎসাহিত করবে—এর কোনটাই স্বাভাবিক বলে মনে হয় না। তবে আমরা আগেই দেখেছি, বোল্টস তাঁর হরফের নমুনা পাঠিয়ে কম্পানির অন্যতম পরিচালক উইলিয়াম জেমসকে একটি চিঠি লিখে বাংলা মূদ্রণের আবশ্যিকতা সম্পর্কে ওকালতি করছিলেন।

৮ Diehl 'Bengali types etc. p. 335.

খানের মতে, বোল্টস ইংলণ্ড ত্যাগ করেন। ১৭৭৪ সালে (পৃ. ২৬)। Mores- এর মতে, ১৭৭৩/৭৪ সালে। Diehl মনে করেন, বোল্টস ইংলণ্ড ত্যাগ করেন ভারতবর্ষে আগমনের উদ্দেশ্যে। এটি অবশ্য নিতান্ত ভ্রান্তি। বোল্টস অস্ট্রিয়ার সম্রাজ্ঞীর চাকুরি নিয়ে দ্বিতীয় বার ভারত আসেন বটে, তবে ১৭৮০ সালের আগে নয়।

৯ সবিতা চট্টোপাধ্যায়, পূর্বোক্ত, পৃ. ১৯। এই হরফের নমুনাই বোল্টস উইলিয়াম জেমসকে পাঠিয়ে ছিলেন।

হ্যামহেড যদিও বলেছেন, টাইপ তৈরির ব্যাপারে উইলকিনস একাধারে metallurgist, engraver এবং founder-এর কাজ করেন, তবু উল্লেখ করা প্রয়োজন যে, তাঁর কাজে তিনি অত্যন্ত একজন, সম্ভবত দুজন, সহকারী নিয়োগ করেন। এঁরা হলেন পঞ্চানন কর্মকার ও একজন Mr. Shepherd। পঞ্চানন যে উইলকিনসের কাছে প্রশিক্ষণ গ্রহণ করেন এবং তাঁর কাজে সহায়তা করেন, এটা স্বীকৃত সত্য। কিন্তু শেফার্ড গোড়া থেকেই আদৌ তাঁর কাজের সঙ্গে যুক্ত ছিলেন কিনা, এ বিষয়ে সন্দেহ আছে। শেফার্ডের তথ্য, প্রকৃত পক্ষে এ যাবৎ এক প্রকার অজ্ঞাতই ছিলো। এ তথ্য সম্প্রতি উদ্ঘাটিত করেন K. S. Diehl।^{১০} কলকাতা থেকে ১৮০১ খৃস্টাব্দে প্রকাশিত The East Indian Chronologist নামক গ্রন্থে শেফার্ডের নাম Diehl প্রথম খুঁজে পান। এই গ্রন্থে সংকলিত ঘটনাপঞ্জীর মধ্যে ১৭৭৮ সালের অন্তর্ভুক্ত নিম্নলিখিত তথ্য উল্লিখিত হয়েছে।

M. Wilkins, the celebrated Sanscrit Scholar, aided by an ingenious Artist by the name of Shepherd, completed under the patronage of Governor Hastings, two elegant founts of Persian and Bengalee types....^{১১}

J. B. Gilchrist-ও তাঁর A Dictionary, English and Hindoostanee গ্রন্থের ১৭৯৮ সালের ভূমিকায় এই শেফার্ডের কথা উল্লেখ করে বলেছেন—

I had the good luck to engage Mr. Shepherd, an ingenious artist, who died some ten years ago, to cast an elegant fount of Persian Types for my Dictionary.^{১২} He was the man who according to his own assertions (in his last illness to myself, and I think on his death

১০ Diehl, 'Bengali Types and their Founders', pp, 335-38. Diehl-এর পূর্বোক্ত গ্রন্থেও এ বিষয়ে উল্লেখ আছে।

১১ Diehl, পূর্বোক্ত প্রবন্ধ, পৃ. ৩৩৬-৩৭।

১২ হিন্দুস্থানী ভাষা বিষয়ে Gilchrist তাঁর গ্রন্থটির প্রকাশনা শুরু করেন ১৭৮৭ সালে। এই বছর প্রকাশিত তাঁর Cordoo Dictionary-তেই সম্ভবত শেফার্ড নিমিত্ত টাইপ ব্যবহৃত হয়।

bed) assisted Mr. Wilkins from the first, and through the whole process of founding his Bengali and Persian founts, for which that gentleman assumed or received exclusive merit, with its consequent profit and praise. The deceased heard with inexpressible pleasure and assurance, that if my book could convey his dying voice to posterity, it should not be (suppressed by) me, for any consideration whatever—I have since from enquiry in Calcutta here been more confirmed in the truth of what he declared ..(and) since writing the above, I have been given to understand that Mr. Shepherd was regularly bred at Birmingham, as a Die-sinker, and that a knowledge of this business must have been of the highest use to him in type founding. ১৩

উপর্যুক্ত মন্তব্য থেকে মনে হয়, উইলকিনসের সঙ্গে শেফার্ডের যোগাযোগ ছিলো।^{১৬} তবে এক্ষেত্রে মূমূষু শেফার্ডের উক্তিই যেহেতু একমাত্র প্রমাণ, সে কারণে এ সম্পর্ক শতকরা একশ ভাগ নিশ্চিত হওয়া যায় না। কিন্তু, তবে, এদেশে মৃদ্রণশিল্পের প্রবর্তনের প্রথম দশকে হরফ নির্মাণের সমস্যা ও সমাধান সম্পর্কে এ আলোচনা থেকে খানিকটা অনুমান করা যায়।

সেকালে টাইপ প্রস্তুত করা যে দুরূহ কাজ ছিলো এ বিষয়ে সন্দেহ নেই, সম্ভবত ইংরেজির মতো সাধারণ টাইপ সংগ্রহ করাও সহজ কাজ ছিলো না। আমরা হিকির স্প্রিংল গেজেট পত্রিকা প্রসঙ্গে লক্ষ্য করেছি, হিকিকে অন্তরীণাবদ্ধ করেও পত্রিকার প্রকাশ রুদ্ধ করা যায়নি; কিন্তু প্রেসের টাইপ কেড়ে নেওয়ার ফলে পত্রিকা বন্ধ হয়ে যায়। Kiernander হিকির প্রতিযোগী *India Gazette* পত্রিকাকে পাইপ সরবরাহ করেন, এরূপ সন্দেহবশত হিকি তাঁর বিরুদ্ধে যেভাবে বিষাদগার করেন,—তা থেকেও বোঝা যায়, টাইপ সংগ্রহ

১৩ Diehl-এর পূর্বোক্ত প্রবন্ধে উদ্ধৃত, পৃ. ৩৩৩—৩৭।

১৪ শেফার্ড সম্পর্কে সেকালের পত্রপত্রিকা থেকে কিছু বাড়তি তথ্য সংগ্রহ করেছেন গ্র্যাহাম শ। তিনি বলেছেন, উইলকিন্স হরফের ছক নির্মাণ করেন, শেফার্ড খোদাই-এর কাজ করেন এবং পঞ্চানন কর্মকার চালাই-এর কাজ করেন—এমনটা হওয়াই সম্ভব।—G. Shaw, p. 71.

করা সে যুগে শক্ত কাজ বলে গণ্য হতো। পঞ্চ, ম্যাট্রিক্স, মোল্ড, প্রভৃতি নির্মাণ করে নতুন একটি ভাষার এক ফন্ট টাইপ তৈরির কাজ যে অনেক কঠিন বলে বিবেচিত হতো, সে কথাবলাই বাহুল্য।

শ্রীরামপুর প্রেস স্থাপনের পর এদেশের হরফ তৈরির ক্ষেত্রে যুগান্তরের সৃষ্টি হয়। কিন্তু তার আগেই বেশ কয়েক ফন্ট বাংলা, নাস্তালিক ও দেবনাগরী হরফ নির্মিত হয়। হালহেতে ব্যাকরণেও বস্তুত দু'রকমের, এমন কি তিন রকমের বাংলা হরফ আছে, বলা যায়। বই-এর আগাগোড়া যে-বাংলা হরফ ব্যবহৃত হয়েছে ৫৯ পৃষ্ঠায় মুদ্রিত আলোকচিত্র থেকে দেখা যাবে যে তা সাড়ে চার থেকে পাঁচ মিলিমিটার উচ্চতাসম্পন্ন।

B E N G A L L A N G U A G E .

মর্যদা থাকিতে কেনো নাজাহো ঙ্চিয়া ?
আপন সদৃশ স্থানে ঙ্চি বৈস গিয়া ॥

এত সূনি সোমদত্ত কোপেতে জনিন ?
অগ্নির উপরে জেন হৃত ঢালি দিন ॥

সোমদত্ত বলে সেনী নাকবিস গবর্ব ?
তোয়ার মহিমা জত আষি জানি সর্ব ॥

কোন দোষে দোষী আষি কহত সত্তর ?
এত কটু ভাসা মোরে কহিস বর্ষর ॥

তোয়া হইতে নিচ কেবা আছয়ে মানুষে ?
মোর অগোচর নহে জানিয়ে বিশেষে ॥

এতেক সূনিয়া সেনী অতি ফৌধ মন ?
কোপে ডাক দিয়া বলে সূন সর্ব জন ॥

এত অহঙ্কার হইল আবে দলাঙ্গার ?
পরিন্দ্রা ছিদু নাহি চাহো আপনার ॥

ইহার ঙ্চিত ফল দিব আষি তোরে ?
এত বনি কোপে সেনী ঙ্চিন সত্তরে ॥

কিন্তু পরের পৃষ্ঠায় প্রদত্ত আলোকচিত্র থেকে দেখা যাবে, হরফ-
গুলোর চেহারা আলাদা এবং তাদের উচ্চতাও ভিন্ন। এমনকি,
হরফগুলো প্রত্যেকটি সমানও নয়। এই হরফ ব্যবহৃত হয়, দ্বিতীয়
সংশোধন পরে। আমার ধারণা, এ পৃষ্ঠাটি বিলেতে ছাপা হয় হ্যালহেডের

তত্ত্বাবধানে। এবং এতে ব্যবহৃত বাংলা হরফগুলো হ্যালহেডের হাতে লেখার অনুকরণে তৈরি বলক, বিচল টাইপ নয়। এই হরফ-গুলোর প্রত্যেকটির চেহারাও হুবহু এক নয়।^{১৫}

Errata discovered since the Bengal Grammar came to England.

Page. Line.

29.	16	for. <i>hroookaar</i>	read <i>hrooookaar</i> .
37.	2.	— <i>Mohaabaarotar</i>	— <i>Mohaabhaarotar</i> .
39.	1.	— রাজাহো.....	— রাজাহ.
—	14.	— চাহো.....	— চাহ.
48.	15.	— <i>baahgonce</i>	— <i>baaghonce</i> .
76.	14.	— <i>fign</i>	— <i>sign</i> .
77.	12.	— <i>Composions</i>	— <i>Compositions</i> .
—	last.	— <i>sherd</i>	— <i>second</i> .
85.	5.	— চানায়.....	— চানাহ.
89.	18.	— <i>was</i>	— <i>is</i> .
101.	3.	after <i>and</i>	supply <i>the</i> .
102.	7.	for. <i>poroomai</i>	read. <i>porosmi</i> .
109.	4.	— জাবে.....	— জাবি.
112.	6&7.	— <i>a river of the water of life</i>	— <i>an immortal stream</i> .
115	last.	— <i>by adding</i>	— <i>having</i> .
123.	19.	— দেইমায়.....	— দেইমাব.
133.	10.	— পরায়.....	— পরায়.
146.	20.	— <i>Maculine</i>	— <i>Maculine</i> .
166.	2.	— <i>seventh</i>	— <i>seventeenth</i> .
—	4.	— ঙনবিশতি.....	— ঙনবিশ
167.	9.	— <i>Arithmetic</i>	— <i>Arithmetic</i> .
181.	17.	— <i>'Bead-roll</i>	— <i>Rosary</i> .
197.	12.	after <i>I am not able</i>	supply <i>for</i> .
199.	11.	for <i>Khyatrees</i>	read <i>Khyatrees</i> .
—	14.	<i>The first & third words of this line must change places.</i>	
204.	7.	for <i>principal</i>	read <i>principle</i> .
205.	12.	— <i>Subordiante</i>	— <i>Subordinates</i> .

১৫ সম্প্রতি এ গ্রন্থ পরিমার্জন করতে গিয়ে গ্র্যাহাম শ-এর একটি প্রবন্ধে আমার এ অনুমানের সমর্থন পেয়েছি। প্রবন্ধের নাম, 'Printing Interest in the British Library Halted Bengali Manuscripts.'

এ গ্রন্থে ব্যবহৃত তৃতীয় শ্রেণীর হরফগুলোর দেখা মেলে গ্রন্থের প্রায় শেষে—২০৯ পৃষ্ঠায়। এখানে গ্রন্থের একমাত্র গদ্যের নিদর্শন-স্বরূপ একটি চিঠি ছাপা হয়। এই হরফগুলো মূলগ্রন্থে ব্যবহৃত হরফের তুলনায় অনেক ছোটো এবং এদের চেহারা পৃথিবী হাতের লেখার অনুলকরণ নয়, বরং পরবর্তীকালের মুদ্রিত গদ্য গ্রন্থাদির পূর্বাভাসের মতো মনে হয়। তুলনা করলে দেখা যাবে, কোনো কোনো হরফের চেহারা বেশ ভিন্ন।

BENGAL LANGUAGE.

209.

৭শ্বরায়

গরিবনেও আজ পেনামত

আমার আশিয়ারি পরগনে কাকজোন
 তাহার দুই গুয় দরিয়াশীকিন্তু হইয়াছে
 সেই দুই গুয় পয়ন্তু হইয়াছে চাকলে একবতপুরের
 শী হবেকুম চৌধুরি আজ রায় অবতদন্তু দখল করিয়া
 ভোগ করিতেছে আমি যানগুজারির পরবরাহতে
 মাঝপতিতেছি ওমেদওয়ার জে পরকার হইতে আমি
 ও এক চোপদার পরজমিনতে পছুচিয়া ভোরফেনকে
 উলব দিয়া লইয়া আদানত করিয়া হকদারের হক দেলায়া
 দেন ইতি শন ১১৮৫ শান তারিখ ১১ শ্বাবন

শিউরি
 জাওখির বায়

উইলকিন্সের হরফগুলো বিশ্লেষণ করলে, বোঝা যায়, তখনো হরফ কোনো আদর্শ রূপ নেয়নি। উইলকিন্স, বস্তুত, মনস্থির করতে পারেননি, প্রচলিত লেখন পদ্ধতির কোনটি গ্রহণ করবেন। এ ব্যাপারে হ্যালহেডও তাঁকে সুনির্দিষ্ট পথ দেখাতে পারেননি। বরং হ্যালহেড পৃষ্ঠার পর পৃষ্ঠা ব্যাখ্যা করেছেন, কিভাবে একই হরফ অথবা একই যুক্তাক্ষর কিংবা স্বরধ্বনিযুক্ত হরফ বিভিন্নভাবে লেখা যায়। দৃষ্টান্তস্বরূপ নিম্নের ভিন্ন ভিন্ন রূপের হরফগুলির উল্লেখ করা যায় :

ক্ৰ kro, stands for ক্ৰ the kirro *Pholaa*.

ক্ক kko, is ক্ৰ to blended with ক্ ক ko; its regular form is ক্ক

ক্ক koo, stands for ক্ ক ko with hroswookaar.

ক্ক ungo, is compounded of ক্ ngoo-o with ক্ go subjoined.

ক্ক oggyo, is another figure for the *Pholaa* ক্ক

ম্ম moo, is ম্ mo and ব্ wo compounded. The simple form

is ম্

শ্শ shho, for শ্শ i.e. শ্শ aano subjoined to ম্ sho.

শ্শ shoo, initial and medial, শ্শ shoo, final; two figures for শ্শ

ত্ৰ This figure stands for both ত্ৰ tto and ত্ৰ too.

ত্ৰ tto, is used for ত্

ত্ৰ hoo, stands for ত্

ক্ kro, is kro *Pholaa* subjoined to ক্ ko.

ক্ kro, stands for ক্

ক্ roo, is used instead of ক্

ক্ roo standing for ক্ দুই for দুই doo-ee স্বনন for শুনন


হ্যালহেডের আগে বোল্ট্‌স যখন টাইপ তৈরি করার ফরমাণ দেন, তখন তিনিও একই হরফের একাধিকরূপ সম্পর্কে সচেতন ছিলেন, নীচের আলোকচিত্র থেকে তা দেখা যাবে।

ক্ ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক ক্ক
 ল শ ম দ ধ ঞ প ফ ব ভ ম য ষ ল ঞ শ ষ
 ঠ ম হ্ ম

এখানে তিনি দুটি ক, দুটি ঘ, দুটি ছ, তিনটি জ, দুটি ধ, দুটি ল এবং দুটি ষ-এর নমুনা দিয়েছেন। যুক্তাক্ষর এবং/অথবা স্বরচিহ্ন যোগে এই হরফগুলি যে বিচিত্রতর রূপ ধারণ করতো, তা সহজেই অনুমান করা যায়। নিম্নের আলোকচিত্র থেকে বোলটস এবং উইলকিনসের মূল ব্যঞ্জন হরফগুলোর তুলনামূলক গুণাগুণ স্পষ্ট হয়ে ওঠে।



বোলটসের হরফ



উইলকিনসের হরফ

আলোক চিত্রটি হুই শতকের বাংলা মুদ্রণ ও প্রকাশন গ্রন্থ থেকে গৃহীত।)

BENGAL ALPHABET.

VOWELS.

অ	আ	ই	ঈ	উ	ঊ	এ	ঐ
		ai	ee	ou	oo	re	ree
য	খ	এ	ঐ	ও	ঔ	আ	আঃ
	loo	ei	i	o	oo	ang	eh

CONSONANTS.

ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ
ka	ka	gi	gha	ng	cha	chha	ja	zha	oeh
ট	ঠ	ড	ঢ	ণ	ত	থ	দ	ধ	ন
ta	tha	da	dha	anna	ta	tha	da	dha	na
প	ফ	ব	ভ	ম	য	র	ল	শ	ষ
pa	pha	ba	bha	ma	ya	ra	la	sha	sha
স	ষ	শ	হ	ঝ					
sha	sha	si	hi	zha					

CONNECTED VOWELS.

ক	কা	কি	কী	কু	কু
ka	ka	ka	ka	ka	ka
কি	কৈ	কৌ	কৌ	কং	কঃ
ka	ka	ka	ka	ka	ka

বোল্ট্‌স পরিকল্পিত হরফ ও উইলকিন্স্‌ নির্মিত হরফের মাঝামাঝি সময়ে হ্যালহেড তাঁর বিখ্যাত *A Code of Gentoo Laws* গ্রন্থে বাংলা হরফের যে নমুনা দেন, তুলনা করলে তার গুণগত মানও আমরা এ প্রসঙ্গে নির্ণয় করতে পারি। হ্যালহেডের আলোচ্য পৃষ্ঠাটি পূর্ব পৃষ্ঠায় আলোকচিত্রে দেখানো হয়েছে।

সন্দেহ নেই, শ্রীরামপুর প্রেস স্থাপনের পর এদেশে হরফ তৈরির ক্ষেত্রে যুগান্তরের সৃষ্টি হয়। কিন্তু ১৭৭৮ থেকে ১৭৯৯ সালের মধ্যেও হরফ নির্মাণ নিয়ে কম পরীক্ষানিরীক্ষা হয়নি। ১৭৮৪-১৭৮৫ সালে কম্পানির প্রেসে তিনখানা বাংলা বই মুদ্রিত হয়। তিনটিই কম্পানির আইনের বঙ্গানুবাদ এবং এদের অনুবাদক জোনাথান ডানকান। এই গ্রন্থ তিনটির একটি ইম্পে কোড-এর অংশ, মোট পৃষ্ঠা সংখ্যা ১২০। একটি দেওয়ানি আদালতের আইনের অনুবাদ, পৃষ্ঠা সংখ্যা ৪ + ৮০; এবং অন্যটি পিটস ইন্ডিয়া অ্যান্ড্‌সের অনুবাদ, পৃষ্ঠা সংখ্যা ১৪। এটি কোনো গ্রন্থের অংশ নয় এবং সে অর্থে এটিই প্রথম রীতিমতো বাংলা বই। এই গ্রন্থ দুটিতে ব্যবহৃত টাইপের উচ্চতা ৩.৫ মিলি-মিটার।^{১৬} অর্থাৎ এ হরফগুলোর আয়তন হ্যালহেডের ব্যাকরণে ব্যবহৃত দুই ধরনের হরফের কোনোটিই নয়। তবে এ ফন্টও হয়তো উইলকিন্সের তত্ত্বাবধানেই পঞ্চানন কর্মকার তৈরি করে থাকবেন। উইলকিন্স কম্পানির প্রেস ছেড়ে দিয়ে বাড়িতে চলে যান ১৭৮৩ সালের শেষে।

ক্যালকাটা গেজেট প্রকাশিত হয় ১৭৮৪ সালে। মধ্যে মধ্যেই এ পত্রিকায় বাংলা বিজ্ঞাপন মুদ্রিত হতো। প্রকৃত পক্ষে, ১৭৮৪ সালেই ২ সেপ্টেম্বর তারিখে ক্যালকাটা গেজেট এরূপ একটি বিজ্ঞাপন প্রকাশিত হয়। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তাঁর এক প্রবন্ধে এই বিজ্ঞাপনের আলোকচিত্র ছাপেন, আগেই আমরা লক্ষ্য করেছি। তাঁর মতে এই প্রেসে বাংলা ছাপার ব্যবস্থা বেশ উন্নত ছিলো। ১৭৯২ সালে উইলিআম জোনস্‌ও এই প্রেস থেকে বাংলা হরফে কালিদাসের

১৬ বরুণকুমার মুখোপাধ্যায়, 'বাংলা মুদ্রণের চারবৃগ', বাসুপ্র, পৃ. ৯১। ব্রিটিশ মুজিয়ামে এই পুস্তিকার একটি কপি আমি ব্যবহার করেছি। এই হরফ হ্যালহেডের ব্যাকরণে ব্যবহৃত হরফ থেকে ছোটো এবং আলাদা।

বাতুসংহার ছাপান। এই গ্রন্থের ছাপা দেখলে বোঝা যায়, এর হরফ-
গুলো পূর্ববর্তী বাংলা হরফের চেয়ে জিন্তর ও উন্নততর। আমরা
পরে এ বিষয়ে তুলনামূলক আলোচনা করবো। আপাতত এই
ছাপার একটি নমুনা দেখা যাক :

৭ শ্রী শ্রী কৃষ্ণায় নমঃ ॥ প্রচণ্ড সূর্য্যঃ
স্পৃহনায়ৈ চন্দ্রমাঃ সদা কাহিন্তু বাবি
সকয়ঃ । দিনাতিবায়ো ২ ভাপশাত্তম্মথে ১
নিদাঘকালঃ সমুপাগতঃ প্রিয়ে ॥ ১ ॥
নিশাঃ শশাঙ্কু কুতনীলবাহয়ঃ স্বচিহ্নিচিত্র°
অলয়ব্রহ্মদিব° । মণিপুকাবাঃ সবসক°
চন্দন° শূচৌপ্রিয়েযাবি অনস্য সেক্যতা°
॥ ২ ॥ স্ৰাস্তিত° হর্ম্যতন° মনোবম°
প্রিয়াম্থোঃ সবির্কন্নিত° মর্ষু । স্তুত্রিগী

আমরা আগেই লক্ষ্য করছি *Calcutta gazette* পত্রিকা প্রথম
দিকে কম্পানির প্রেস থেকেই মুদ্রিত হতো। পরে এ পত্রিকার ভিন্ন
প্রেস ছিলো, না কম্পানি প্রেসেই ছাপা হতো, বর্তমান প্রসঙ্গে সে
প্রেসের মীমাংসা হওয়া দরকার।

ক্যালকাটা ক্রনিকল পত্রিকায়ও ১৭৯২-৯৫ সালের মধ্যে বাংলা
বিজ্ঞাপন মাঝে মাঝে প্রকাশিত হতো।^{১৭} তা ছাড়া, এ প্রেস থেকেই

আপজন তাঁর বিখ্যাত ইঙ্গরাজি ও বাঙ্গালি বোকেবিলরি গ্রন্থ প্রকাশ করেন। এ গ্রন্থের হরফ দেখলেই বোঝা যায়, তা অন্যান্য বাংলা হরফ থেকে আলাদা। এমনকি, ত্রিভুজ ব্যক্তির তৈরি হওয়াও অসম্ভব নয়। নিম্নে নমুনাটি আপজনের অভিধান থেকে নেওয়া :

(221)

প

পূর্বপর জ্ঞানিতে	to know an old story
পূর্বক	weariness
পুরি	house and home
পুরিতে	to fill up, to stuff
পূর্ণিত	full, filled up
পূর্ণমাসি	full moon
পূর্ণহইতে	to be filled up
পুরান ডার	an intermitting fever
পুক	a bolster
পুকস	a man
পুকসঅর্গ	the penis
পুকসকার করিতে	to make a present, [bestow upon
পূসনু	sufficiently
পূসনুহইতে	to be satisfied
পুজিতে	to cleanse, wipe off

(দুই শতকের বাংলা বৃহৎ ও প্রকাশন গ্রন্থ থেকে নেওয়া)

প্রায় একই সময়ে ছাপা কৰ্ণ ওয়ালিস কোড-এ গ্রিন এক সাটের হরফ ব্যবহৃত হয়। এ থেকে বোঝা যায়, শ্রীরামপুর প্রেস স্থাপিত হওয়ার আগেই বাংলা হরফ নির্মাণ নিয়ে মোটামোটি পরীক্ষানিরীক্ষা যথেষ্ট হয়েছিলো এবং বাংলা হরফ এক ধরনের আদর্শ রূপও লাভ করেছিলো। প্রসঙ্গত জন মিলার রচিত সিক্স্যাণ্ডর বা Tutor (১৭৯৭) গ্রন্থেরও উল্লেখ করা দরকার। এই গ্রন্থের হরফগুলো অনেকটা আপজনের অভিধানের মতো, তবে ছব্বই সে হরফ নয়। হতে পারে একই ব্যক্তির তৈরি।

এ ছাড়া, উইলকিন্স নিজেই এক ফন্ট নাস্তালিক হরফ তৈরি করেন এবং এ হরফ বাংলা হরফের চেয়েও বেশি প্রশংসা অর্জন করে ও আদর্শ রূপ বলে দীর্ঘদিন পর্যন্ত বিবেচিত হয়। পূর্বোক্ত জোসেফ শেফার্ডও ১৭৮৭ সালের আগেই গিলক্রিস্টের জন্যে আর এক ফন্ট নাস্তালিক হরফ তৈরি করেন, গিলক্রিস্টের উক্তি থেকে আমরা তা আগেই জানতে পেরেছি। তা ছাড়া, ১৭৯২ সাল পর্যন্ত দেবনাগরী টাইপ নিমিত না হলেও, ১৮০০ সালের আগেই কলকাতায় দেবনাগরী হরফে মুদ্রণকার্য শুরু হয়। ১৭৯৬ সালে প্রকাশিত ক্রনিকল প্রেস থেকে ছাপা গিলক্রিস্টের *A Grammer of the Hindoostanee Language* গ্রন্থে ফারসি ও রোমান হরফ ছাড়াও দেবনাগরী হরফের ব্যবহার আছে। বলা হয়েছে, ভারতবর্ষে এই গ্রন্থেই সর্ব প্রথম দেবনাগরী হরফ ব্যবহৃত হয়।^{১৮} এই গ্রন্থের আগে ১৭৯২ সালে উইলিয়াম জোনস সম্পাদিত কালিদাসের পাতু সংহার প্রকাশিত হয়। কিন্তু লক্ষ্য করেছি সে গ্রন্থে দেবনাগরীর পরিবর্তে বাংলা হরফে মুদ্রিত হয়। ১৭৯২ সালে প্রকাশিত একটি বিজ্ঞাপনে এই গ্রন্থকে 'first book that had been printed in that (সংস্কৃত) language' বলে অভিহিত করা হয়।^{১৯} সংস্কৃত গ্রন্থ মুদ্রিত হলে বাংলা হরফে—এ থেকে অনুমান করা সম্ভব, এদেশে তখনো দেবনাগরী হরফ তৈরি হয়নি।

১৮ Priolkar, p. 62. এই হরফ কে নির্মাণ করেন তা সঠিকভাবে জানা যায়নি, তবে সম্ভবত পঞ্চানন কর্মকারই এর নির্মাতা।

১৯ W. H. Carey, p. 302.

১৮০০ খৃষ্টাব্দের আগে বঙ্গদেশে, বাংলা, ফারসি ও দেবনাগরী ব্যতীত অন্য কোন ভাষার হরফ নিমিত হয়েছে এমন প্রমাণ অনুপস্থিত। তবে এ সময়ের মধ্যে উইলকিন্স নিমিত বাংলা হরফের আরো উন্নতি হয়েছে। এই কৃতিত্ব পঞ্চানন কর্মকারের। ১৭৯৩ সালে মুদ্রিত H. P. Forster অনুদিত Cornwillis Code-এ ব্যবহৃত বাংলা হরফ সম্পর্কে Ingham যথার্থই মন্তব্য করেছেন,—‘a better fount of the type which continued to be the standard kind until the Serampore Baptists introduced improvements.’^{২০} Ingham-এর এই উক্তি অবশ্য মৌলিক কিছু নয়। তার আগে ১৩৪৪ সালে ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বলেন, পঞ্চানন কর্মকার হ্যালহেডের ব্যাকরণে ব্যবহৃত বাংলা হরফের চেয়ে উৎকৃষ্ট এক প্রস্ত বাংলা হরফ তৈরি করেন। এই হরফে কর্ণওয়ালিশ কোড মুদ্রিত হয় এবং অনেক দিন এর প্রচলন ছিলো।^{২১} মুহম্মদ সিদ্দিক খান এ বিষয়ে পরস্পরবিরোধী মন্তব্য করে থাকলেও,^{২২} হ্যালহেডের ব্যাকরণে ব্যবহৃত বাংলা হরফের সঙ্গে কর্ণওয়ালিশ কোডে ব্যবহৃত বাংলা হরফের তুলনা করলেই, পঞ্চানন কর্মকারের হরফ যে উন্নততর মানের ছিলো, এ সত্য আমরা উপনীত হতে পারি।

১৮০০ খৃষ্টাব্দের আগে বঙ্গদেশে হরফ নির্মাণের ব্যাপারে উইলকিন্স, পঞ্চানন, শেফার্ড প্রমুখের কয়েকটি সফল পরীক্ষানিরীক্ষা হয়ে থাকলেও, এ বিষয়ে কোনো সংগঠিত প্রয়াস চালানো হয়েছে বলে মনে হয় না। বলা হয়েছে ১৭৯৮ সালে পঞ্চাননের হরফ নির্মাণের কারখানাটি বিভিন্ন দেশীয় ভাষার হরফ নির্মাণের প্রাণকেন্দ্র

২০ Ingham, p. 110.

২১ ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বাংলা ছাপার হরফের জন্ম কথা, পৃ. ২।

২২ খান এক জায়গায় বলেছেন, অক্ষর নির্মাণ বিদ্যায় পঞ্চানন তাঁর ওস্তাদ উইলকিন্সকেও হার মানান, এমন যুক্তির সত্যতা সম্পর্কে সন্দেহ আছে (পৃ. ৩৯)। অন্যত্র পঞ্চাননের দক্ষতা সম্পর্কে বলেছেন, যে কোনো যুরোপীয় হরফ নির্মাতার নৈপুণ্যের সঙ্গে তাঁর তুলনা চলতে পারে (পৃ. ১২৭)। মন্তব্য দুটিকে পরস্পরবিরোধী না হতে হলে, অপেশাদার উইলকিন্সকে যুরোপীয় পেশাদার হরফ নির্মাতাদের চেয়ে বেশি দক্ষ হতে হয়।

হয়ে ওঠে।^{১৩} কিন্তু এ সময়ে কলকাতায় একটি ফাউন্ড্রি স্থাপিত হয়, এমন কোনো প্রত্যক্ষ প্রমাণ নেই। অন্যদিকে এ সময় Hon'ble Company's Press ইংলণ্ডের Fry & Figgins নামক প্রতিষ্ঠান থেকে টাইপ আমদানি করতো এমন জানা যায়। তা ছাড়া, কলকাতায় একটি চালু ফাউন্ড্রি থাকলে পরবর্তী সময়ে শ্রীরামপুরের হরফ নির্মাণ কারখানার প্রয়োজন হতো না অথবা তার ব্যবসায়িক সাফল্য এমন হতো না।

এদেশে মুদ্রণ, বিশেষত মুদ্রণের জন্যে প্রয়োজনীয় প্রাথমিক উপকরণ, হরফ নির্মাণের ক্ষেত্রে বিপ্লবের সূচনা করে শ্রীরামপুর প্রেস। প্রেস স্থাপনের অনেক আগে থেকেই বাংলা হরফ নির্মাণের বিষয়ে

২৩ খান, পৃ ৪২। এই তথ্যের উৎস কী খান তার উল্লেখ করেননি। সম্ভবত কেবির চিঠিতে 'কলকাতায় একটি ফাউন্ড্রি স্থাপিত হয়েছে'—এরূপ উক্তি থেকেই খান এমন সিদ্ধান্তে উপনীত হন। আসলে গ্রহের কোনো কোনো জায়গায় খান এরূপ ওজবের ওপর নির্ভর করায় তাঁর অন্যথায় অভ্যন্ত গুল্যবান গ্রহের নির্ভরযোগ্যতা হ্রাস পেয়েছে। দৃষ্টান্ত স্বরূপ আলোচ্য পৃষ্ঠার (৪২) পরবর্তী নন্দবোর কথাও উল্লেখ করা যায়। পঞ্চানন কোলব্রুকের চাকুরি নিয়েছিলেন এমন কোনো প্রমাণ নেই। সম্ভবত পঞ্চাননকে কোলব্রুকের আদৌ প্রয়োজন হয়েছিলো এমনও মনে হয় না। কেননা কোলব্রুক তাঁর প্রথম সংস্কৃত গ্রন্থ প্রকাশ করেন শ্রীরামপুর প্রেস থেকে ১৮০৪ সালে। তাছাড়া, কোলব্রুকের প্রয়োজন হলে তিনি অনেক আগেই কলকাতা থেকে সংস্কৃত গ্রন্থ ছাপিয়ে নিতে পারতেন। আমরা দেখেছি ১৭৯৬ সালে ক্রনিকল প্রেস থেকে মুদ্রিত গিলক্রিস্টের A Grammer of Hindoostanee Language গ্রন্থে দেবনাগরী হরফ ব্যবহৃত হয়। এবং সম্ভবত পঞ্চাননই এই হরফ নির্মাণ করেন। সুতরাং কোলব্রুক পঞ্চাননকে ব্যক্তিগত কাজে নিযুক্ত করেন, এমন মনে করা কষ্টকল্পনার মতো। সর্বোপরি, ১৭৯৮ সালে পঞ্চাননের কারখানা বিভিন্ন দেশীয় ভাষার হরফ নির্মাণের প্রাণকেন্দ্র হয়ে ওঠে,—খানের এই উক্তি সত্য হলে পঞ্চানন সেই চালু ব্যবসা ফেলে কোলব্রুকের (এমন কি কেবির) অধীনে চাকুরি নেবেন কেন, বোঝা যায় না। খানের 'বিভিন্ন দেশীয় ভাষা' কথাটিও অভ্যুক্তি। কারণ আমরা জানি, শ্রীরামপুরে ফাউন্ড্রি স্থাপনের আগে পর্যন্ত বাংলা, ফারসি ও দেবনাগরী ব্যতীত অন্য কোনো ভাষার হরফ আদৌ এদেশে তৈরি হয়নি। সুতরাং 'বিভিন্ন দেশীয় ভাষা' কথাটি অতিরঞ্জন প্রায় অর্থহীন।

কেরি বিশেষ উদ্বেগ ছিলেন, আমরা ইতিপূর্বে তা লক্ষ্য করেছি। লন্ডনের প্রখ্যাত হরফ নির্মাতা উইলিয়াম ক্যাসলনের কাছ থেকে বাংলা টাইপ তৈরি করা যায় কিনা, এ সম্পর্কেও কেরি ব্যাপটিস্ট মিশন সোসাইটির মাধ্যমে খোঁজখবর নেন। ক্যাসলনের প্রতিষ্ঠান প্রতিটি বাংলা হরফের পাঞ্চ তৈরির জন্যে এক গিনি করে দাবি করেন। এই হিসেবে প্রায় নয় শ বর্ণ বিশিষ্ট এক ফন্ট বাংলা টাইপের পাঞ্চ, ম্যাট্রিক্স ও মোল্ড নির্মাণের জন্যে প্রায় দু'হাজার পাউণ্ড লাগার কথা।^{২৪} এই ব্যয় বহন করা কেরির পক্ষে তো দূরের কথা, সোসাইটির পক্ষেও সম্ভব ছিলো না। আশা-নিরাশায় দোদুলামান কেরি শেষ পর্যন্ত ১৭৯৯ সালের শেষ দিকে কলকাতা থেকে এক ফন্ট বাংলা হরফ তৈরি করিয়ে নিতে পেরেছিলেন বলে মনে হয়। এই টাইপ সম্ভবত যথেষ্ট ছিলো না। তা ছাড়া, অপরাপর ডাযার টাইপেরও প্রয়োজন ছিলো। এই জন্যেই ১৮০০ সালের জানুয়ারি মাসে শ্রীরামপুরে প্রেস স্থাপনের অব্যবহিত পরেই— মার্চ মাসে, পঞ্চানন স্থায়ীভাবে মিশনের কাজে নিযুক্ত হন।


পঞ্চাননের সাহায্যে মিশনারিগণ অচিরেই একটি রীতিমতো ফাউন্ড্রি স্থাপন করতে সমর্থ হন।^{২৫} ১৮০৩/০৪ সালে মারা ষাড়-য়ার পূর্ব পর্যন্ত কেরির তত্ত্বাবধানে এই ফাউন্ড্রিতে কমপক্ষে এক ফন্ট বড়ো ও এক ফন্ট ছোটো বাংলা এবং এক ফন্ট দেবনাগরী হরফ পঞ্চাননের সহায়তায় নিমিত্ত হয়। দেবনাগরী হরফ নির্মাণের কাজ পঞ্চানন শেষ করেন ১৮০৩ সালের জানুয়ারি মাসে। পঞ্চাননের অপর কৃতিত্ব ওড়িয়া ডাযার হরফ নির্মাণ। তবে তিনি বোধহয় ফন্ট সম্পূর্ণ করতে পারেননি, তার আগেই তার মৃত্যু হয়।^{২৬} এই উল্লিখিত মধ্যে দেবনাগরী হরফের জন্যেই পঞ্চানন সর্বাধিক প্রসংসিত

২৪ Smith, p. 181.

২৫ সত্যনীকান্ত দাস, "বাংলা গদ্যের প্রথম যুগ (৫)", সাহিত্য পরিষৎ পত্রিকা, ১৩৪৩, প্রথম সংখ্যা, পৃ. ৬৮।

২৬ পরবর্তী আলোচনা থেকে দেখা যাবে ১৮০৪ সালে ওড়িয়া হরফ নির্মাণের কাজ চলছিলো।

হয়েছেন। ১৮০৭ সালে প্রকাশিত Memoir Relating to the Translations^{২৭} পুস্তিকায় শ্রীরামপুরের মিশনারিরা এই দেবনাগরী হরফ সম্পর্কে বলেন, প্রায় এক হাজার হরফ বিশিষ্ট এই ফন্ট ভারতবর্ষের মধ্যে সবচেয়ে সুন্দর।^{২৮} এদেশের মুদ্রণের ইতিহাসে পঞ্চাননের কৃতিত্ব কয়েক ফন্ট হরফ নির্মাণের চেয়ে অনেক বেশি। তিনি তাঁর বিদ্যা কয়েকজন সুযোগ্য শিষ্যের মধ্যে বিতরণ করে দিতে পেরেছিলেন এবং এভাবে হরফ নির্মাণের নৈপুণ্যকে তিনি বিলুপ্তির হাত থেকে রক্ষা করেন।



২৭ ১৮৩০ সাল পর্যন্ত শ্রীরামপুর মিশন দেশীয় ভাষায় বাইবেলের অনুবাদ ও মুদ্রণ সম্পর্কে দশটি Memoir প্রকাশ করেন।

২৮ Smith-এর গ্রন্থে উদ্ধৃত : পৃ. ১৮১।

শ্রীরামপুর প্রেস ১৮০০ সাল থেকে মুদ্রিত বাংলা গ্রন্থাদির হরফের বিবর্তন লক্ষণীয়। অন্তত উইলকিনসের আমলের হরফ থেকে এই হরফের গড়ন ভিন্ন ধরনের ছিলো। ১৮০১ সালে মুদ্রিত বাইবেলের অনুবাদ ধর্মপুস্তক-কে দৃষ্টান্তস্বরূপ গ্রহণ করা যায়। ধর্মপুস্তক-এর আখ্যাপত্রটি ছিলো পূর্ব পৃষ্ঠায় মুদ্রিত চিত্রটির অনুরূপ। এর ভেতরের একটি পৃষ্ঠার অংশবিশেষ এই পরিবর্তনের ধরন বুঝতে আরো সহায়তা করবে।

- ১১ আপনারদের জন্য বিন সংকল্প করিও না পৃথিবীর ওপর যে স্থানে কীট ও কল্কু থাকে এবং যেখানে চোরে সিঁদু দিয়া চুরি করে। কিন্তু আপনারদের জন্য বিন সংকল্প করিও না যে স্থানে কীট ও কল্কু না থাকে এবং যে স্থানে চোরে সিঁদু দিয়া না লইয়া যায় একারণ যে স্থানে তোমাদের বিন সে স্থানে তোমাদের অনুৎকরণ।

শিশিরকুমার দাসের মতে, উইকিনসের হরফের আদর্শ ছিলো হুগলি অঞ্চলের খুণমত মনশীর। অপর পক্ষে, শ্রীরামপুর আদর্শ হিসেবে গ্রহণ করেছিলো ফোর্ট উইলিঅাম কনেজের হাতের লেখার শিক্ষক কালীকুমার রায়কে।^{২৯} এ মন্তব্য হয়তো সত্য, কিন্তু শ্রীরামপুর প্রেসের গোড়ার দিকের হরফ বেশ কয়েক বছর কমবেশি অপরিবর্তিত ছিলো। হরফের আয়তন পরিবর্তিত হয়েছিলো, যুক্তাক্ষর নির্মাণের ক্ষেত্রে নৈপুণ্য বৃদ্ধি পাচ্ছিলো, কিন্তু হরফের আদল তেনন বদলায়নি। ধর্মপুস্তক-এর দু'বছর পরে ছাপা রামায়ণ-এর হরফ দেখলে, তা বোঝা যায়।

২৯ শিশিরকুমার দাস, পৃ. ৭৫।

হাল্মীকিকুড

3793

রামায়ণ



চতুর্থ খণ্ড।

College of St. Xavier

শ্রীরামপুরে ছাপা হইল।

১৮০৩।

বই-এর ভেতরকার পৃষ্ঠার একটি নমুনা :

৬০

ইন্দু মালা দিয়াছেন পুত্রের সন্দেশ
 সূগুঁবেরে মালা দেহ দেখুক সর্ব দেশ ।
 রত্নাথের ঠাই বালি লইয়া অনুমতি
 সূগুঁবের গলে দিল বীরে নানা জ্যোতি ।
 সূগুঁবেরে মালা দিয়া পুত্রপানে চাহে
 মরনকালে অঙ্গিদেরে পরিমিত কহে ।
 আমি যেমন বাড়াইলাম রাজগৌরবে
 সেইমত বাড়াবে তোমার যুতা সূগুঁবে ।
 অহঙ্কার না করিহ আমার কথনে
 যুতার করিহ সেবা বিবিধি বিধানে ।
 সূগুঁবের বিপক্ষিণের কথা নাই শুনি
 তাহাসভার সহিত না করিহ হানাহানি ।
 অহঙ্কার না করিহ করিহ সেবা কর্ম
 যুতার করিহ সেবা পরাপর বিম্ব ।
 এত বালি বালি রাজা ত্যজিল পরান
 রায়ের স্থানে পড়িয়া বালি গেল সূগুঁনি ।
 বিধাতা নববন্ধ কভু না হয় মগুন
 সূগুঁবাসুগৌল রাজা দেখে সর্ব জন ।

এমন কি, এর দু'বছর পরে মুদ্রিত—অর্থাৎ পঞ্চানন কর্মকারের
 মৃত্যুর পরে মুদ্রিত রাজীবলোচন মুখোপাধ্যায়ের মহারাষ্ট্র কৃষ্ণচন্দ্র
 রায়স্য চরিত্র-ও একই হরফে ছাপা। আখ্যাপত্রের অঙ্গসজ্জা পাল্টেছে

এবং উন্নততর হয়েছে নিঃসন্দেহে, কিন্তু নতুন ফন্টের হরফ সম্ভবত ব্যবহৃত হয়নি। নীচে এ গ্রন্থের আখ্যাপত্রের আলোকচিত্র দেখানো হলো :

মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য

চরিত্রং ।

ঐযুত রাজীবলোচন মুখোপাধ্যায়স্য

রচিতং ।

কৃষ্ণচন্দ্রমহারাজ ধীরনির মাজ :
 পাছার অধিকারে নবদ্বীপ সমাজ ।
 নব্ব্ব বৃত্তান্ত পুস্তক বিদ্যা পুস্তক
 কৃষ্ণচন্দ্র চরিত্র পবে কহিব বিস্তার ।

শ্রীরামপুরে জাপা হইল ।

১৮০৫ ।

উইলিয়াম কেরি-রচিত ইতিহাসমালা প্রকাশিত হয় ১৮১২ সালে ।
 শ্রীরামপুর মিশন প্রেস তখন রীতিমতো সগৌরবে কাজ করছিলো ।
 নীচের আলোচনা থেকে দেখতে পাবো, ততোদিনে শ্রীরামপুর প্রেস

থেকে অনেকগুলি দেশীয় ভাষায় গ্রন্থাদি প্রকাশিত হয়েছে এবং বাংলায়ও অনেকগুলি ফন্ট হরফ নিমিত্ত হয়েছে। কিন্তু তা সত্ত্বেও, হরফের আদল তেমন বদলে যায়নি। এথেকে যেন হয়, শ্রীরামপুর প্রেস হনি কালীকুমার রায়ের হস্তাক্ষরই অনুসরণ করেও থাকে, তা হলে তা বোধহয় পরবর্তী পর্যায়ের ঘটনা। ইতিহাসমালার একটি পৃষ্ঠা।

১৯৩

১৩৮ অষ্টত্রিংশদশিক শততম কথা।—

তঁাতী জাঁতি বড় নিবের্ষাষি হয় তাহার ইতি
হাস এই।—

শান্তিপুরে এক নিবের্ষাব তঁাতী স্ত্রী পুরুষ
মাংকে এক দিন তঁাতী হাঁটে গিয়া তিনটি কবতী
ম-মা বিনিয়া আনিয়া আপন স্ত্রীকে দিল তঁাতিনী
জিজামিল হে স্বামি আমরা দুই জন ম-মা
দুইটি কে-কয়টি মাংইবে তঁাতী কহিল আমি
হাঁটে গিয়া শূম করিয়া আনিয়াছি আমি দুইটি
মাংইব তুই একটি মাংইবি তঁাতিনী কহিল আমি
রক্তাঙ্গি করিব আমারও শূম আছে আপনই
দুইটি মাংইব এই কলে দুই জনে বিবাদ হইলে
দুই জনে পরস্পর মতা করিল যে ইহার পর যে
আগে কথা কহিবে সেই একটি মাংইবে ইহা
নির করিয়া তঁাতী কাপড় বুনিতে লাগিল ও তঁাতি

এমন কি সমাচারদর্পণ-এর ছাপাও যে খুর আনাদা, তা নয়।

সমাচার দর্পণ।

১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক
১. প্রকাশনার স্থান ও বিধায়ক	২. প্রকাশনার সময় ও বিধায়ক	৩. প্রকাশনার মূল্য ও বিধায়ক

শ্রীশ্রীপরমেশ্বরো জয়তি ।

এতদেপি বিষয়ি লোকেরা স্বকীয় ভাষার শূদ্র রূপে লিখনে ও শব্দার্থবোধে ও নানা দেশীয় বিবরণ জানে পুরি অনেক অপটু হিলেন। তাহার কারণ এই যে ন-স্কৃতে অস-স্কৃতে লোকের দিগের শূদ্র লিখন ও শব্দার্থবোধ দুর্ঘট এবং বালক কাল-বধি স্ব শিক্ষকের নিকট শূদ্র লিখন পঠনাদি হইলে ও ভৎসকার বশতঃ লোকেরা শূদ্র লিখনাদি ক্ষম হইতে পা-য়েন পূর্বে তাহা ও অত্যাঙ্গ হিল এবং বঙ্গ ভাষাতে দেশ বি-ভাগ বিবরণার্থে কোন পুস্তক ও রচিত হিল না সুতরাং এত-দেশীরে শূদ্র লিখন ও শব্দার্থবোধ ও অন্য দেশবৃত্তান্ত জানে অপটু পায় এবং জন্মিকি সদৃশ হইয়া অধিকারী কিকিহিদ্যোপার্জন দ্বারা ধনোপার্জন করিয়া কাল ক্ষেপ করিতেন।

পূর্ব পৃষ্ঠায় মুদ্রিত আলোকচিত্র থেকে দেখা যায়, পত্রিকার 'নিরোনাম—সমাচার দর্পণ' কথাটিই সম্পূর্ণ ভিন্ন আদলের, কিন্তু বাকি হরফ-সমূহ পুরোনো হরফ থেকে আলাদা ধাঁচের নয়। বস্তুত, নতুন ধরনের বাংলা হরফ প্রবর্তন করার কৃতিত্ব সম্ভবত শ্রীরামপুর মিশন প্রেসের নয়, কলকাতা ব্যাপটিস্ট মিশন প্রেসের। পূর্ব পৃষ্ঠার আলোকচিত্র থেকে এটা অনুমান করা যায়। ১৮২০ সালের দিকে পিআর্স-কর্তৃক উদ্ভাবিত এই হরফ যে যথেষ্ট মাত্রায় ভিন্ন ধরনের তা দেখলে সহজেই বোঝা যায়। তবে এ ক্ষেত্রে একবার নতুন উদ্ভি প্রচলিত হওয়ার পর শ্রীরামপুর প্রেসও পিছিয়ে থাকেনি। ১৮৩৩ সালে শ্রীরামপুর ছাপা মৃত্যুঞ্জয় বিদ্যালয়কারের প্রবোধচন্দ্রিকা-র একটি আলোকচিত্র দেখলেই, এ মন্তব্যের যথার্থ্য অনুধাবন করা যাবে।

এই হরফ আয়তনে তখনো পর্যন্ত উদ্ভাবিত বাংলা হরফসমূহের মধ্যে সবচেয়ে ছোটো ঘনবিন্যস্ত এবং সুন্দর। পরবর্তী অর্ধশতাব্দী কাল যে-সব বাংলা গ্রন্থ ও পত্রপত্রিকাসমূহ মুদ্রিত হয়, সে সবে ব্যবহৃত হরফ এর থেকে উন্নত মানের নয়। বস্তুত, বাংলা মুদ্রিত হরফের বিবর্তন এক কৌতূহলোদ্দীক বিষয়। উইলকিন্সের হাতে যার গোড়াপত্তন, কমবেশি অর্ধশতাব্দীর মধ্যেই তা ব্যাপটিস্ট মিশন প্রেসের প্রচেষ্টায় প্রায় পরিণত রূপ লাভ করে। এই কৃতিত্ব অসাধারণ।

১২৪

প্রবোধ চন্দ্রিকা।

নের প্রসিদ্ধ নাম মাউৎ মুদ্রকরান মগ এই তিন। বৃষ্টি বন-
হ্রির আশেষ অর্থাৎ জাটক করা ও পালানাদি। মৃত শয্যা
গ্রহণ। যুদ্ধ পশুহিংসাদি এই তিন। ঐহাও কোহ বলেন
এবং ধাবকের ঔরনে কুন্দকারকন্যাতে তৈলচ জাতির জন্ম
হয়। তাহার প্রসিদ্ধ নাম আন্ধু দেশে প্রসিদ্ধ তৈলচ। বৃষ্টি যুদ্ধ
এবং রাজপুত্র মণিকার বাদর তাঁবর পুণ্ডক বর্দ্ধক রজ্জকার কা-
চকার চাক্রিক চূর্ণকার কুন্দকার শৌণ্ডিক ধীবর মট শাবক শে-
খর জালিক গণক স্বর্ণকার স্বর্ণবণিক তজ্জা রজ্জক জাভীর তৈল
কার মলেগ্রহী কুড়র চর্মকার ঘটজীবি দোলাবাহী কাপালী
কুবর শবর স্বপাক রথকার কনিপুল পটুমূত্র স্থপতি শিলাকার
প্রতিমাঘটক শূঙ্গকার গণিগ্রামী বরুড় মন্দ জাতি কুণ্ডলাহ ধা-
বক পুলিন্দ স্বল্প মন্দ তৈলচ এই ঊনপঞ্চাশৎ।

এবং প্রতিলোমজ প্রকরণে প্রসিদ্ধতঃ কথিত যে কিরাত হস্তিপ
কাণ্ড ডোখেখাল এই চতুষ্টয় নক্ষত্র জাতি এবং গান্ধিকাদি তৈল
স্বপরিষ্যন্তের মধ্যে গান্ধিক কংসকার শঙ্কুকার মণিকার সুবর্ণ জী-
বিক এই পাঁচের বণিক সংজ্ঞা। এবং প্রতিলোমজ অনুলোমজ
প্রভেদে এই সকল বর্ণসঙ্কর। সংকারণ নক্ষত্র আর জাতিসঙ্করের
মধ্যে মূর্ত্তাবলিত্ত অমুষ্ঠ পারশব মাহিক্য উগ্রকরণ মৃত মালা
কার ভট্ট বৈদেহিক মাগধ গোপ ক্ষত্র কুন্তকার তন্ত্রদায় কন্ঠ
কার দাস আপোগব গান্ধিক কংসকার শঙ্কুকার দারজীবি না-
পিত মোদক তাগূলিক তৌলিক মণিকার রাজপুত্র গণক এই
ঊনপঞ্চাশৎ উক্তম। আর নৃত্রধার রজ্জক স্বর্ণকার স্বর্ণবণিক জা-
ভীর তৈলকার ধীবর শৌণ্ডিক মট শাবক শেখর জালিক কনি-
পুল পটুমূত্র স্থপতি শিলাকার প্রতিমাঘটক রথকার এই অষ্টা-
দশ মধ্যম। আর মলেগ্রহী কুড়র চণ্ডাল স্বপাক বরুড় চর্মকার
ঘটজীবি দোলাবাহী মন্দ জাতি শূঙ্গকার গণিগ্রামী পুণ্ডক
বর্দ্ধক রজ্জকার কাচকার চক্রিক চূর্ণকার কুন্দকার বাদর তাঁবর

পরের পৃষ্ঠার আমরা হরফ বিবর্তনের একটি তুলনামূলক
তালিকা দিয়েছি। তা থেকে বোঝা যাবে, সময়ের বিবর্তনের সঙ্গে
সঙ্গে বাংলা মুদ্রিত হরফ কেমন করে পাল্টে যায়।

১৭৭৮-১৭৭৯ ১৭৭৯ ১৭৮০ ১৭৮১ ১৭৮২ ১৭৮৩ ১৭৮৪ ১৭৮৫

ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
খ	খ	খ	খ	খ	খ	খ	খ
খ	খ	খ	খ	খ	খ	খ	খ
খ	খ	খ	খ	খ	খ	খ	খ
খ	খ	খ	খ	খ	খ	খ	খ
খ	খ	খ	খ	খ	খ	খ	খ
খ	খ	খ	খ	খ	খ	খ	খ
খ	খ	খ	খ	খ	খ	খ	খ

৬।

এই তালিকার প্রথম কলামে থাকছে উইলকিন্সের হরফ (১৭৭৮), দ্বিতীয় কলামে ঋতুসংহার-এর (১৭৯২) হরফ, তৃতীয় কলামে আপজনের ইংরেজি-বাংলা অভিধানের হরফ (১৭৯৩), চতুর্থ কলামে ধর্মপুস্তক-এর (১৮০১) হরফ, পঞ্চম কলামে রামায়ণ-এর (১৮০৩) হরফ, ষষ্ঠ কলামে ইতিহাসমালা-র (১৮১২) হরফ, সপ্তম কলামে পিআর্সের হরফ (আনুমানিক ১৮২০) এবং অষ্টম কলামে প্রবোধচন্দ্রিকা-র (১৮৩৩) হরফ। এর মধ্যে ঋতুসংহার-এর হরফগুলি ছাড়া অন্য হরফগুলি মূল আয়তন বিণিষ্ট।

শ্রীরামপুর মিশন প্রেসের কৃতিত্ব অবশ্য কেবল পঞ্চানন কর্মকারের প্রাপ্য নয়, অথবা এ কৃতিত্ব কেবল বাংলা ভাষার হরফকে আধুনিকীকরণেরই নয়। পঞ্চানন কর্মকারের একাধিক দেশীয় শিষ্য এবং ইংলণ্ডে শিক্ষাপ্রাপ্ত কয়েকজন ইংরেজ হরফ-নির্মাতা মিলে শ্রীরামপুর প্রেসকে অনন্যতা দান করেন। ভারতবর্ষীয় ভাষাসমূহের প্রায় প্রত্যেকটির প্রথম গ্রন্থ যে শ্রীরামপুর থেকে প্রকাশিত হয়, সে কৃতিত্ব দল হিসেবে শ্রীরামপুরের প্রেসের কর্মী সকলের। তবু এঁদের মধ্যে পঞ্চানন কর্মকার ও উইলিআম ওয়ার্ডের নাম বিশেষভাবেই উল্লেখ করতে হয়।

পঞ্চাননের শিষ্যদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য এবং বিখ্যাত তাঁর ভ্রাতৃ মনোহর কর্মকার। শ্রীরামপুর মিশনের সূচনা পর্বে পঞ্চানন কর্মকার মারা গেলেও, মনোহর কর্মকারের নেতৃত্বে অন্যান্যরা তাঁর অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করেন। বহুত পক্ষে, এঁরা প্রাচ্য দেশীয় এতোগুলি ভাষার হরফ এতো দক্ষতার সঙ্গে এবং স্বল্প সময়ের মধ্যে নির্মাণ করেন যে, ভারতবর্ষীয় ফাউন্ড্রির ইতিহাসকে আসলে মনোহর কর্মকার ও তাঁর সঙ্গীদের ইতিহাস বলে আখ্যায়িত করা যায়। আমরা তাঁদের হরফ নির্মাণের একটি সংক্ষিপ্ত কালানুক্রমিক বিবরণ দিতে চেষ্টা করবো।

১৮০৪ সালে ফোর্ট উইলিআম কলেজ কর্তৃক প্রকাশিত *Primitive Orientalis* (Vol. III) নামক গ্রন্থে সে সময়কার হরফ নির্মাণ প্রয়াসের একটি প্রতিবেদন পাওয়া যায়। এই প্রতিবেদন পঞ্চানন নিমিত দেবনাগরী হরফ তৈরির কথা উল্লেখ করে বলা হয়েছে, এই ফন্ট উন্নতমানের এবং এতে সবগুলি যুক্তাক্ষরের জন্যে হরফ নিমিত

হয়েছে। এতে আরো বলা হয়, যুক্তাক্ষরগুলি এমন কৌশলে প্রস্তুত যাতে ছাপার সময়ে হাতের লেখার মতো এক শব্দান্তর্গত হরফগুলি পরস্পর যুক্ত থাকে। আলোচ্য প্রতিবেদনে ওড়িয়া ফন্টের উল্লেখ করে বলা হয় যে, তার কাজ অনেক দূর অগ্রসর হয়েছে, ^{৩০} তিনশ হরফ বিশিষ্ট এই ওড়িয়া ফন্ট সম্পর্কে বলা প্রয়োজন যে, এই প্রথম সে ভাষার হরফ নিমিত্ত হলো। এই হরফের সাহায্যে ১৮০৭ সালে ওড়িয়া নিউ টেস্টামেন্টের মুদ্রণ আরম্ভ হয় ^{৩১} এবং ১৮১১ সালে এই মুদ্রণকার্য সমাপ্ত হয়। ^{৩২} আলোচ্য ওড়িয়া হরফগুলি ছিলো বেশ ছোটো অথচ পরিষ্কার। মিশনারিরা অনুমান করেন, এই হরফে মুদ্রিত হলে নিউ টেস্টামেন্টের আয়তন হবে ৭০০ পৃষ্ঠার মতো – তখনকার বাংলা নিউ টেস্টামেন্টের তুলনায় যা মাত্র এক চতুর্থাংশ। ^{৩৩}

১৮০৭ সালের Memoir থেকে শ্রীরামপুরের হরফ নির্মাণ প্রয়াসের আরো অগ্রগতির কথা জানা যায়। ততোদিনে দু'তিন ফন্ট বাংলা, এক ফন্ট দেবনাগরী, এক ফন্ট ওড়িয়া হরফ ছাড়াও এক ফন্ট মারাঠি হরফ প্রস্তুত হয়েছে। সেকালে মারাঠি ভাষা দেবনাগরী হরফেও লেখা হতো। কিন্তু আলোচ্য হরফ দেবনাগরী নয় – মোড়ি বলে পরিচিত এবং অধিক পরিমাণে ব্যবহৃত। ১৮০৭ সালে শ্রীরামপুর প্রেস থেকে যে মারাঠি নিউ টেস্টামেন্ট প্রকাশিত হয়, তা এই মোড়ি হরফে মুদ্রিত। ^{৩৪} এই হরফগুলি স্পষ্ট এবং ক্ষুদ্রাকৃতিবিশিষ্ট

৩০ Diehl-এর পূর্বোক্ত গ্রন্থে উদ্ধৃত; পৃ. ৯৫-৯৬।

৩১ Carey to Dr. Ryland, Serampore, January, 22, 1808, Smith-এর গ্রন্থে উদ্ধৃত; পৃ. ১৮৩।

৩২ সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে ওড়িয়া হরফ নিমিত্ত হয় ১৮৩৬ সালে।

Languages and Literatures of Modern India (Calcutta, 1962), p. 209. এটি সম্ভবত মুদ্রণের অথবা অসাবধানতাজনিত ভ্রম।

৩৩ Memoir Relating to the Translations, 1807; Smith-এর গ্রন্থে উদ্ধৃত; পৃ. ১৮২।

৩৪ ১৮০৫ সালে Carey-প্রণীত দে-মারাঠি ব্যাকরণ প্রকাশিত হয় সেটি অবশ্য দেবনাগরী হরফে মুদ্রিত হয়। এ থেকে বোঝা যায় ১৮০৫ সালের পরে এবং ১৮০৭ সালের আগে এ হরফ তৈরি হয়।

অথচ সুন্দর। মুদ্রণের আগেই মিশনারিগণ অনুমান করেন মারাঠি নিউ টেস্টামেন্টের পৃষ্ঠা সংখ্যা হবে ওড়িয়া টেস্টামেন্টের চেয়েও কম।^{৩৫}

মারাঠি হরফ ছাড়া বার্মা, তেলিঙ্গা ও কর্ণাটক, গুরুমুখী (পাঞ্জাবি) এবং চীনা ভাষার হরফ নির্মাণের পরিল্পনার কথাও এই Memoir থেকে জানা যায়। বস্তুত পক্ষে, অল্পকালের মধ্যেই যে অনেকগুলি নতুন ভাষার হরফ নির্মাণের কাজে মনোহর কর্মকার ও তাঁর সঙ্গীরা হাত দেন. ১৮০৮ সালের ২২ জানুআরি তারিখে Dr. Ryland-কে লেখা কেরির চিঠি থেকে তা বোঝা যায়।^{৩৬}

চীনা হরফ নির্মাণ শ্রীরামপুর প্রেসের সবচেয়ে উল্লেখযোগ্য কীর্তিসমূহের অন্যতম। চীনা হরফের সংখ্যা ও সূক্ষ্ম বৈশিষ্ট্য উভয়ই চীনা ভাষার হরফ নির্মাণের কাজকে দুরূহ ও জটিল করে তোলে। অকৃত পক্ষে, শ্রীরামপুর প্রেসের আগে চীনা ধাতব হরফ তৈরি হয়নি। এমন কি শ্রীরামপুরও প্রথমে ধাতব হরফ নির্মাণ না করে কাঠের হরফ তৈরি করে। বাইবেল প্রচারে উৎসাহী মিশনারীদের কাছে অসম্ভব বলে বোধহয় কিছুই ছিল না। মার্শম্যানের তত্ত্বাবধানে বারোজন দেশী কারিগর তৈতুল কাঠের উপর চীনা হরফ খোদাই করেন।^{৩৭} এই কারিগরগণ মূলত কাপড়ের ওপর নকশা মুদ্রণের কাজে পারদর্শী ছিলেন।^{৩৮} এই কাঠের হরফ দিয়ে ১৮০৯ সালে প্রকাশিত জেফ্রিয়া মার্শম্যান সম্পাদিত Works of Confucius গ্রন্থ মুদ্রিত হয়। কিন্তু কাঠের হরফ যথেষ্ট টেকসই নয় বলে ১৮১১ সালে জেফ্রিয়া মার্শম্যানের পুত্র জে. সি. মার্শম্যান চীনা ধাতব হরফ নির্মাণের কাজ শুরু করেন।^{৩৯} পরের বছর বিলেতে প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ হরফনির্মাতা John Lawson^{৪০}

৩৫ Memoir etc., Smith-এর গ্রন্থে উদ্ধৃত ; পৃ. ১৮৩।

৩৬ Smith-এর গ্রন্থে উদ্ধৃত ; পৃ. ১৮৩-৮৪।

৩৭ Potts, p. 110. Ingham-এর মতে এ কাজ করেন দুজন কারিগর ; p. 110.

৩৮ Ingham, p. 110.

৩৯ Potts, p. 110.

৪০ লনডনস্থ মিশন সোসাইটি John Lawson-কে ভারতবর্ষে পাঠান বিশেষভাবে চীনা হরফ তৈরি ও মুদ্রণের ব্যাপারে সাহায্য করার জন্যে। কম্পানির বৈধ লাইসেন্স ছাড়া তিনি এদেশে আসেন বলে ১৮১৩ সালের মার্চ মাসে সরকার তাঁকে এদেশ ছেড়ে চলে যাওয়ার আদেশ দেন।

চীনা ধাতব তৈরির কাজ হাতে নেন। বলা হয়ে থাকে, তিনি চীনা হরফের ঋণ্ট সম্পূর্ণ করেন। ক্ষুদ্রাকৃতির এবং সহজে ব্যবহারোপযোগী এই ধাতব হরফ অবশ্য কাঠের হরফের মতো অতো সুন্দর হয়নি।^{৪১}

হরফ সংক্রান্ত অগ্রগতির যথেষ্ট সংবাদ আমরা জানতে পারি ১৮১২ খৃস্টাব্দের মার্চ মাসের অগ্নিকাণ্ড^{৪২} বিষয়ক প্রতিবেদন ও কেরির চিঠি থেকে। ক্ষতিগ্রস্ত হরফের তালিকা থেকেই বোঝা যায়, তখন পর্যন্ত শ্রীরামপুর প্রেসে কতোগুলি ভাষার হরফ নিমিত হয়েছিলো। তালিকাটি নিম্নরূপ :

(কেবল প্রাচ্য ভাষাসমূহ)

১. চার কেস চীনা ধাতব হরফ
২. তেত্রিশ কেস বড়ো নাগরী
৩. বারো কেস ক্ষুদ্রাকৃতি নাগরী
৪. চৌদ্দ কেস তেলিঙ্গা
৫. ছয় কেস গুরুমুখী (পাঞ্জাবি)
৬. আট কেস মারাঠি (মোড়ি)
৭. ছয় কেস তামিল
৮. বারো কেস বাংলা
৯. আট কেস ফারসি
১০. বারো কেস বার্মা
১১. আট কেস আরবি
১২. ছয় কেস ওড়িয়া

কিন্তু, চীনা মুদ্রণ পরিণামে কম্পানির চীন দেশীয় ব্যবসাবিজ্ঞে সাহায্য করতে পারে এরূপ আশা করে, শেষ পর্যন্ত সরকার তাঁর বহিষ্কার আদেশ কার্যকর করেননি।

৪১ Potts, pp. 110-11.

৪২ ১৮১২ সালের ১১ মার্চ বিকেলে এক অগ্নিকাণ্ডের ফলে শ্রীরামপুর প্রেস দারুণ ক্ষতিগ্রস্ত হয়। ওয়ার্ড ও মার্শম্যানের উপস্থিত বুদ্ধি এবং তাঁদের সঙ্গীদের তৎপরতার ফলে প্রেসটি চরম ক্ষতির হাত থেকে রক্ষা পায়। পাঁচটি মুদ্রণযন্ত্র, বিভিন্ন ভাষার চার হাজার পাণ্ড ও অন্য বহু উপকরণ রক্ষা পায়। তবে অন্তত ৬০,০০০ টাকার ক্ষতি হয়।
দ্রষ্টব্য : Diehl-এর পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ৪৮-৫৯।

১৩. এক ফন্ট সারদা (কাস্মিরী)
 ১৪. এক ফন্ট তামিল (ইংলেণ্ড থেকে প্রেরিত)
 ১৫. চার কেস গ্রীক (বিদেশ থেকে আনীত)
 ১৬. এক কেস বড়ো গ্রীক (বিদেশ থেকে আনীত)^{৪৩}

এই তালিকা থেকে দেখা যায়, ১৮০৭ সালের পরে শ্রীরামপুর প্রেসে তেলিঙ্গা, গুরুমুখী, তামিল, বার্মা, সারদা, ফারসি ও আরবি অন্তত এই সাতটি ভাষার হরফ নিমিত্ত হয়। এগুলির মধ্যে গুরু-মুখী, বার্মা ও সাদরা হরফ এর আগে কখনো নিমিত্ত হয়নি। এতো কম সময়ের পরিধিতে এরূপ তিনটে সম্পূর্ণ নতুন এবং অন্য চারটি মোট সাতটি ভাষার হরফ নির্মাণ করার কৃতিত্বকে অসাধারণ ও ঐতিহাসিক বলে প্রশংসা করতে হয়। বিশেষ করে সারদা হরফ সম্পর্কে বলতে হয়, মনোহর কর্মকার ও তাঁর সঙ্গীদের নিমিত্ত এই হরফ কেবল এ ভাষার প্রথম হরফ নয়, পরবর্তী এক শতাব্দীর মধ্যেও এই হরফ আর দ্বিতীয় বার তৈরি হয়নি।^{৪৪}

অগ্নিকাণ্ডের ফলস্বরূপ এই সব হরফ নষ্ট হলেও^{৪৫} মিশনের কর্মীদের প্রচেষ্টায় চার হাজার পাঞ্চ রক্ষা পায়।^{৪৬} এর দরুণ অল্প-কালের মধ্যেই বিভিন্ন ভাষার ফন্টগুলি পুনরায় তৈরি করা সম্ভব হয়। অগ্নিকাণ্ডের কিঞ্চিদধিক ছ'সপ্তাহ পরে ২৫ মার্চ তারিখে কেরি Dr. Ryland-কে লেখেন, বিনষ্ট হরফ নির্মাণের কাজ পুনরায় শুরু হয়েছে। তামিল হরফ তৈরির মাধ্যমে হরফ নির্মাণের এই কাজ আরম্ভ হয়। দু'সপ্তাহের মধ্যে তামিল হরফ তৈরির কাজ শেষ হয়ে যাবে বলে কেরি তাঁর চিঠিতে আশা প্রকাশ করেন। তামিলের পরে প্রথমে ক্ষুদ্রাকৃতি ও পরে বৃহদাকৃতির দেবনাগরী হরফ নিমিত্ত হবে, কেরি সে কথাও আভাস দেন। এরপর একে একে

৪৩ 'Mothly Circular Letter', March 1812, Diehl-এর গ্রন্থে

উদ্ধৃত, প. ৫৪।

৪৪ G. A. Grierson, Linguistic Survey of India, Vol. VIII, pt. II (Reprint : Delhi, 1968), p. 238.

৪৫ হরফ গলে তরল পদার্থের মতো অনেক দূর পর্যন্ত গড়িয়ে যায়। কিছু কাল আগে শ্রীরামপুরে এই গলানো দস্তা মাটি খুঁড়ে পাওয়া গেছে।

৪৬ Diehl, পূর্বোক্ত গ্রন্থ, p. 53.

বাংলা, ওড়িয়া, গুরুমুখী, তেলিঙ্গা, সিংহলি, মারাঠা (মোড়ি), বার্মা, সারদা, আরবি, ফারসি এবং চীনা হরফ তৈরির কাজ হবে বলে তিনি উল্লেখ করেন। কেরি মনে করেন চীনা হরফ ছাড়া অন্যান্য হরফের কাজ ছ-সাত মাসের মধ্যে শেষ হয়ে যাবে; তবে চীনা হরফের কাজ শেষ করতে এক বছর লেগে যাবে।^{৪৭} বাস্তবে দেখি, হরফ নির্মাণের কাজ শেষ হতে সময় লেগেছিলো কেরির অনুমানের চেয়েও কম। মাত্র ছ'মাসে প্রাচ্য ভাষাসমূহের হরফ পুনর্নির্মাণের কাজ সমাপ্ত হয়।^{৪৮}

আমাদের আলোচ্য কালে—১৮১৭ সালের আগে—শ্রীরামপুর হরফ নির্মাণ কারখানায় অহমিয়া (১৮১৫ সালের আগে) ও কর্ণাটক এবং পরবর্তীকালে আরো কয়েকটি প্রাচ্য ভাষার হরফ তৈরি হয়। মনোহর কর্মকারের পরিচালনায় শ্রীরামপুর ফাউন্ড্রিতে মোট ১৩টি ভাষার হরফ নিমিত্ত হয়।^{৪৯}

প্রকৃত পক্ষে, নতুন নতুন ভাষার কোনো কোনো ক্ষেত্রে সর্ব প্রথম, হরফ নির্মাণ, হরফের উন্নতমান, কর্মসূচীর ব্যাপকতা—সব কিছু মিলে শ্রীরামপুরের ফাউন্ড্রির ইতিহাস বঙ্গদেশে হরফ নির্মাণের ইতিহাসের প্রধানাংশ। এই ফাউন্ড্রির অকুণ্ঠ সহায়তা ও সহযোগিতা না পেলে শ্রীরামপুর প্রেস অতোগুলি ভাষায় (অধিকাংশ ক্ষেত্রে সর্ব প্রথম) মুদ্রণের ঐতিহাসিক কৃতিত্ব সম্ভবত লাভ করতে পারতো না। আসলে, একদিকে ওয়ার্ড এবং অন্যদিকে পঞ্চানন ও মনোহর কর্মকারের একনিষ্ঠ কর্মপ্রয়াসের ফলেই শ্রীরামপুর প্রেস এরূপ খ্যাতি অর্জন করতে সমর্থ হয়। এবং শ্রীরামপুরের খ্যাতি পরোক্ষভাবে বঙ্গদেশের মুদ্রণের অগ্রগতিরই স্বাক্ষর বহন করে।

দেশীয় ভাষায় হরফ নির্মাণের ক্ষেত্রে শ্রীরামপুর ফাউন্ড্রির অবদান অসাধারণ হলেও, একমাত্র নয়। অন্য কোনো কোনো ব্যক্তি এবং প্রতিষ্ঠানও একই সময়ে হরফ নির্মাণের ব্যাপারে পরীক্ষানিরীক্ষা করেন। বিশেষ করে ফোর্ট উইলিয়াম কলেজকে কেন্দ্র করে (পাঠ্য পুস্তক রচনার প্রয়োজনেই কলেজের ভাষা বিভাগগুলিকে এ

৪৭ Smith-এর গ্রন্থে উদ্ধৃত; পৃ. ১৯৯।

৪৮ ঐ, পৃ. ২০০।

৪৯ ঐ, পৃ. ১২৯।

বিষয়ে উৎসাহিত ও বাধ্য করে) হরফ নির্মাণের যথেষ্ট চেষ্টা চলে। ১৮০৪ খৃস্টাব্দে প্রকাশিত পূর্বোক্ত Primitiae Orientalis (Vol. III) গ্রন্থের অন্তর্ভুক্ত 'Improvements in Oriental Printing' শীর্ষক একটি প্রতিবেদন থেকে এ সম্পর্কে জানা যায়। গিলক্রিস্ট-পরিচালিত হিন্দুস্তানী বিভাগ (সমরণ করিয়া দেওয়া যেতে পারে ১৮০২ সালে গিলক্রিস্ট হিন্দুস্তানী প্রেসের কার্যারম্ভ করেন) এ বিষয়ে জানায় : উইলকিন্স নিম্নিত নাস্তালিক হরফ এতো সুন্দর ও নিখুঁত যে, তার সংস্কার করা প্রায় দুঃসাধ্য ব্যাপার। তবু পাঠোদ্ধারের সুবিধে এবং নিশ্চয়তা বিধানের নিমিত্তে এই হরফের কিছু সংস্কার করা হয়েছে। এগুলি হলো : ১. আলিফ, ওয়া ও ইয়া হরফগুলির বিবিধ উচ্চারণের পার্থক্য স্পষ্ট করার ব্যবস্থা নেওয়া হয়েছে, এবং ২. ফারসি বর্ণের সঙ্গে অতিরিক্ত চিহ্নাদি ব্যবহার করে এমন কয়েকটি হরফ প্রস্তুত করা হয়েছে যার সাহায্যে ফারসি ভাষায় নেই এমন কয়েকটি নাগরী ধ্বনি প্রকাশ করা যাবে। নাগরী বর্ণমালা সম্পর্কে বলা হয়, অতিরিক্ত চিহ্নাদি ব্যবহার করে এমন কয়েকটি হরফ তৈরি করা হয়েছে যার সাহায্যে আরবি-ফারসির সেই সব ধ্বনি প্রকাশ করা যাবে যার অনুরূপ ধ্বনি নাগরীতে নেই। রোমান বর্ণমালা সম্পর্কে বলা হয়, অতিরিক্ত চিহ্নাদির সাহায্যে নতুন হরফ নির্মাণ করে আরবি, ফারসি ও নাগরী ভাষার সব ধ্বনি প্রকাশ করার উপযোগী ফন্ট তৈরি হয়েছে। প্রতিবেদনে বলা হয়, এ সমস্ত সংস্কারের পরিকল্পনা করেন গিলক্রিস্ট স্বয়ং।^{৫০}

আরবি-ফারসি বিভাগের প্রতিবেদনে বলা হয়, ফারসি লিপি-শিক্ষক (Writing master) কুল্‌ব আলীর তত্ত্বাবধানে আরবি-ফারসি বিভাগের দেশীয় মুন্শি নিজেদের ব্যয়ে এক ফন্ট উন্নতমানের নাস্তালিক হরফ তৈরি করেছেন।^{৫১}

শ্রীরামপুর প্রেসের হরফ নির্মাণ প্রয়াস সম্পর্কে আলোচনা প্রসঙ্গে আমরা আগেই লক্ষ্য করেছি, কলেজের বাংলা ও মারাঠি বিভাগ কেরির নেতৃত্বে হরফ নির্মাণের ব্যাপারে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

৫০ Diehl-উদ্ধৃত, প. ৯৫।

৫১ ঐ, প. ৯৬।

হরফ নিয়ে এই পরীক্ষানিরীক্ষা এবং উৎসাহ ফোর্ট উইলিয়াম কলেজে আরো কতো কাল চলেছিলো, তার বিস্তৃত বিবরণ এরপরে এমনভাবে আর প্রকাশিত হয়নি। প্রকৃত পক্ষে ১৮০৪ সালের পরে Primitiae Orientalis-এর প্রকাশই বন্ধ হয়ে যায়। তবে অনুমান করা সম্ভব, শ্রীরামপুর প্রেস সংলগ্ন ফাউন্ড্রি বিশেষ উন্নতি লাভের পরে কলকাতায় হরফ নির্মাণের প্রয়াস অর্থহীন হয়ে পড়ে। বস্তুত পক্ষে, ১৮১৭ সালের আগে ব্যবসায়িক ভিত্তিতে কোনো বড়ো ফাউন্ড্রি গড়ে উঠেছে এমন কোনো নির্ভরযোগ্য প্রমাণ পাওয়া যায় না। ১৮১৭ সালে কেরির ভ্রাতৃপুত্র Eustace Carey, William Yates, W. H. Pearce এবং John Lawson-এর নেতৃত্বে কলকাতায় ব্যাপটিস্ট মিশন প্রেস স্থাপন করেন। ১৮২৮ সালে এই প্রেস পরিদর্শনের পরে William Adam মন্তব্য করেন যে, এই প্রেসে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে উন্নত মানের মুদ্রণ সম্পন্ন হয় এবং মিশনের বায়ের অর্ধেকেরও বেশি এই প্রতিষ্ঠানই বহন করে।^{৫২} নিজেদের প্রয়োজনে এবং অপরের কাছে হরফ বিক্রয়ের জন্যে এই প্রেস একটি বড়ো ফাউন্ড্রি গড়ে তোলেন। এইটিই সম্ভবত কলকাতার প্রথম বৃহৎ ফাউন্ড্রি।

বায় সম্পর্কে আভাস না দিলে এদেশের হরফ নির্মাণ বিষয়ক এ আলোচনা সম্পূর্ণ হবে না। আগেই উল্লিখিত হয়েছে, প্রতিটি বাংলা হরফের কেবল পাঞ্চ তৈরির জন্যেই ক্যামেলনের বিখ্যাত ফাউন্ড্রি এক গিনি বা প্রায় আট টাকা দাবি করেন। এই হারে পাঞ্চ, ম্যাট্রিক্স, মৌল্ড্ ইত্যাদি সহ এক ফন্ট বাংলা হরফ তৈরি করার জন্যে অন্তত দেড় হাজার পাউণ্ড লাগার কথা। কিন্তু পঞ্চানন ও মনোহর কর্মকার অনেক কম বায়ে এই হরফ তৈরি করে দেন। প্রতিটি পাঞ্চের জন্যে পঞ্চানন আট টাকার পরিবর্তে মাত্র পাঁচ সিকে দাবি করেন।^{৫৩} এই হিসেবে এক ফন্ট দেবনাগরী হরফের জন্যে (এক হাজার বর্ণ বিশিষ্ট) সর্ব সাকুল্যে ১৫০০ টাকা^{৫৪} এবং তিনশ বর্ণ বিশিষ্ট ওড়িয়া ফন্টের জন্যে ১০০০ টাকা^{৫৫} ব্যয় হয়। অন্যান্য

৫২ Potts এর গ্রন্থে উদ্ধৃত, পৃ. ১১২।

৫৩ M. S. Khan, 'Felix Carey etc', p. 251.

৫৪ Smith, p. 181.

৫৫ J. C. Marshman-এর মতে, লন্ডনের Fry & Figgins তখন এক

প্রাচ্য দেশীয় ভাষার হরফ নির্মাণেও কম বেশি অনুরূপ ব্যয় হয়।^{৫৬} ১৮০৩ সালের ১৪ ডিসেম্বর Dr. Ryland-কে লেখা কেরির চিঠি থেকে জানা যায়, তখন হরফ তৈরির জন্যে প্রতি মাসে ৭০০ টাকা ব্যয় হচ্ছিলো।^{৫৭} কিন্তু এ সত্ত্বেও এই ব্যয়, লন্ডনে হরফ তৈরির তুলনায় অনেক কম। আমরা লক্ষ্য করেছি অগ্নিকাণ্ডের পূর্ব পর্যন্ত শ্রী-রামপুরে প্রাচ্য ভাষাসমূহের অন্তত চার হাজার পাঞ্চ নিমিত্ত হয়। চীনা হরফের তখনো পর্যন্ত পাঞ্চ নিমিত্ত হয়নি—হরফগুলি ছিলো কাঠে খোদাই করা। এই চার হাজার পাঞ্চের জন্যে পঞ্চানন, মনোহর ও তাঁদের সঙ্গীদের মোটামুটি পাঁচ হাজার টাকা পাওয়ার কথা, অপর পক্ষে এক গিনি হিসেবে এই পাঞ্চ নির্মাণের মজুরি বাবদ ক্যাসলনের নেওয়ার কথা বত্রিশ হাজার টাকা। অর্থাৎ শ্রীরামপুরে ফাউন্ড্রি স্থাপন করে মিশনারিরা একমাত্র পাঞ্চ বাবদ সাতাশ হাজার টাকা বাঁচাতে সক্ষম হন।^{৫৮} ম্যাট্রিক্‌স্ ও মৌল্ড বাবদ আরো অনেক সহস্র টাকা সঞ্চা পায়, তা বলাই বাহুল্য।^{৫৯} ইংলণ্ড ও এদেশে হরফ তৈরির জন্যে যে ব্যয় হতো তার তুলনামূলক হিসেব থেকে আমরা এ কথাই বলতে পারি যে, বঙ্গদেশে হরফ তৈরির সেই প্রথম যুগে হরফ নির্মাণের ব্যয় ছিলো নিতান্ত নগণ্য।

ফন্ট দেবনাগরী হরফ তৈরি করতে অন্তত ১৪০০ পাউণ্ড দাবি করতো।
Smith, p. 182.

৫৬ Memoir Relating to the Translations, Smith-এর গ্রন্থে উদ্ধৃত, পৃ. ১৮১-৮২।

৫৭ Smith-এর গ্রন্থে উদ্ধৃত, পৃ. ১৮০।

৫৮ J. C. Marshman তাঁর Life and Times of Carey, Marshman and Ward গ্রন্থে হরফ নির্মাণের খরচ সম্পর্কে বলেছেন, ১৮০৭ সালে (কেরির চিঠি অনুসারে ১৮০৬ সালে) ইংলণ্ড থেকে যে এক ফন্ট কারসি হরফ পাঠানো হয়, তার দাম পাঁচশ পাউণ্ড। মিশন তিলিঙ্গা হরফের এক ফন্ট টাইপ কিনতে চাইলে Fry & Figgins ৪০৭টি হরফের একমাত্র ম্যাট্রিক্‌সের জন্যে (পাঞ্চ Fry & Figgins রেবে দেওয়ার চুক্তিতে) ৬৪১ পাউণ্ড দাবি করে। এই খরচের সঙ্গে মিশনে টাইপ তৈরির ব্যয় তুলিত হলে সঞ্চিত অর্থ সম্পর্কে ধারণা করা যায়।

৫৯ পাঞ্চ তৈরি টাইপ নির্মাণের বড়ো অংশ, কিন্তু মৌল্ড ও ম্যাট্রিক্‌স্ তৈরি করা নিতান্ত কম ব্যয় সাপেক্ষ নয়।

কাগজ তৈরি

মুদ্রণের ইতিহাসে কাগজ একটি বিশেষ গুরুত্বপূর্ণ উপাদান রূপে বিবেচিত হয়। বঙ্গদেশে মুদ্রণের প্রথম যুগে কাগজের অভাব কম সমস্যার সৃষ্টি করেনি। বহু শতাব্দী ব্যাপী এদেশে কাগজ তৈরি হয়েছে সত্য, তবে যন্ত্রের অভাবে কাগজের গুণগত মান যথেষ্ট উন্নত হয়নি। এ সময়কার কাগজ, না ভালো ছাপার উপযোগী ছিলো, না টেকসই ছিলো। বিশেষত বর্ষাকালে এই কাগজ পোকায় খেয়ে ফেলতো। তখনকার দেশী কাগজের মধ্যে অপেক্ষাকৃত উন্নত মানের পাটনা-কাগজে মুদ্রিত কেরির নিউ টেস্টামেন্ট দেখে Smith তার সম্পর্কে মন্তব্য করেছেন— 'a dingy, porous, rough substance...' বলে।^{৬০} অপর পক্ষে, তখন বিদেশী কাগজের দাম যেমন চড়া ছিলো, তেমনি তার সরবরাহও ছিলো নিতান্ত অনিয়মিত। কলকাতায় মুদ্রণ আরম্ভ হওয়ার পরে প্রধানত বিদেশী কাগজই ব্যবহৃত হতো। কম ব্যয়ে ছাপতে চাইলে পাটনা কাগজ ব্যবহৃত হতো।

কাগজের এই অভাব দূর করার ব্যাপারে শ্রীরামপুর মিশন হরফ নির্মাণের মতোই, পথিকৃতির ভূমিকা গ্রহণ করে। কাগজের ব্যাপারে তাঁদের দৃষ্টিভঙ্গি ছিলো প্রধানত দুটি কারণে; এক, কম খরচে বাইবেল মুদ্রিত হলে বেশি সংখ্যক বিতরণ করা যাবে, এবং দুই, কাগজের সরবরাহ নিয়মিত হলে মুদ্রণকর্ম অব্যাহতভাবে চলতে পারবে।

১৮০৪ সালের সেপ্টেম্বর মাসে শ্রীরামপুরের মিশনারিগণ লন্ডনের সোসাইটিকে কাগজ তৈরির কৌশল জানা একজন মিশনারি পাঠানোর অনুরোধ জানান।^{৬১} কিন্তু, কোনো অভিজ্ঞ মিশনারিকে পাঠানো তখন সম্ভব নয় জেনে, শ্রীরামপুরের একজন মিশনারি— Joshua Rowe^{৬২} এই বিদ্যা আয়ত্ত করেন এবং শেষ পর্যন্ত ১৮০৯

৬০ Smith, p. 182.

৬১ লন্ডনস্থ সোসাইটিকে লেখা কেরি ও অন্যান্যের চিঠি, ২৫ সেপ্টেম্বর ১৮০৪, Potts-এর গৃহে উদ্ধৃত, পৃ. ৩১১।

৬২ Joshua Rowe শ্রীরামপুর মিশনে যোগদান করেন ১৮০৩ সালে। ১৮২৩ সালে মৃত্যুর পূর্বে পর্যন্ত তিনি এ মিশনের সঙ্গে সংযুক্ত ছিলেন।

সালে তাঁর তত্ত্বাবধানে কাগজ তৈরি শুরু হয়।^{৬৩} দু' বছরের মধ্যে রো বই বাঁধানোর জন্যে বোর্ড তৈরির আশাও প্রকাশ করেন।^{৬৪}

প্রথম দিকে শ্রীরামপুরে কাগজ tread-mill পদ্ধতিতে তৈরি হতো। এর জন্যে চল্লিশ জন শ্রমিকের আবশ্যক হতো।^{৬৫} একবার একজন শ্রমিক দুর্ঘটনায় নিহত হওয়ার পর ১৮২০ সালে কাগজ তৈরির জন্যে একটি স্টীম ইঞ্জিন স্থাপিত হয়। Smith যদিও দাবি করেছেন, 'this (steam engine) was the first even erected in India'^{৬৬} তবুও এ দাবি যথার্থ নয়। ১৮০৯ সাল থেকেই ইস্ট ইন্ডিয়া কম্পানির Military Department এদেশে একটি স্টীম ইঞ্জিন ব্যবহার করছিলেন।^{৬৭}

শ্রীরামপুরে প্রস্তুত কাগজের মান সম্পর্কে Smith বলেছেন, এ ছিলো দেশী ও বিদেশী কাগজের মাঝামাঝি।^{৬৮} নিজেদের কাগজ সম্পর্কে মিশনারিগণ ১৮২০ সালে প্রকাশিত সপ্তম Memoir Relating to the Translations-এ বলেছেন, বারো বছরের প্রযত্নের ফলে তাঁরা দেশীয় কাগজের চেয়ে 'firmer texture'-বিশিষ্ট 'durable' কাগজ তৈরি করতে সক্ষম হয়েছেন।^{৬৯} কিন্তু উইলিয়াম অ্যাডাম ১৮২৪ সালে শ্রীরামপুরের উন্নতমানের মুদ্রণ ও নিকৃষ্টমানের কাগজ সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বলেন, নিম্ন শ্রেণীর কাগজে অমন সুন্দর মুদ্রণ বেমানান।^{৭০} ১৮৩১ সালে ব্রিটিশ পার্লামেন্টের একটি সিলেক্ট কমিটির সামনে সাক্ষ্য দিতে গিয়ে একজন এই কাগজের মান সম্পর্কে বলেন—'very coarse, indifferent and inferior'।^{৭১}

৬৩ Potts, p. 111. Diehl-এর মতে কাগজ তৈরি হয় উইলিয়াম ওয়ার্ডের তত্ত্বাবধানে।—?. 60. এ উক্তি বোধ হয় অস্বাভাবিক নয়।

৬৪ John Sutcliff-কে লেখা Rowe-এর চিঠি, Serampore, 9 Jan, 1811. Potts-এর গ্রন্থে উল্লিখিত; পৃ. ১১১।

৬৫ Smith, p. 183.

৬৬ Ibid.

৬৭ Potts, 112.

৬৮ Smith, p. 183.

৬৯ Diehl-এর পূর্বোক্ত গ্রন্থে উদ্ধৃত; পৃ. ৫৯-৬০।

৭০ Potts-এর গ্রন্থে উদ্ধৃত; পৃ. ১১১।

৭১ Peter Gordon-এর সাক্ষ্য, Potts-এর গ্রন্থে উদ্ধৃত, পৃ. ১১১।

পরস্পরবিরোধী এই দু'ধরনের মন্তব্য থেকে এটা অন্তত বোঝা যায় যে, শ্রীরামপুরের কাগজ দেশী কাগজের তুলনায় উন্নতমানের হলেও বিদেশী কাগজের তুলনায় নিকৃষ্ট মানের ছিলো। প্রকৃত পক্ষে, বর্ণ ও মসৃণতার দিক দিয়ে এ কাগজ বিদেশী কাগজের তুলনায় যথেষ্ট নিম্নমানের ছিলো। দেড় শতাধিক বছর পরে শ্রীরামপুরের গ্রন্থাদি দেখে আমরা এই কাগজ সম্পর্কে অন্তত এ কথা প্রশংসার সঙ্গে বলতে পারি যে, এ কাগজ বেশ টেকসই।

শ্রীরামপুরের কাগজ সম্পর্কে আর একটি প্রশংসার বিষয় — এ কাগজ সহজে পোকায় কাটতো না। পোকায় উপদ্রব থেকে রক্ষা পাওয়ার জন্যে এ সময়ে কাগজে এক ধরনের Trisulphide of arsenic মেশানো হতো।^{৭২} এই রাসায়নিক সংমিশ্রণের ফলে কাগজ ক্রমশ হ্রাস হতে যেতো কিন্তু ১৮১১ সালের শেষ দিকে এই বিবর্ণতা দূর করার উপায় মিশনারিরা উদ্ভাবন করেন।^{৭৩} বস্তুত পক্ষে, কাগজ সম্পর্কিত শ্রীরামপুরের পরীক্ষানিরীক্ষার প্রশংসা না করে পারা যায় না। এ বিষয়ে তাঁরা পশ্চিমবঙ্গের মর্ষাদাও দাবি করতে পারেন। সেকালে এদেশে ব্যাপক হারে উন্নতমানের কাগজ প্রস্তুতের এমন প্রচেষ্টা অন্য কোনো ব্যক্তি বা সংস্থা করেন, এমন জানা যায় না।

প্রকৃত পক্ষে, হরফ নির্মাণ করে, কাগজ ও ছাপার কালি তৈরি করে মুদ্রণ কর্মকে সুলভ ও সফল করে তোলার জন্যে মিশনারিদের প্রয়াস ঐতিহাসিক ও সর্বব্যাপী। মুদ্রণের সঙ্গে যুক্ত প্রত্যেকটি শাখায় তাঁরা অতুলনীয় কৃতিত্ব রেখে গেছেন। তাঁদের এই সেবা ও সাফল্যের পটভূমিতেই ১৮১৭ সালের পরবর্তী সময়ে বাংলাদেশে মুদ্রণকর্ম বহুলভাবে প্রচার লাভ করে এবং সাধারণ মানুষের নাগালের মধ্যে আসে।

৭২ Diehl, Early Indian Imprints, p. 61. , Smith, p. 183.

৭৩ Potts. p. 111.

প্রথম যুগের মুদ্রিত গ্রন্থে বাংলা বানান

এখন বাংলা বানান মোটামুটি একটা আদর্শ রূপলাভ করেছে। অদ্ভুত তৎসম শব্দের বেলায় বানান কী হবে, সে বিষয়ে পণ্ডিতগণ একমত। উদ্ভব শব্দের বেলায় খানিকটা স্বাধীনতা লেখকরা নিতে পারেন বটে, কিন্তু তা-ও সীমিত সাধারণত হ্রস্ব ও দীর্ঘ ই ও উ-কারের বেলায় এবং ‘কান’, ‘চুন’ ইত্যাদি শব্দে মূর্ধন্য ‘ণ’ স্থানে দন্ত্য ‘ন’ ব্যবহার করার ক্ষেত্রে। দেশী শব্দের বানানও এখন মোটামুটি আদর্শ রূপ পেয়েছে। প্রধান পরীক্ষানিরীক্ষার ক্ষেত্র এখন বিদেশী শব্দের বানান নিয়ে। বিদেশী শব্দকে বিদেশী শব্দের মূল উচ্চারণে লেখার প্রবণতা সচেতন লেখকদের মধ্যে এখন তুলনামূলকভাবে বেশী। ফলে কেবল স্বর-চিহ্ন ব্যবহারের বেলাতেই নয়, ‘শ’ ও ‘স’ ব্যবহারের ক্ষেত্রেও লেখকে লেখকে নানা প্রভেদ লক্ষ্যযোগ্য। বাংলা-ভাষায় যে ইংরেজি ‘Z’ বা ‘z’ ধ্বনি দুটির কোনো হরফ নেই এ নিয়ে বহু উচ্চারণ-সচেতন লেখকই বিব্রত। সন্তোষ বুদ্ধদেব বসুই প্রথম বর্গীয় ‘জ’-এর নীচে পুটুলি বসিয়ে ‘Z’-এর সমধ্বনিত্বাপক একটি নতুন হরফ ব্যবহার করেন (পরশুরাম ‘Z’-এর পর আকার দিয়ে ‘Z’-মতি লিখেছিলেন।) কিন্তু বাংলাদেশের আরবি-জানা ও উচ্চারণ-সচেতন লেখকেরা অনেকে ‘য’ দিয়ে ‘Z’-এর কাজ সারতে চাচ্ছেন। যদিও সংস্কৃত-জানা ব্যক্তিররা এর সঙ্গে একমত হবেন না, কারণ তাঁরা জানেন, ‘য’-এর সংস্কৃত উচ্চারণ ‘Z’ নয় ‘Y’-এর মতো। বাই হোক, এখন উচ্চারণ এবং ব্যুৎপত্তি সম্পর্কে লেখকরা এতোটা সচেতন হলেও, হ্যালহেড যখন তাঁর ব্যাকরণে বাংলা বানান লেখেন, তখন বাংলা বানানের আদর্শ পদ্ধতি গড়ে ওঠেনি। সেকালের পুথির বানান সম্পর্কেও একই কথা খাটে।

হ্যালহেড সংস্কৃত খানিকটা শিখেছিলেন এবং ব্যাকরণ রচনার সময়ে অবশ্যই সংস্কৃত পণ্ডিতগণের মতামত গ্রহণ করেছিলেন। অনুমান করি, তাঁরা এই বানান অনুমোদন করেছিলেন। এ অনুমানের কারণ পরবর্তী কালে ফোর্ট উইলিআম কলেজের বাংলাভাষার পণ্ডিতগণও তৎসম বহু শব্দের সেকালে প্রচলিত ‘আদর্শ’ রূপ ব্যবহার করেছিলেন। এমন কি, রামমোহন রায়ও।

হ্যালহেডের কিছু বানান, পরের পৃষ্ঠায় উদ্ধৃত করছি যা এযুগের পাঠকদের কাছে অদ্ভুত ঠেকবে।

অতয়েব	দ্রোন	মাতা (মাথা)
অবস্য	নৌতুন	মিন (মীন)
আড়্যা (এঁড়ে)	পরসু	মিষামিষি
আকাষ	পরপর	মৃত (মৃত)
আস্বাষ	পসুপতি	মেয়্যা (মেঘে)
উনিশা	পাসণ্ড	ষাউক
কারন	পুঁইতিশ	যুধিতিটির
কাসীরাম	পুন্যবান	রজনি
খেয়ুড় (খেউড়)	পৃথিবি	রন
গুন	প্রকাশ	রামায়ন
ছত্রিশ	গ্রান	রূপ
জখন	প্রবেসিল	ষোলত্রি
জত	বঙ্গালিকা	সকতি
জা	বরিসন	সত
জাহার	বর্ধন	সত্তর
জ্জমত	বাউ (বায়ু)	সত্ত
ডেড়	বিচ্ছাত (বিখ্যাত)	সংগপুরি
তভু	বিসয় আসয়	সান্তিপুর
তরাতরি	বিশত্রি	সিখর
তেত্রিশ	ব্যাল্লিশ	সুনি
দুশ্বাসন	ভাসা (ষা)	স্মরন
দুস্ক	ডুসন	হাথ
দেইতিছি	ভুবন	

